


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৮ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 29 March 2022 ■ আগরতলা ২৯ মার্চ, ২০২২ ইং ■ ১৫ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ, মঙ্গলবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

## কালবৈশাখীর তুফানে বসতঘর তছনছ, লন্ডভন্ড বিদ্যুৎ পরিষেবা, জাতীয় সড়কে যান চলাচল স্তব্ধ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা/তেলিয়ামুড়া/কল্যাণপুর, ২৮ মার্চ।।** কালবৈশাখীর ঝড়বৃষ্টিতে রাজ্যের বিভিন্ন এলাকায় জনজীবন ব্যাহত হয়েছে। গত দুদিন ধরে রাজ্যের বিভিন্ন জায়গায় বৃষ্টি ও ঝড় বইছে। তাতে বেশ কিছু বাড়ির বসতঘর তছনছ হয়ে গিয়েছে। বিদ্যুৎ পরিষেবাও মারাত্মকভাবে ব্যাহত হয়েছে। এদিকে বৃষ্টিতে জাতীয় সড়কে যান চলাচল ব্যাহত হয়েছে। জাতীয় সড়কের সংস্কার কাজের ফলে এমনিতেই বিপজ্জনক অবস্থায় রয়েছে। তারউপর বৃষ্টিতে জলকাদা হয়ে যান চলাচল স্তব্ধ হয়ে যায়।

মোহনপুরের মোহনপুর গ্রাম পঞ্চায়েত সহ পার্শ্ববর্তী এলাকা গুলোতে রবিবার ভোর রাতে এবং সোমবার সকালে কালবৈশাখীর ঝড় আছড়ে পড়ে। তাতে এলাকায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। কালবৈশাখীর তাণ্ডব মোহনপুর এলাকার নির্মল বিশ্বাস এবং স্বপন




আঠারমুড়ায় জাতীয় সড়কে যান চলাচল স্তব্ধ হয়ে আটকে রয়েছে শত শত গাড়ি। ছবি নিজস্ব।

সূত্রধরের দুটি বসতঘর সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়া এলাকার আরো বেশ কিছু বাড়িঘর কালবৈশাখীর ঝড়ে ক্ষতিগ্রস্ত হয়েছে। এলাকার বিদ্যুতের খুঁটি উপরে পড়েছে এবং বিদ্যুতের তার ছিঁড়ে পড়েছে। স্বাভাবিক কারণেই বিস্তীর্ণ এলাকাজুড়ে বিদ্যুৎ নেই। অন্ধকারে ঢেকে রয়েছে বিস্তীর্ণ এলাকা।

অবশ্য বিদ্যুৎ নিগমের কর্মীরা পরিস্থিতি সামাল দিতে যুদ্ধকালীন পরিস্থিতিতে সারাইয়ের কাজ শুরু করেছেন। স্থানীয় সূত্রে আরো জানা গেছে কালবৈশাখীর ঝড়ে বহু গাছ এবং ডালপালা ভেঙ্গে পড়েছে। তাতে এলাকায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। অবশ্য কালবৈশাখীর ঝড়ে এলাকায় প্রাণহানির কোন খবর নেই। মোহনপুরের মনিপুর সহ পার্শবর্তী এলাকা গুলিতে কালবৈশাখীর ঝড় আছড়ে পড়ার খবর পেয়ে প্রশাসনের কর্মকর্তারা সোমবার সকালে এলাকায় ছুটে যান।

তারা এলাকার বিভিন্ন বাড়িঘর পরিদর্শন করে ক্ষয়ক্ষতি নিরূপণের কাজ শুরু করেছেন। প্রশাসনের তরফ থেকে ক্ষতিগ্রস্ত প্রতিটি পরিবারকে আপৎকালীন আর্থিক সাহায্য প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে বলে জানা গেছে। এদিকে গতকাল খোয়াই এবং ধলাই জেলাতেও কালবৈশাখী ঝড়ে ব্যাপক ক্ষয়ক্ষতির খবর মিলেছে। রাজ্যের অন্যান্য স্থানগুলোতেও আংশিক কালবৈশাখী ঝড় আসছে পড়ার ☞ ৬ এর পাতায় দেখুন

## ফের শান্তি আলোচনায় বসতে চলেছে ইউক্রেন-রাশিয়া

**নয়াদিল্লি, ২৮ মার্চ (হি.স.)।।** ফের 'শান্তি আলোচনায়' বসতে রাজি হয়েছে ইউক্রেন ও রাশিয়া। যুদ্ধ বিরতির জন্য তুরস্কের রাজধানী ইস্তাম্বুলে আলোচনায় বসতে রাজি হয়েছে দুই দেশ। ইউক্রেনে নতুন করে সংঘাত বেড়ে যাওয়ার মধ্যেই দুই পক্ষ এই বৈঠকে বসার বিষয়ে সম্মতির কথা জানিয়েছেন।

তুরস্কের শীর্ষ পর্যায়ের একজন কর্মকর্তা বলেন, সোমবার ইস্তাম্বুল শহরে দুই পক্ষ শান্তি আলোচনায় বসতে রাজি হয়েছে। এর আগে রবিবার তুরস্কের প্রেসিডেন্ট রজব তাইয়েপ এরদোগান ও রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন টেলিফোনে কথা বলেন এবং আজকের বৈঠকে বসার ব্যাপারে সম্মত হন।

এরদোগানের দফতর থেকে প্রকাশিত এক বিবৃতিতে বলা হয়, টেলিফোন আলাপে তুর্কি প্রেসিডেন্ট যুদ্ধ বন্ধের বিষয়ে তার দেশের প্রচেষ্টা অব্যাহত রাখার কথা উল্লেখ করে রুশ প্রেসিডেন্টকে জরুরিভিত্তিতে যুদ্ধ বন্ধ এবং মানবিক পরিস্থিতির উন্নয়নের ওপর জোর দেওয়ার কথা বলেছেন।

ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি তুরস্কের এই উদ্যোগকে স্বাগত জানিয়েছেন। তিনি বলেছেন, কোনও রকমের বিলম্ব ছাড়া দেশে শান্তিপ্রতিষ্ঠার দরকার এবং এ জন্য তিনি বেশকিছু আপসরফারও ইঙ্গিত দেন। তিনি নিজ দেশের জন্য কার্যকর নিরাপত্তার নিশ্চয়তা চেয়েছেন। পাশাপাশি তিনি ☞ ৬ এর পাতায় দেখুন

## যানবাহনের দূষণ নিয়ন্ত্রণের শংসাপত্রের মূল্য বৃদ্ধি রাজ্যে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ মার্চ।।** ত্রিপুরায় যানবাহনের দূষণ নিয়ন্ত্রণে শংসাপত্রের দর বৃদ্ধি হয়েছে। সংশোধিত দর বৃদ্ধির বিজ্ঞপ্তি জারি করেছে ত্রিপুরা সরকার।প্রসঙ্গত, ত্রিপুরা সরকার সোমবার এক বিজ্ঞপ্তিতে রাজ্য জুড়ে বিভিন্ন যানবাহনের দূষণ নিয়ন্ত্রণে শংসাপত্রের দর সংশোধন করেছে।

ত্রিপুরার পরিবহণ দফতর ওই বিজ্ঞপ্তিতে উল্লেখ করেছে "রাজ্যপাল এতদ্বারা সমস্ত যানবাহনের জন্য দূষণ নিয়ন্ত্রণ(পিইউসি)/অটোমোবাইল এমিশন টেস্টিং (এইটি) শংসাপত্র প্রদানের জন্য দর সংশোধন করেছেন।

রাজ্যপালের আদেশে ত্রিপুরা সরকারের উপ সচিব এনআর দাস বিজ্ঞপ্তিতে বলেছেন, দ্বি-চক্র গাড়ির জন্য ১০ টাকা, তিন চাকার জন্য ১৫ টাকা, চার চাকার গাড়ি এবং অন্যান্য সমস্ত যানবাহনের জন্য ২০ টাকা দূষণ নিয়ন্ত্রণের শংসাপত্রের জন্য দর বৃদ্ধি করা হয়েছে। .দ্বি-চক্র যান পিইউসি-র জন্য ৩৫ টাকা থেকে বেড়ে ৪৫ টাকা, তিন চাকার গাড়ি ৫০ টাকার পরিবর্তে ৬৫ টাকা বেড়েছে। গাড়ি, জিপ, মিনি-বাস এবং মিনি-ট্রাক সহ চার চাকার গাড়িগুলিকে দিতে হবে ৯০ টাকা যা আগে ছিল ৭০ টাকা। অন্যান্য সমস্ত যানবাহন যেমন ট্রাক, বাস ইত্যাদির দূষণ নিয়ন্ত্রণের ☞ ৬ এর পাতায় দেখুন

## কের চৌমুহনীতে দরজা ভেঙে দোকানে চোরের হানা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ মার্চ।।** রাজধানী আগরতলা শহর ও শহরতলীর এলাকায় চুরির ঘটনা ব্যাপকহারে বৃদ্ধি পেয়েছে। অধিকাংশ ক্ষেত্রেই নেশাগ্রস্তরা এ ধরনের চুরি কাণ্ডে জড়িত বলে জানা গেছে। গতকাল রাতে কোন এক সময়ে রাজধানী আগরতলা শহরের কের চৌমুহনী এলাকায় রাস্তার পাশের একটি মোবাইল ফোন বিক্রয় কেন্দ্রে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটে। জানা যায় দোকানের মালিক গতকাল রাতে দোকান বন্ধ করে বাড়িতে যান। সোমবার সকালে স্থানীয় লোকজন দোকানের শাটার ভাঙ্গা দেখে দোকানের মালিককে খবর দেন। খবর পেয়ে দোকানের মালিক সেখানে ছুটে যান। তিনি গিয়ে লক্ষ করেন দোকানের সাঁতার কেটে চোরেরা ভিতরে ঢুকে দোকানের প্রায় সবগুলো মোবাইল ফোন চুরি করে নিয়ে গেছে।

দোকান মালিক জানান ৫লক্ষাধিক টাকার মোবাইল ফোন চোরেরা হাতিয়ে নিয়ে গেছে। এ ব্যাপারে দোকানের মালিক পুলিশের কাছে সুনির্দিষ্ট অভিযোগ দায়ের করেছেন। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। তবে চুরি যাওয়া মোবাইল ☞ ৬ এর পাতায় দেখুন

## ফের বাড়ল পেট্রোল ও ডিজেলের দাম ৭ দিনে ষষ্ঠবার মহার্ঘ্য দুই জ্বালানি তেল

**নয়াদিল্লি, ২৮ মার্চ (হি.স.)।।** পেট্রোল ও ডিজেলের দাম লাগাতার বেড়েই চলেছে, বিগত ৭ দিনে এই নিয়ে ষষ্ঠবার মহার্ঘ্য হল দুই জ্বালানি তেল। সোমবার রাজধানী দিল্লিতে লিটারে ৩০ পয়সা বেড়েছে পেট্রোলের দাম ও ডিজেল দামি হয়েছে ৩৫ পয়সা। দিল্লিতে পেট্রোল ও ডিজেলের বর্ধিত দাম যথাক্রমে, ৯৯.৪১ টাকা ও ৯০.৭৭ টাকা। কলকাতায় পেট্রোলের দাম বেড়েছে ৩২ পয়সা, ফলে কলকাতায় পেট্রোলের বর্ধিত দাম ১০৮.৮৫ টাকা এবং ডিজেলের দাম ৩৫ পয়সা বেড়ে ৯৩.৯২ টাকায় পৌঁছেছে।

মুম্বইয়ে ৩১ পয়সা বেড়েছে পেট্রোলের দাম ও ৩৭ পয়সা বেড়েছে ডিজেলের দাম, মুম্বইয়ে পেট্রোল ও ডিজেলের বর্ধিত দাম যথাক্রমে, ১১৪.১৯ টাকা ও ৯৮.৫০ টাকা। পেট্রোল ও ডিজেলের মূল্যবৃদ্ধি হয়েছে চেন্নাইতেও। সেখানে পেট্রোলের দাম বেড়েছে ২৮ পয়সা ও ডিজেলের দাম বেড়েছে লিটারপ্রতি ৩৩ পয়সা, ফলে তামিলনাড়ুর রাজধানীতে সোমবার এক লিটার বিক্রি হয়েছে ১০৫.১৮ টাকায় ও ডিজেল ৯৫.৩৩ টাকা। গত সপ্তাহ থেকে দেশে লাগাতার বাড়ছে পেট্রোল ও ডিজেলের দাম, জ্বালানি তেলের দাম বাড়তেই মাথায় হাত মধ্যবিত্তের।

## শীঘ্রই করোনার কলার টিউন বন্ধ করার পথে হাঁটছে কেন্দ্র

নয়াদিল্লি, ২৮মার্চ (হি. স.) : করোনার সংক্রমণ অনেকটাই নিয়ন্ত্রণে। সাধারণ মানুষ এখন অনেকটাই সচেতন। তাই এবার করোনার কলার টিউন বন্ধ করার পথে হাঁটতে চলেছে কেন্দ্র।

এই কলার টিউনটি মূলত কোভিড-১৯ মহামারী সম্পর্কে সচেতনতা ছড়াতে এবং নাগরিকরা যাতে সময়মতো নিজেদের করোনা টিকার ডোজ নেন, তার জন্যই চালু করা হয়েছিল। জানা গেছে, ভারত সরকার কয়েক দিনের মধ্যেই এই বিষয়ে একটি নির্দেশিকা জারি করবে। দেশ এখন করোনার তৃতীয় ঢেউয়ের ধাক্কা কাটিয়ে উঠেছে। ওমিক্রন ভ্যারিয়েন্টের জেরে দেশের দৈনিক সংক্রমণের ☞ ৬ এর পাতায় দেখুন

## উত্তর পূর্বাঞ্চলের মধ্যে ত্রিপুরা এসডিজি'র ক্ষেত্রে সামনের সারিতে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ মার্চ।।** জাতীয় বহুমাত্রিক দারিদ্র্য সূচক বিষয়ে প্রজ্ঞাভবনে দুদিন ব্যাপী কর্মশালার সূচনা প্রজ্ঞাভবনে নীতি আয়োগ এবং রাজ্য সরকারের পরিকল্পনা (পরিসংখ্যান) দপ্তরের যৌথ উদ্যোগে আজ থেকে শুরু হয়েছে দুদিন ব্যাপী রাজ্যভিত্তিক কর্মশালা। কর্মশালার বিষয়বস্তু ছিল- এনইআর ডিস্ট্রিক্ট এসডিজি ইনডেক্স ২০, এসডিজি ইন্ডিয়া ইনডেক্স ৪.০ এন্ড ন্যাশনাল মাল্টিডাইমেনশনাল পোভার্টি ইনডেক্স।




দুদিন ব্যাপী এই রাজ্যভিত্তিক কর্মশালায় প্রধান অতিথি তথা উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন পিসিসিএফ ড: ডি কে শর্মা। বিশিষ্ট অতিথি হিসেবে ছিলেন পরিকল্পনা ও সমন্বয় দপ্তরের সচিব অপূর্ব রায়, পরিসংখ্যান দপ্তরের সচিব মহম্মদ জুবায়ের আলি হাসমি, ইউএনডিপির রিজিওনাল হেড জন বর্গোহৈয়ারি সহ অন্যান্য আধিকারিকগণ। কর্মশালার উদ্বোধনী পর্বে প্রধান অতিথির বক্তব্যে পিসিসিএফ ড: ডি কে শর্মা বলেন, দেশে স্থায়ী উন্নয়নের লক্ষ্যে সমস্ত ধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে।

গ্রামীন এলাকাগুলিকে আরো শক্তিশালী করার পরিকল্পনা ২০১৬ সাল থেকে কার্যকর করা হয়েছে। গ্রামোদয় থেকে ভারত উদয় এই ভাবনাকে সামনে রেখে কাজ চলছে। ডঃ শর্মা আরো বলেন, ভারতবর্ষ এসডিজি (সাস্টেনেবল ডেভেলপমেন্ট গোলস) -এর সমস্ত লক্ষ্যমাত্রা অনুসরণ করছে। উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে ত্রিপুরা এসডিজি'র ক্ষেত্রে সামনের সারিতে রয়েছে। আগামীতে আরো এগিয়ে যাবে রাজ্য। কেন্দ্রীয় নীতি আয়োগ এবং রাজ্য সরকারও লক্ষ্যমাত্রা অর্জনে কাজ করে চলেছে। অনুষ্ঠানে আলোচনা করতে গিয়ে পরিকল্পনা ও সমন্বয় দপ্তরের সচিব অপূর্ব রায় বলেন, ☞ ৬ এর পাতায় দেখুন

## পণ্য ক্রয়ের ক্ষেত্রে ভোক্তাদের আরও বেশী করে সচেতন হতে বললেন মন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ মার্চ।।** বিশ্ব ভোক্তা দিবস-২০২২ উপলক্ষে কুমারঘাট মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ কুমারঘাট পঞ্চায়েত সমিতির হলে একটি সচেতনতামূলক আলোচনা চক্র অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন তপশিলী জাতি কল্যাণ, প্রাণী সম্পদ বিকাশ ও শ্রম মন্ত্রী ভগবান চন্দ্র দাস। সভাপতিত্ব করেন কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান হ্যাপি দাস। উদ্বোধকের ভাষণে তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী ভগবান চন্দ্র দাস বলেন, ভোক্তা দিবসের উদ্দেশ্য হল ভোক্তাদের পণ্য ক্রয়ের ক্ষেত্রে সচেতন করা।

তিনি বলেন, ঔষধ, জামাকাপড় সহ নিত্য প্রয়োজনীয় পণ্য ক্রয় করার সময় আমরা টেক্স প্রদান করে থাকি। কিন্তু পণ্য ক্রয়ের সময় ☞ ৬ এর পাতায় দেখুন



পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সাধারন সভায় যোগ দিয়েছেন কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়।

## দেনাপাওনা নিয়ে বিবাদের জেরে যুবককে পিটিয়ে ঘায়েল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ মার্চ।।** বকেয়া টাকা মিটিয়ে না দেওয়ায় এক যুবককে রাস্তায় বেধড়ক মারধর করে গুরুতর জখম করেছে এক যুবক। ঘটনাটি ঘটেছে খোয়াই থানা এলাকার পূর্ব সোনাতলা গ্রামে। আহত যুবকের নাম দীপক সূত্রধর। আক্রমণকারী যুবকের নাম সুজিত বিশ্বাস।

খোয়াই জেলা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় দীপক সূত্রধর জানায় সুজিত বিশ্বাস নামে ওই যুবক তার কাছে ১৩০ টাকা পাওনা ছিল। পাওনা টাকার জন্য গতকাল রাতে তাকে রাস্তায় আটক করে বেধড়ক মারধর করে। তাতে সে গুরুতর ভাবে আহত হয়। ঘটনাস্থল থেকে তাকে আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে স্থানীয় মানুষজন খোয়াই জেলা হাসপাতালে নিয়ে যান।

বর্তমানে সে জেলা হাসপাতালে চিকিৎসাধীন। মাত্র ১৩০টাকার জন্য যুবককে আটক করে এভাবে বেধড়ক মারধর করার ঘটনাকে কেন্দ্র করে স্থানীয় জনগণের তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। এ ব্যাপারে অভিযুক্তের বিরুদ্ধে থানায় সুনির্দিষ্ট অভিযোগ দায়ের করা হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। তবে এখনো পর্যন্ত অভিযুক্তকে গ্রেফতার এর সংবাদ নেই। ঘটনার পর থেকেই অভিযুক্ত পলাতক বলে স্থানীয় সূত্রের খবর। অভিযুক্তকে গ্রেফতার এবং দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে এলাকাবাসীর তরফ থেকেও দাবি জানানো হয়েছে।

## বামেদের দেশব্যাপী ধর্মঘটের বিরুদ্ধে পিকেটিং করল বিজেপি, প্রথম দিনে প্রভাব নেই রাজ্যে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা/কল্যাণপুর, ২৮ মার্চ।।** বামপন্থী ট্রেড ইউনিয়নগুলোর ডাকা টানা দু'দিনের দেশব্যাপী ধর্মঘটের প্রথম দিনেই ধর্মঘট এই রাজ্যে পুরোপুরি ব্যর্থ হয়েছে। প্রথম দিনে বন্ধ আহ্বানকারীরা অবশ্য কোথাও পিকেটিং করে নি। অবশ্য রাজ্য সরকার এবং শাসক দল এ ব্যাপারে আগে থেকেই কঠোর মনোভাব গ্রহণ করে। রাজধানী আগরতলা শহরে ধর্মঘটের বিরুদ্ধে পিকেটিং করেছে বিজেপি ও যুব মোর্চার কর্মীরা। পিকেটিং সামিল হয়েছেন পুর নিগমের মেয়র দীপক মজুমদার, কাউন্সিলার রত্না দত্ত সহ অন্যান্যরা।

রাজ্য সরকারের তরফ থেকে সরকারি কর্মচারীদের স্পষ্টভাবে জানিয়ে দেওয়া হয় বন্ধের দিন কোন সরকারি কর্মচারী স্কুল অফিস কিংবা নিজ দপ্তরে কাজে যোগ না দিলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সরকারি এই কড়া নির্দেশ এর ফলে সরকারি কর্মচারীরা একপ্রকার বাধ্য হয়ে কর্মস্থলে যেতে হয়েছে।রাজ্যের সর্বত্র অফিস-আদালত স্কুল-কলেজ খোলা ছিল। উপস্থিতির হার ছিল উল্লেখযোগ্য। ব্যবসায়ী সমিতি ব্যবসা প্রতিষ্ঠান খোলা রাখার আগাম ঘোষণা করেছিল। স্বাভাবিক কারণ এই বন্ধের দিনে ব্যবসায়ীরা তাদের সমস্ত ব্যবসায়ীক প্রতিষ্ঠান খোলা রাখেন। রাস্তায় যানবাহন চলাচল স্বাভাবিক ছিল। ধর্মঘটকে কেন্দ্র করে কোথাও থেকে কোনো ধরনের অপ্রীতিকর ঘটনার খবর মিলেনি। বন্ধকে ব্যক্ত করায় শাসকদলের তরফ থেকে সকল স্তরের জনগণকে অভিনন্দন জানানো হয়েছে।



ধর্মঘটের বিরুদ্ধে আগরতলা শহরে পিকেটিং বিজেপির। ছবি নিজস্ব।

বামপন্থী ট্রেড ইউনিয়নগুলোর ঢাকা দুই দিনের ভারত বন্ধে প্রথম দিনে কল্যাণপুরে তেমন সাড়া মিলল না। সোমবার সকাল থেকেই কল্যাণপুরের বাজার হাট খোলা ছিল। কল্যাণপুর থানা এলাকার বাগান বাজার শান্তিনগর দ্বারিকাপুর ঘিলাতলী খাস কল্যাণপুর দক্ষিণ গিলাতলী মোহরছড়া তোতাবাড়ী সহ নানান বাজারের দোকানপাট খোলা ছিল। খোয়াই তেলিয়ামুড়া সড়কে ছোট ছোট গাড়ি চললেও বড় গাড়ি কিন্তু দেখা যায়নি বললেই চলে। কোথাও কোন পিকেটারকে চোখে পড়েনি। বিভিন্ন এলাকাতে পুলিশ টহল দেয়। সর্বত্র খোলা ছিল সরকারি স্কুল এবং অফিস। কল্যাণপুর গ্রামীণ ☞ ৬ এর পাতায় দেখুন

## কাশিপুর এলাকায় হাওড়া নদীতে স্নান করতে গিয়ে জলে ডুবে মর্মান্তিক মৃত্যু কিশোরের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ মার্চ।।** রাজধানী আগরতলা শহর সংলগ্ন কাশিপুর এলাকায় হাওড়া নদীতে স্নান করতে গিয়ে জলে ডুবে মর্মান্তিক মৃত্যু হয়েছে দীপঙ্কর দেবনাথ নামে এক কিশোরের। ঘটনার বিবরণে জানা যায় দীপঙ্কর দেবনাথ নামে ১৪ বছরের ওই কিশোর তার কয়েকজন বন্ধুকে সঙ্গে নিয়ে হাওড়া নদীতে সোমবার স্নান করতে গিয়েছিল।

বন্ধুদের সঙ্গে স্নান করতে গিয়ে সে হাওড়া নদীর জলে ডুবে যায়। অন্যান্য বন্ধুরা তাকে কোনক্রমে জল থেকে উদ্ধার করে । স্থানীয় লোকজন তাকেআইজিএম হাসপাতালে নিয়ে যায়। আইজিএম হাসপাতালে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন। সেখান থেকে মৃতদেহ ময়নাতদন্তের জন্য জিবি হাসপাতাল মর্গে পাঠানো হয়। হাওড়া নদীর জলে ডুবে কিশোরের মৃত্যু সংবাদ ছড়িয়ে পড়তেই এলাকায় গভীর শোকের ছায়া নেমে আসে।

মৃত কিশোরের বাবা জানান তার মা কর্মস্থলে চলে গিয়েছিলেন। তিনি নিজেও বাড়িতে ছিলেন না। বন্ধুদের সঙ্গে স্নান করতে গিয়ে হাওড়া নদীর জলে ডুবে পুত্রের মৃত্যুতে মা-বাবা বাকরুদ্ধ হয়ে পড়েছেন। কারোর সান্তনার বানী তাদের ভগ্নহৃদয় স্পর্শ করতে পারছে না। জানা যায় দীপঙ্কর দেবনাথ নামে ওই কিশোর এলাকায় সকলের কাছে খুব প্রিয় ছিল। জলে ডুবে এভাবে তার অকাল মৃত্যু কেউই মেনে নিতে পারছেন না। ময়নাতদন্তের পর তার মৃতদেহ এলাকায় নিয়ে যাওয়া হলে এলাকাবাসীর মধ্যে গভীর শোকের ছায়া নেমে আসে।

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৮ ▫ সংখ্যা১৭০ ▫ ২৯ মার্চ ২০২২ ইং ▫১৫ চৈত্র ▫মঙ্গলবার ▫১৪২৮ বঙ্গাব্দ

## শক্তিশালী বিরোধী জোট জরুরি

সম্প্রতি চার রাজ্যের বিধানসভা নির্বাচনে বিজেপি একক সংখ্যাগরিষ্ঠতা এবং বিরোধীদের অস্তিত্বহীনতা দেশের রাজনৈতিক পরিস্থিতিকে আরও অস্থির করিয়া তুলিয়াছে। বিজেপির নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার পরবর্তী লোকসভা নির্বাচনে নিজেদের মসনদ আরো শক্তিশালী পরিবার অক্সিজেন তৈরিয়াছে। চার রাজ্যের বিধানসভা নির্বাচনে বিজেপি''র জয়ের পেছনে দেশের অন্যতম বৃহত্তম রাজনৈতিক দল কংগ্রেসের ব্যর্থতা অস্বীকার করা যাইবে না। কংগ্রেস নেতৃত্বের ব্যর্থতার কারণেই ইহা সম্ভব হইয়াছে। সত্যিকার অর্থেই যদি কংগ্রেস দল শক্তিশালী ভূমিকা পালন করিতে পারিত তাহলে বিজেপি চারটি রাজ্যের বিধানসভা নির্বাচনে এইভাবে যদি হইতে পারিত না। ৪ টি রাজ্যের শাসনভার নিজেদের হাতের মুঠোয় নিয়ে যাইবার সুবাদে বিজেপি গোটা দেশেই নিজেদের শক্তি আরো সুসংহত করিবার উপায় খুজিয়া পাইয়াছে।পরিস্থিতি এমন এক পর্যায়ে আসিয়া দাঁড়াইয়াছে সমস্ত ইগো বাদ দিয়ে বিরোধী দলগুলোকে ঐক্যবদ্ধ জোট গঠন করিতে হইবে। বিরোধীরা একটি ছাতার নিচে না আসিতে পারে বিজেপি কার্যত গোটা দেশ নিজেদের দখলে রাখতে সক্ষম হইবে। এখন প্রশ্ন দেখা দিয়েছে বিরোধী ঐক্য গঠন করলে বিরোধী ঐক্য জোটের নেতৃত্ব কে দিবেন। সোনিয়া গান্ধী রাহুল গান্ধী কিংবা প্রিয়াঙ্কা গান্ধীর নেতৃত্বে এই ধরনের জোট কার্যত সফল রইবে না বলে অনেকে মনে করিতেছেন। সেই জন্যই তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়করেবিরোধী জুটের পাদপ্রদীপের তলায় নিয়া আসিবার চেষ্টা চলিতেছে।

বিজেপি বিরোধী লড়াইয়ে কংগ্রেস বারবার ব্যর্থ। সদ্যসমাপ্ত পাঁচ রাজ্যের ভোটের ফলাফলে তাহা আরও স্পষ্ট। এই পরিস্থিতিতে বিজেপি বিরোধিতার মুখ যে মমতাই, তাহা জোরের সঙ্গে বলিয়াছেন জোড়াফুল শিবিরের নেতারা। তাঁহাদের বক্তব্য, কংগ্রেস না পারিলেও বিজেপি বিরোধিতায় বিন্দুমাত্র ঘাটতি দেবে না তৃণমূল। বরং সেই লড়াই আরও উচ্চগ্রামে নিয়া যাওয়ার খামতি রাখিতেছেন না তাঁহারা। গোয়া ও ত্রিপুরাতে বিজেপি বিরোধিতা সর্বাত্মক হইবে বলিয়া দাবি করিয়াছেন নেতারা।

গত সাত বছরের ভোট পরিসংখ্যান বলিতেছে, কংগ্রেস শুধু হারিয়াই চলিয়াছে। ২০১৪ সালের লোকসভা নির্বাচনে বিজেপিকে হারাইতে পারেনি কংগ্রেস। একই অবস্থা হয় ২০১৯ সালে। গেরুয়া শিবিরের বাড়বাড়ন্ত ঠেকাইতে কোনও কার্যকরী ভূমিকায় দীর্ঘদিন দেখা যায়নি কংগ্রেসকে। উল্টো রাজ্যে রাজ্যে কংগ্রেস দুর্বল থেকে দুর্বলতর হইয়াছে। যাহার সর্বশেষ উদাহারণ সদ্যসমাপ্ত পাঁচ রাজ্যের ভোট। ভোট হইয়াছিল উত্তরপ্রদেশ, গোয়া, মণিপুর, উত্তরাখণ্ড ও পাঞ্জাবে। উত্তরপ্রদেশ, উত্তরাখণ্ড, গোয়া ও মণিপুরে জয়ী হইয়াছে বিজেপি। পাঞ্জাব গিয়াছে অরবিন্দ কেজরিওয়ালের দল 'আপ'-এর দখলে। রাজনৈতিক মহলের একাংশ মনে করিয়াছিল, পাঞ্জাবে কৃষক আন্দোলনের জয়ের ফসল ঘরে তুলিবে কংগ্রেস। কিন্তু ফলাফলে দেখা গেল, আপ সেই জায়গা ছিনাইয়া নিয়াছে। বিজেপি বিরোধী লড়াইয়ে কংগ্রেস কেন কোনও ভূমিকা নিতেই পারিতেছে না, তাহা এখন রাজনৈতিক আলোচনার কেন্দ্রবিন্দু হইয়া উঠিয়াছে। সেই আলোচনায় উঠিয়া আসিয়াছে পরবর্তী ভোটের প্রসঙ্গ। চলতি বছরের শেষের দিকে গুজরাত ও হিমাচল প্রদেশে বিধানসভা নির্বাচন। সেখানেও যে কংগ্রেসের ফল ভালো হইবে, এমন আশা দেখিতেছেন না কেউই। ফলে বিজেপি বিরোধী লড়াইয়ে তৃণমূল তথা মমতার গুরুত্ব ক্রমশ বাড়িয়াছে। তৃণমূলের সাংগঠনিক বৈঠকে দেশের সামগ্রিক পরিস্থিতি নিয়া আলোচনা হইয়াছে। কংগ্রেস যে লড়াই থেকে ক্রমশ হারাইয়া যাইতেছে সেই প্রমাণ মিলিয়াছে ভোটবাক্সে। পাশাপাশি সমর্থন উপচিয়া পড়িয়াছে তৃণমূলের ভোটবাক্সে। তৃণমূল সাংসদ সুস্মিতা দেব বলিয়াছেন, মানুষ তৃণমূলকে নিয়া এখন থেকেই নতুন করিয়া ভাবনাচিন্তা শুরু করিয়া দিয়াছেন।

পশ্চিমবঙ্গের প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরি একাধিকবার অভিযোগ করিয়াছেন, বিজেপির হাত শক্ত করিতেই তৃণমূল ভিন রাজ্যে পা রাখিয়াছে। যদিও এই যুক্তি মানিতে নারাজ তৃণমূল। তাঁহাদের যুক্তি, মেঘালয়ে তৃণমূলের শক্তি অনেকটাই বাড়িয়াছে। সেখানে কংগ্রেসের সঙ্গ ছাড়িয়াছেন বিধায়করা। আবার ত্রিপুরা ও গোয়াতে তৃণমূলের বাক্সে মানুষের সমর্থন আসিয়াছে। তাই কংগ্রেস না পারিলেও বিজেপির বিরুদ্ধে তৃণমূল লড়াই-আন্দোলন জারি রাখিবে।

## 'ভালোমানুষ'-এর কলাগাছে কৌটো করে ঝোলান ছিল বোমা, ধৃত অভিযুক্ত

ইটাহার, ২৮ মার্চ (হি স)। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশের পরই জেলায়-জেলায় বেড়েছে পুলিশি তৎপরতা। এই পরিস্থিতির মধ্যেই আবার বোমা উদ্ধার। গোটা ঘটনায় চাঞ্চল্য ছড়াল উত্তর দিনাজপুরের ইটাহারে।

সপ্তাহের শুরুর দিনই বনধের জেরে ভোগান্তি জেলায়-জেলায়। কোথাও টায়ার জ্বালিয়ে চলেছে বিক্ষোভ, কোথাও আবার পথ অবরোধ। এই উত্তেজনার মধ্যেই আবার বোমা উদ্ধার। জানা গিয়েছে, ইটাহারের গুলন্ধর দুই গ্রাম পঞ্চায়েতের বৌসা গ্রামে এক ব্যক্তির বাড়ির সামনে উদ্ধার হয় বোমাগুলি। একটি কলাগাছে ঝোলান ছিল বোমার সেই প্যাকেট।

স্থানীয় সূত্রে খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় ইটাহার থানার পুলিশ। বাড়ির মালিক চিরঞ্জিৎ ঘোষকে গ্রেফতার করা হয়। এলাকাবাসী তাঁকে চেনেন ভালো মানুষ হিসাবে। অন্তত তেমনটাই সুখ্যাতি তাঁর। কিন্তু হঠাৎ বদলে গেল গোটা পরিস্থিতি। খবর দেওয়া হয় বোম্ব স্কোয়্যাডকে। প্রায় আটটি কৌটো বোমা উদ্ধার করে পুলিশ।এলাকাবাসীরা বলেন, "একটি কলা গাছের পিছনে কৌটো করে ঝোলান ছিল বোমা। যার বাড়িতে উদ্ধার হয়েছে তিনি এলাকায় ভালো মানুষ হিসেবেই পরিচিত। কেউ হয়ত ওকে ফাঁসানোর জন্য এই কাজ করেছে।" অন্যদিকে, অভিযুক্তের দিদি জানান, "আমরা ঘুমোচ্ছিলাম। হঠাৎ পুলিশ এসে ওকে ধরে নিয়ে গেল। আমার ভাইকে ফাঁসানো হয়েছে। কিন্তু জানিনা কে করছে। ওদের বাগানে একটি কলা গাছের মধ্যে ঝোলান ছিল বোমাগুলি।"বস্তুত, জেলায়-জেলায় কয়েকদিন ধরেই লাগাতার উদ্ধার হয়েছে বোমা, আগ্নেয়াস্ত্র। পূর্ব বর্ধমানের দেওয়ানদিঘি থানার তালিত রেল গেটের কাছে পীরতলা লাগোয়া মাঠের ঘটনা। সেখানেই পরিত্যক্ত দুটি জারের ভিতর মজুত ছিল প্রচুর পরিমাণে বোমা। শনিবার গভীর রাতে গোপন সূত্রে খবর পেয়ে দেওয়ানদিঘি থানার পুলিশের একটি দল ঘটনাস্থলে পৌঁছায়। দেখা যায় বর্ধমান-বোলপুর জাতীয় সড়কের পাশের একটি মাঠের মধ্যে দুটি জারে বোমা গুলি রাখা রয়েছে।

# জন্মের দ্বিশতবর্ষে বিশ্বের প্রথম নারী চিকিৎসক

**কৌশিক রায়**

ভারতীয় নবজাগরণে পথিকৃৎ রাজা রামমোহন রায় ১৮৩০ সালে ইংলান্ডের ব্রিস্টল নগরীতে শেষ নি-শ্বাস ত্যাগ করেছিলেন। সতীদাহ কুপ্রথা বিলোপ করিয়ে নারীদের সম্মান এবং সমমর্যাদাকে ফিরিয়ে আনার শপথ নেওয়ার সময়ে ভারত-পথিক হয়ত জানতেন না-তাঁর তিরোধানের সময়ে ওই শহরেই এক চিনি-র ব্যবসায়ী-র দ্বাদশবর্ষীয়া কন্যাটি মনে মনে দৃঢ়প্রতিজ্ঞা করছে পুরুষশাসিত সমাজে নারীদের হারিয়ে যাওয়া অধিকার প্রতিষ্ঠা সে করবে নিরলস ও নিঃস্বার্থভাবে মানবসেবাতে নিজেকে নিয়োজিত করে। ব্রিটিশ -শাসিত বঙ্গভূমিতে প্রথম মহিলা চিকিৎসক হয়ে যেভাবে কাদম্বিনী গঙ্গোপাধ্যায়, মান্ধাতার আমলের স্থবির লোকাচারকে বিদীর্ণ করে নারী প্রগতির নবকিরণ নিয়ে এসেছিলেন, ব্রিস্টলের এই কিশোরীটিও একদিন, নারীসত্তাকে নাগপাশের মতো ঘিরে রাখা 'সঙ্কোচের বিহ্বলতা'কে দূর করে স্বীয় মানসিক শক্তি আর প্রতিভাবলে হয়ে উঠেছিলেন বিশ্বের সর্বপ্রথম মহিলা চিকিৎসক-এলিজাবেথ ব্ল্যাক ওয়েল।

ব্রিস্টেল এলিজাবেথ-এর স্নেহশীলা এবং কর্তব্য পরায়ণা মা-হান্না লেন-এর তত্ত্বধানে যৌথ পরিবারে ভাইবোন আন্যা, মারিয়েন, স্যামুয়েল, পরবর্তীকালে মার্কিন যুক্তরাষ্ট্রে দ্বিতীয় মহিলা চিকিৎসক হয়ে ওঠা এমিলি, লেখিকা হয়ে ওঠা সারা এলেন, জন, জর্জ এবং চারজন অবিবাহিত পিসিকে নিয়ে একটা সুক এবং পারস্পরিক সহযোগিতা, সহমর্মিতার পরিমণ্ডল গড়ে উঠেছিলো। সেই পরিবেশের সংস্পর্শে থেকে শৈশব থেকেতই পরোপকারী হয়ে উঠেছিলেন এলিডাবথ ব্ল্যাকওয়েল। তবে, হঠাৎই ভাগ্য বিরূপ হলো। এক বিধ্বংসী অগ্নিকাণ্ডে স্যামুয়েল-এর পৈত্রিক চিনি তৈরির কারকানা পুড়ে ছাই হয়ে গেল। সর্বস্বান্ত হয়ে গেলেন এলিজাবেথ ব্ল্যাকওয়েল এর বাবা। বাধ্য হয়ে পরিবারের সদস্য -সদস্যাদেরকে নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রে নিউইয়র্কে বসবাস করতে শুরু করলেন স্যামুয়েল। ওই শহরে একজন পথম সারির মানবাধিকার শুনতেন, শিশুশ্রম, কৃষ্ণাঙ্গ শ্রমিকদের ওপর শ্বেতাঙ্গদের অত্যাচার এবং নারী নির্যাতনের বিরুদ্ধে নাগরিক সংগ্রোমের বাহিনী। স্যামুয়েল ও চাইতেন-তাঁর প্রতিটি পুত্র -কন্যা সমান অধিকার নিয়ে শিক্ষালাভ করুক এবং লিঙ্গ বৈষম্যকে ঘৃণা করতে শিখুক। সেই জন্য, অনেক সনাতনপন্থী ব্যক্তির বিরাগভাজন হন তিনি। তবুও মেয়ে এলিজাবেথ-এর প্রতিভা বিকাশে, আর্থিক অনটন সত্বেও তাঁর জন্য গৃহশিক্ষক এবং গভর্নেস রাখতে কার্পণ্য করেননি পিতা স্যামুয়েল। তবে, সিনসিনটিতে নতুন বাসা হওয়ার পরই এলিজাবেথকে পিতৃহারা হতে হয়। অর্থাভাব দূর করতে দুই বোনের সাথে একটি বুনিয়াদি বিদ্যালয় খুললেন ১৭ বছরের এলিজাবেথ। শিক্ষাদানের সাথে সাথেই খ্রিষ্টান ধর্মাচরণের প্রতিও আকৃষ্ট হলেন এলিজাবেথ। দেহান্তরবাদ-এর প্রবর্তক উইলিয়ম হেনরি চ্যানিং-এর সংস্পর্শে এসে তিনি বুঝতে পারলেন-যে কোনও মানুষ এবং মনুষতর প্রাণীর রোগব্যাধি নিরাময়-ই সর্বোত্তম ঈশ্বর সেবা। এক্ষেত্রে সমসাময়িকা এবং ধাত্রী বিদ্যার প্রবর্তক ফ্লোরেন্স নাইটিংগেল-এর মহতী চরিত্রের সাথে অনেকটাই মিল ছিলো বিশ্বের এই প্রথম নারী চিকিৎসকটির। কেন্টাকি রাজ্যের হেন্ডারসন শহরে বার্ষিক ১০০০ মার্কিন ডলার বেতনে শিক্ষয়িত্রীর চাকরি পেলেও এলিডাবেথ, চিকিৎসাজনক হিপ্পোক্রেজুস-এর রচনা পড়তেন সময় পেলেই। নিগ্রো ক্রীতাদাস-দাসীদেরকে সেবা করতে গিয়ে তাঁর মনে হত-ব্ল্যাকবোর্ড আর বইখাতা নয়, তার পক্ষে উপযুক্ত হলো হাসপাতালে দিবারাত্র, জাতিবর্ণ নির্বিশেষে রোগীর সেবা করা। চিকিৎসা বিজ্ঞান নিয়ে পড়ার সুযোগটা, এলিজাবেথ ব্ল্যাকওয়েল-এর কাছে এসেছিলো উত্তর ক্যারোলিনা রাজ্যের অ্যাশভিল মিউজিক অ্যাকাডেমিতে সংগীত শিক্ষিকা হয়ে চিকিৎসক রেভারেন্ড জন ডিকসন-এর বাড়িতে ভাড়া থাকার সময়। ডিকসন এবং তাঁর চিকিৎসক ভাই-স্যামুয়েল হেনরি-র অনুপ্রোরণাতে ডাকযোগে চিকিৎসাশাস্ত্র নিয়ে পড়াশোনা করতে শুরু করলেন এলিজাবেথ। দিনলিপিতে তিনি লিখলেন- "My mind is fully made up. I have not the slihhtest hesitation on the subject ;the thorough study of medicine. I am quite resolved to go through with it." ফিলাডেলফিয়া রাজ্যে ডা. উইলিয়ম এলডার এবং ডাক্ষ জোনাথান অ্যালেন-এর তত্ত্বাবধানে অ্যানাটমি নিয়ে পড়াশোনা করার সময়ই এলিজাবেথ কাদম্বিনী গঙ্গোপাধ্যায়ের মতোই বুঝতে পেরিছিলেন-চিকিৎসা জগতে নারী প্রবেশ না ঘটলে মহিলাদের প্রসূতিজনিত অসুখ বিসুকের স্থায়ী নিরাময় করা যাবে না। সর্বত্র প্রবলবাধার সম্মুখীন হতে হয় এলিজাবেথকে। তাঁর কাছে উন্নাসিক পুরুষ ডাক্তারদের কাছ থেকে এমন প্রস্তাব ও আসে তিনি প্যারিসে গিয়ে পুরুষের ছদ্মবেশ নিযে বরং ডাক্তারি করুন। জাক্তারি করতে হলে পুরুষদের মগজ লাগে, সেখানে ঘরকন্না করা মেয়ে মানুষের ভোঁতা বুদ্ধির নাকি কোনও স্থান নেই। এত অপমান সহ্য করেও ভেঙে পড়েননি এলিজাবেথ ব্ল্যাকওয়েল, শেষ পর্যন্ত নিউ ইয়র্কের জেনিভা মেডিক্যাল কলেজ-এ (বর্তমানে নিউ ইয়র্ক আপস্টেট মেডিক্যাল ইউনিভার্সিটি) চিকিৎসাবিদ্যা নিয়ে পড়ার সুযোগ পেলেন তিনি। অবশ্য, শিক্ষায়তনটির ডিন, প্রথমে এলিজাবেথকে ডাক্তারি ছাত্রী হিসেবে নিতে চাননি। তবে, সুন্দরী ও ব্যক্তিত্বময়ী এলিডাবেথকে সহপাঠিনী হিসেবে পাওয়ার জন্য ভোট দেন ওই প্রতিষ্ঠানের দেড়শো জন পুরুষ ছাত্র। তবে, প্রথমদিকে ক্লাসে আর বোর্ডিং-এ নিঃসঙ্গ হয়েই থাকতেন এলিজাবেথ। আশেপাশের মানুষের কাছেও ডাক্তারি নিয়ে পাঠরতা এই যুবতীটি ছিলেন যেন অন্য গ্রন্থের বাসিন্দা। শেষ পর্যন্ত, চিকিৎসাশাস্ত্রে কৃতবিদ্য হয়ে ফিলাডেলফিয়া-র ব্লকলি আল্‌ম্‌স হাইস নামক দাতব্য চিকিৎসালয়ে, সিফিলিস এবং টাইফাস রোগ নিরাময়ের জন্য অস্থায়ী চিকিৎসক হয়ে নিযুক্ত হলেন এলিজাবেথ ব্ল্যাকওয়েল। যথেচ্ছ যৌনাচারক, ব্যাভিতার এবং বহুগামিতা থেকে পুরষরা যদি দূরে সরে থাকেন, তাহলে তাঁর দুরারোগ্য সিফিলিস এবং নারীরা গনোরিয়া রোগ থেকে দূরে থাকতে পারবেন-এই মর্মে জনগণের মধ্যে প্রচারও চালিয়েছিলেন এলিজাবেথ। তাঁর অক্লান্ত চিকিৎসা গবেষণা ও সেবা, ফলপ্রসূ হলো। ১৮৪৯ সালের ২৩ জানুয়ারি, বিশ্বের প্রথম নারী চিকিৎসক রূপে ডিগ্রি পেলেন এলিজাবেথ ব্ল্যাকওয়েল। সাগর পাড়ের ইতিহাসে ওই বছরই বঙ্গভূমিতে স্ত্রী-শিক্ষা প্রসারের জন্য বিশেষ উদ্যোগ নিয়েছিলেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। আবার, আজাদ হিন্দু ফৌজে ক্যাপ্টেন লক্ষ্মী স্বামীনাথনের নেতৃত্বে বীরাঙ্গনা বাহিনী গড়ে তোলার দেশনায়ক নেতাজি সুভাষচন্দ্র বোস-এর জন্মদিনও ছিলো ২৩ জানুয়ারি। বিশ্বের প্রথম নারী চিকিৎসকরূপে ডিগ্রি পেলেন এলিজাবেথ ব্ল্যাকওয়েল। সাগর পাড়ের ইতিহাসে ওই বছরই বঙ্গভূমিতে স্ত্রী-শিক্ষা প্রসারের জন্য বিশেষ উদ্যোগ নিয়েছিলেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। আবার, আজাদ হিন্দ ফৌজে ক্যাপ্টেন লক্ষ্মী স্বামীনাথনের নেতৃত্বে বীরাঙ্গনা বাহিনী গড়ে তোলার দেশনায়ক নেতাজি সুভাষচন্দ্র বোস-এর জন্মদিনও ছিলো ২৩ জানুয়ারি। যেন বিধাতার অমোঘ নিয়মে। নারীশত্রি নবজাগরণে, দেশ কাল জাতি নির্বিশেষে এক অদৃশ্য বন্ধনে বাঁধা পড়েছিলেন এই তিন ব্যক্তিত্ব। এলিজাবেথ ব্ল্যাকওয়েল ইংল্যান্ড এবং ফ্রান্সের বেশ কয়েকটি হাসপাতালে চিকিৎসা-এর কাজ পাওয়ার জন্য ইউরোপে এসেছিলেন। তবে, অনেক জায়গাতেই তাঁকে এই অবান্তর কথা বলে ফিরিয়ে দেওয়া হয় তাঁর ডিগ্রি, ইউরোপীয় চিকিৎসা হাসপাতালের ডিগ্রির সমগোত্রীয় নয় ও তিনি দাই-মা বা মিডওরাইফ হওয়ার যোগ্যতাসম্পন্ন। হতোদ্যম এলিডাবেথকে সঠিক এবং ব্যবহারিক চিকিৎসা পরিষেবাতে সুশিক্ষিতা করে তুলতে এগিয়ে এলেন ফ্রান্সের সবচেয়ে নাকরা স্ত্রী ও প্রসূতিরোগ বিশেজ্ঞ-পল দ্যুবোয়া ঘোষণা করলেন মার্কিন যুক্তরাষ্ট্রে সবচেয়ে বড়ো স্ত্রীরোগ বিএশষজ্ঞ অবশ্যই ডা. এলিডাবেথ ব্ল্যাকওয়েল। তবে, দুঃখ ছিলো তাঁর সাথী। এক সদ্যোজাত শিশুর চোখের রোগ অপ্‌থ্যালমিয়া নিওন্যাটোরাম এর চিকিৎসা করতে গিয়ে একটা রাসায়নিক ওষুধ, এলিডাবেথের মুখে এসে পড়ে। এর ফলে বাঁচোখের দৃষ্টিশক্তি চিরতরে হারান এলিডাবেথ। শল্যচিকিৎসক হওয়ার ইচ্ছাতেও তাঁকে দাঁড়ি টানতে হয়। তবুও পিছিয়ে থাকেননি এলিজাবেথ। লন্ডনের সেন্ট বার্থোলোমিউ হাসপাতালে চিকিৎসক হিসেবে কর্মরত হন তিনি। মার্কিন দেশের নিউইয়র্ক ট্রিবিউন সংবাদপত্রের পৃষ্ঠপোষকতায় মার্কিন দেশে মহিলা চিকিৎসক হিসেবে বেশ জনপ্রিয়তা পেলেন এলিজাবেথ ব্ল্যাকওয়েল। তাঁর হাসিমুখ দেখলে, আশ্বাসবাক্য শুনলে রোগীরা অর্ধেক সুস্থ হয়ে উঠতেন। পোল্যান্ডের এক ছাত্রী - মাবি. য. জাত্রাইয়োয়েস্কাকে নিয়ে নিউইয়র্কের টোমকিনস স্কোয়্যারে একটি ছোট্ট ডিসনপেনসারি খুলেও ফেললেন এলিজাবেথ। বয়ঃসন্ধিকালে মেয়েদের এবং তরুণী মায়েদের মানসিক এবং শারীরিক সমস্যা নিয়ে "The Laws of life with special Reference to The physical Education of Girls'' নামক একটি বই ও লিখে ফেললেন তিনি। শুধু তাই-ই নয়। মহিলা চিকিৎসক এবং প্রশাসক মণ্ডলী ছাড়া পরিচালিত হাসপাতাল এবং চিকিৎসাকেন্দ্র যাতে সর্বত্র, দরিদ্র এবং সমাজের পিছিয়ে পড়া রোগনীদের সুবিধার জন্য স্থাপিত হতে পারে তার জন্যও আন্দোলন করেছিলেন তিনি। তাঁর তৈরি চিকিৎসা কেন্দ্রে সমস্ত কর্মীই ছিলেন মহিলা। বলাই বাহুল্য-পুরুষ ডাক্তাররা, এক মহিলার এই'উড়ে এসে জুড়ে বসা' ডাক্তারিকে ভালো চোখে দেখেননি। আমেরিকার গৃহযুদ্ধে পরবর্তী, উদাহরপন্ধী মার্কিন প্রেসিডেন্ট এবং নিগ্রো ক্রীতদাসদের মুক্তিদাতা আব্রাহাম লিংকনকে সর্বান্তঃকরণে সমর্থন করেছিলেন মানবসাম্যের প্রতিভূ এলিডাবেথ ব্ল্যাকওয়েল, গেটিসবার্গের যুদ্ধে আহত হওয়া ফেডারেল ও কনফেডারেট দুই প্রতিপক্ষ বাহিনীর সৈনিকদেরকে সেবা ও চিকিৎসা ও করেছিলেন তিনি ক্রিমিয়ার যুদ্ধে দীপ হাতে দেবী য়ে ওঠা ফ্লোরেন্স নাইটিংগেল-এর মতো। স্বদেশবূমি ব্রিটেনেও ক্রমশঃ জনপ্রিয় হয়ে উঠলেন এলিজাবেথ ব্ল্যাকওরেল। ১৮৫৯ সালে ব্রিটেনের জেনারেল মেডিক্যাল কাউন্সিল-এর প্রথম মহিলা সদস্য রূপে নির্বাচিত হলেন চল্লিশের কোঠা না পেরোনো এলিডাবেথ। এর পাশাপাশি নিউইয়ের্ক ও মহিলাদের জন্য মেডিকেল কলেজ স্থাপন সহায়তা করলেন তিনি। আটলান্টিক মহাসাগদরের দুই পাড়ে হাজার হাজার রোগী রোগিনীর কাছে নিরাময় ও সুস্থ জীবনের অভয়মন্ত্র নিয়ে উপস্থিত হলেন এলিজাবেথ ব্ল্যাকওয়েল। তবে, নিউইয়র্কেণ মহিলা হাসপাতালটি চালাতে গিয়ে আর এক মহিলা চিকিৎসক এলিজাবেথ গ্যারেট অ্যান্ডারসন এর সাথে আদর্শ এবং ব্যক্তিত্বের সংঘাত শুরু হয় এলিজাবেথ ব্ল্যাকওয়েল-এর। বাধ্য হয়ে ছাত্রী সোফিয়া ডেব্রা ব্লেককে নিয়ে লন্ডনে মহিলাদের জন্য একটি মেডিকেল স্কুল খুললেন এলিডাবেথ, ব্ল্যাকওয়েল। তিনি কিন্তু কখনও চিকিৎসা গবেষণাগারে জীবন্ত প্রাণীদেরকে কাটাছেঁড়া সমর্থন করেননি। চিকিৎসা ছিল তাঁর কাছে শারীরিক ও মানসিক বেদনা থেকে মানুষকে বিমুক্ত করার একটি নৈতিক এবং ঐশী মাধ্যম। চিকিৎসাক্ষেত্রে থেকে নিজেকে গুটিয়ে নিতে চাইছিলেন নিরলস কর্মযোগিনী এলিজাবেথ ব্ল্যাকওয়েল, সুযোগ্য ছাত্রী মেরি পাটনাম জ্যাকোবি-র ওপর তাঁরতৈরি চিকিৎসালয়গুলির ভার ছেড়ে দিয়ে সমাজ সংস্কার ও নৈতিক আন্দোলন-এর দিকে ঝুঁকলেন তিনি। ব্রিটেনে স্থাপন করলেন জাতীয় স্বাস্থ্য সমাজ। বন্ধবী বারবার। বোডিকোন-এর সাথে, নারীমুক্তি ও নারী শিক্ষা আন্দোলনের কর্মসূচি নিয়ে এলিজাবেথ ঘুরে বেড়ালেন ফ্রান্স, ওয়েলস, স্যুইজারল্যান্ড এবং ইতালিতে। বৈজ্ঞানিক অনুসন্ধিৎসার ক্ষেত্রে ধর্মীয় চিত্তশুদ্ধি এবং মনসিক স্থৈর্যের প্রভাব আছে এটা মনে করতেন এলিজাবেথ ব্ল্যাকওয়েল। তিনি মনে করতেন-গড়িকাবৃত্তি, গর্ভনিরোধক পদ্ধতি এবং বহুগামিতা -মানবজাতির সার্বিক স্বাস্থ্যকে আরও ভঙ্গুর করে তুলছে। সহবাসের সময়ে নারী ও পুরুষ উভয়কেই আবেগ নিযন্ত্রণে সংযমী হতে হবে এটাই ছিল এলিজাবেথ ব্ল্যাকওয়েল-এর বক্তব্য। তবে, নারীদেরও ও পুরুষদেহেকে সমানভাবে উপভোগ করার ন্যায্য অধিকার আছে এই কথা বলে তদানীন্তন ভিক্টোরিয় ইংল্যান্ডে অনেক রক্ষণপন্থীর চক্ষুশূল হয়ে উঠেছিলেন এলিজাবেথ ব্ল্যাকওয়েল। আসলে, তখনও ইউরোপীয় সমাজ মিখাইল সোলোখোভ-এর দুনিউশা, রবীন্দ্রনাথের বিনোদিনী, স্তস্তাভ ফ্লোবেয়্যার-এর মাদাম বোবারি এবং গিওভান্নি বেকাচিচ্চও-র দেকামেরন এ বর্ণিত স্বৈরিনা, উদ্ভিন্নযৌবনা নায়িকাদেরকে গ্রহণ করতে চায়নি। তবে, নারী-পুরুষের এই সমান যৌন অধিকার নিয়ে এলিডাবেথ ব্ল্যাকওয়েল বহুবার ফ্লোরেন্স নাইটিংগল এবং ইংরেজ রোমান্টিক কবি জর্জ (লর্ড) গর্ডন বায়রন-এর বিদূষী বোন-লেডি অ্যাডা লাভলেস-এর সাথে চিঠিপত্র বিনিময় করেছিলেন।

এলিজাবেথ ব্ল্যাকওয়েল-এর নিঃসঙ্গ জীবনে অবলম্বন হয়ে ওঠেন তাঁর দত্তক ন্যেয়া কন্যা-ক্যাথারিন ব্যারি। অবশ্য, ব্যারিকে কোনও স্বাধীনতা বা বিবাহ করার সুযোগ দেননি বলে অভিযোগ উঠেছিলো এলিজাবেথ ব্ল্যাকওয়েল-এর বিরুদ্ধে। এলিজাবেথ-এর মৃত্যুর সময় ইংল্যান্ডের সাসেক্স কাউন্টির অন্তর্গত হেস্টিংস-এর এক্সমাউথ প্লেস -এর বাড়িতে তাঁর পালিতা মায়ের শিয়রেই ছিলেন কোটি ব্যারি। তাঁর সাহায্যে আত্মজীবনী Ploneer work In Opening the Medical profession to women লেখেন এলিজাবেথ ব্ল্যাকওয়েল। কোনও পুরুষের প্রেমাস্পাদ আবেদনে কোনওদিন সাড়া না দিলেও একবার সজজব ছনিয়েছিল-বার্জিনিয়া রাজ্যের তরুণ অ্যালফ্রেজ স্যাচ্‌স এর প্রেমে নাকি পড়েছেন তিনি।

স্কটল্যান্ডের কিলমান-এ কেটি ব্যারি আর আদরের পোষা কুকুরদেরকে নিয়ে ছুটি কাটাতে গেছিলেন এলিজাবেথ ব্ল্যাকওয়েল। ৮৯ বছরের শরীরে জরা আর ক্লানজ জুড়ে বসেছিলো তাঁর। সেখানেই সিঁড়ি থেকে পড়ে গিয়ে সম্পূর্ণভাবে পক্ষাগাতগ্রস্ত হয়ে পড়েন এলিজাবেথ। কিলমান-এর সেন্ট মান্'স প্যারিস চার্চের প্রাঙ্গমেই সমাধিস্থ করা হলো উন্মোচিত করা এলিজাবেথ ব্ল্যাকওয়েলকে। আজ যখন কোনও রোগীর সামনে, এই করোনা অতিমারীর আতঙ্ক আবহে, মূর্তিমতী বরাভয় হয়ে দাঁড়ান কোনও নারী চিকিৎসক তখনই আমরা অনুভব করি চিকিৎসা ক্ষেত্রে এই প্রথম নারী বিপ্লবীর অমলিন অস্তিত্বকে।

(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)

> এলিজাবেথ ব্ল্যাকওয়েল-এর নিঃসঙ্গ জীবনে অবলম্বন হয়ে ওঠেন তাঁর দত্তক নেওয়া কন্যা-ক্যাথারিন ব্যারি। অবশ্য, ব্যারিকে কোনও স্বাধীনতা বা বিবাহ করার সুযোগ দেননি বলে অভিযোগ উঠেছিলো এলিজাবেথ ব্ল্যাকওয়েল-এর বিরুদ্ধে। এলিজাবেথ -এর মৃত্যুর সময় ইংল্যান্ডের সাসেক্স কাউন্টির অন্তর্গত হেস্টিংস-এর এক্সমাউথ প্লেস-এর বাড়িতে তাঁর পালিতা মায়ের শিয়রেই ছিলেন কেটি ব্যারি।


# ছোট পার্বত্য শহর কৌশানি

কৌশানি হল ভারতের উত্তরাখণ্ড রাজ্যের বাগেস্বর জেলায় অবস্থিত একটি ছোট পার্বত্য শহর। ১৮৯০ মিটার উচ্চতায় কৌশানি স্বর্গীয় সৌন্দযের কোনও তুলনা হয় না। হিমালয়ের ৩০০ কিমি ব্যাপ্ত প্যানারমিক ভিউ, বিশেষত সূর্যোদয় ও সূর্যাস্তের মোহময়ী রংবদল আপনাকে এক অপার্থিব জগতের সন্ধান দেবে। মহাত্মা গান্ধী এখানে ১৪ দিন থেকে অনাসক্তি যোগের ওপর বই লিখেছিলান।

**কিভাবে যাবেনঃ** কোলকাতা থেকে সরাসরি ট্রেনে কাঠগদাম পৌঁছে গাড়িতে কৌশানি।

**কোথায় থাকবেনঃ**
কৌশানিতে বিভিন্ন প্রান্তে ট্যুরিজমের হোটেলগুলো ছড়িয়ে আছে। ভাল হোটেল গান্ধী আশ্রম কাছাকাছি শহরের প্রান্তবর্তী বসতি এলাকা অবস্থিত।

**কী দেখবেনঃ**



কৌশানিতে প্রধান আকর্ষণ নন্দা দেবী বিন্যাস মহিমান্বিত দৃশ্য। হিমালয় দর্শন ও এখানকার পাইন, ওক এবং ফারের ছাওয়া শান্ত পরিবেশ কৌশানির মুল আকর্ষণ। অন্যান্য আকর্ষণের মধ্যে গান্ধী আশ্রম, গিরিহাস উত্তরাঞ্চল চা প্রাঃ লিমিটেড, শাল ফ্যাক্টরী, বৈজনাথ মন্দির, স্থানীয় বাজার।

**প্রথম দিন দেখুনঃ**

গান্ধী আশ্রমঃ গান্ধীজির স্মৃতি-বিজড়িত অনাশক্তি আশ্রমে ওনার ব্যবহৃত চরকা, বইপত্র, লাখার সামগ্রী এবং অসংখ্য ছবি।

পান্থ মিউজিয়ামঃ কৌশানি বাসস্ট্যান্ডের কাছে পান্থ মিউজিয়ামে কবি সুমিত্রানন্দন পন্থের স্মৃতি-বিজড়িত জিনিসপত্রের সংগ্রহশালা। চা বাগান। কুমায়ুন শাল এম্পোরিয়াম।

**দ্বিতীয় দিন দেখুনঃ**
বৈজনাথঃ কৌশানি থেকে ১৯ কিমি দূরে ১১২৬ মিটার উচ্চতায় বৈজনাথ মন্দির কমপ্লেক্সকে তিন দিক দিয়ে ঘিরে রেখেছে গোমতী নদী। এখানে দেখবেন দ্বাদশ শতকের শিব, গণেশ, পার্বতী, চণ্ডিকা, কুবের, সূর্য্য এবং ব্রহ্মার মন্দির। মন্দিরগুচ্ছের ব্যাকগ্রাউন্ডে তুষারশুভ্র হিমালয়ের ঝকঝকে উপস্থিতি।বাগেশ্বরঃ কৌশানি থেকে ৪০ কিমি দূরে গোমতী ও সরযূ নদীর সংগমস্থলে ৯৬০ মিটার উচ্চতায় কুমায়ুনের বিখ্যাত শৈবতীর্থ বাগেশ্বর। বহুপ্রাচীন বাঘনাথ শিবের মন্দির এখানকার মুখ্য আকর্ষণ। কাল পাথরের মন্দিরটি তৈরি হয়েছিল ১৪৫০ সালে। চণ্ডকা মন্দিরঃ বাগেশ্বর মন্দির থেকে ৫০০মিটার দূরে চণ্ডকা মন্দির।

সম্পাদকীয় পাতায় প্কাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# মুর্শিদাবাদ থেকে উদ্ধার দেড় কোটি টাকার মাদক, ধৃত ২

ফরাক্কা, ২৮ মার্চ (হি. স.) : পাচারের আগেই পর্দাফাঁস। মুর্শিদাবাদ থেকে প্রচুর টাকার মাদক-সহ গ্রেফতার ২। সোমবার অভিযুক্তদের তোলা হয় আদালতে। এই ঘটনার সঙ্গে জড়িত বাকিদের সন্ধান পাওয়ার চেষ্টায় পুলিশ।

পুলিশ সূত্র জানা গিয়েছে, ধৃতদের নাম লুটন শেখ ও গোলাম মুস্তফা। রবিবার রাতে একটি গাড়িতে করে শিলিগুড়ি থেকে আসছিল তাঁরা। সঙ্গে ছিল ৩ কেজি মাদক। যার আনুমানিক বাজার মূল্য দেড় কোটি টাকা। গোপন সূত্র মারফত বিষয়টি জানতে পারেন তদন্তকারীরা। এরপর ৩৪ নম্বর জাতীয় সড়কে সাগরদিঘির অনুপপুর এলাকা থেকে হেরোইন-সহ দুই যুবককে ধরে ফেলে পুলিশ। ঘটনাস্থল থেকেই গ্রেফতার করা হয় তাদের। জানা গিয়েছে, লুটন শেখ এর আগে উত্তর প্রদেশে মাদক পাচারের অভিযোগে গ্রেফতার হয়। নাগাল্যান্ডে গ্রেফতার হয়েছিল গোলাম মোস্তাফা।

এদিকে মুর্শিদাবাদের লালগোলা থানার পুলিশ লালগোলার কালিয়াগাছি এলাকায় অভিযান চালিয়ে এদিন রাতেই আবু সঈদ নামের ১ অস্ত্র ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ। তার কাছ থেকে উদ্ধার হয়েছে ৮টি ৭.৬৫ এম.এম পিস্তল। চলতি মাসে এ পর্যন্ত এটিই সবচেয়ে বড় আগ্নেয়াস্ত্র উদ্ধার বলে খবর। অন্যদিকে, রাণীনগর থানার থানার পুলিশ হারুডাঙ্গা এলাকা থেকে আরও এক অস্ত্র ব্যবসায়ীকে গ্রেপ্তার করা হয়েছে। তার কাছ থেকে ৩টি মাস্কেট, ১টি পিস্তল ও ৪টি গুলি বাজেয়াপ্ত করা হয়েছে। উল্লেখ্য, গত দু'মাসে মুর্শিদাবাদ পুলিশ জেলার বিভিন্ন থানার পুলিশ এবং স্পেশ্যাল অপারেশন গ্রূপ জেলার বিভিন্ন এলাকায় অভিযান ৮৪টি বিভিন্ন ধরণের পিস্তল, ১৭৯টি গুলি বাজেয়াপ্ত করেছে, এবং ৭৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে বলে জেলার পুলিশ সুপার কে শবরী রাজকুমার জানিয়েছেন।

# ভারত বনধের কোনও প্রভাব নেই বাঁকুড়ায়

বাঁকুড়া, ২৮ মার্চ (হি. স.) : বামেদের ডাকা ভারত বনধের কোনও প্রভাব পড়লো না বাঁকুড়ায় ।শ্রম কোড বাতিল, কেন্দ্রীয় সংস্থা গুলিকে বেসরকারী করন, দ্রব্য মূল্য বৃদ্ধি সহ এক গুচ্ছ দাবীতে বিভিন্ন বামপন্থী ট্রেড ইউনিয়ন ও বামদলগুলি ২৮ ও ২৯ মার্চ দুদিনের ভারত বনধের ডাক দেয় ।বেশ কয়েকদিন ধরে বনধের সমর্থনে প্রচার, মিটিং, মিছিল হলেও বন্ধের কোনও প্রভাব পড়েনি বাঁকুড়ায় ।সকাল থেকেই হাট বাজার দোকান, ব্যবসায়িক প্রতিষ্ঠান সবই অন্যান্য দিনের মতোই খোলা ।সরকারী অফিস গুলিও ছিল স্বাভাবিক ।শুধুমাত্র ব্যাঙ্ক বন্ধ ও বেসরকারি বাস চলাচল করে নি ।এর ফলে নিত্যযাত্রীরা সমস্যায় পড়েন ।এদিন সকালেই বনধ সমর্থকেরা মিছিল করে ।স্টেশন মোড়ে মুটিয়া শ্রমিকরা রাস্তা অবরোধ করে ।এছাড়াও মাচানতলা মোড়ে, ও জেলা প্রশাসন ভবনের কাছে অবরোধের চেষ্টা করলে উত্তেজনা ছড়ায় ।পুলিশ বনধ সমর্থকদের হটিয়ে দেয়।

# দার্জিলিংয়ের ম্যালে পায়ে হেঁটে ঘুরলেন মুখ্যমন্ত্রী, কথা বললেন স্থানীয়দের সঙ্গে

দার্জিলিং, ২৮ মার্চ (হি. স.) : উত্তরবঙ্গ সফরে গিয়ে সোমবার বেলা সাড়ে দশটা নাগাদ জনসংযোগের উদ্দেশ্যে বেরিয়ে পড়েন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পায়ে হেঁটে ঘুরলেন ম্যাল, সিংমারী। কথা বললেন পর্যটক, ব্যবসায়ী, স্থানীয়দের সঙ্গে।

রবিবার তিনদিনের উত্তরবঙ্গ সফরে গিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। ম্যাল, সিংমারী-সহ বিভিন্ন এলাকায় এদিন তিনি ঘোরেন পায়ে হেঁটে। রাস্তায় এক বৃদ্ধা মহিলা মুখ্যমন্ত্রীকে ডেকে কথা বলেন। জানান তাঁর সমস্যা, অসুস্থতার কথা। এরপরই জেলাশাসককে তড়িঘড়ি বৃদ্ধার চিকিৎসার নির্দেশ দেন মুখ্যমন্ত্রী। এদিন পর্যটকদের সঙ্গে কথা বলেন মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন দোকানে ঘুরে ব্যবসায়ীদের থেকে খোঁজ নিলেন মুখ্যমন্ত্রী। বেশ কিছুক্ষণ কথা বলেন তাঁদের সঙ্গে। দোকানের জিনিসপত্রও দেখেন। এছাড়াও স্থানীয় বাসিন্দাদের সঙ্গেও কথা বলেন তিনি।

# আদিবাসী যুগলের ঝুলন্ত দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য

পুরুলিয়া, ২৮ মার্চ (হি. স.) : পুরুলিয়া জেলার মানবাজার এলাকায় এক আদিবাসী যুগলের ঝুলন্ত দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। সোমবার সকালে জেলার মানবাজার থানার পুলিশ দেহ উদ্ধার করেন। জানা গেছে, মৃতদের নাম বৈদ্যনাথ হাঁসদা (২৮), সুস্মিতা সরেন (১৯) । সোমবার সকালে স্থানীয়দের কাছ থেকে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে দেহ দু'টি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। মানবাজার থানা এলাকার জামবনি শহরডির বাসিন্দা বৈদ্যনাথ হাঁসদার সঙ্গে ভালবাসার সম্পর্ক ছিল বরাবাজার থানার অযোধ্যাডি গ্রামের সুস্মিতা সরেনের। বৈদ্যনাথ বিবাহিত ছিলেন। তাই এই ঘটনা বিবাহ বহির্ভূত সম্পর্কের জেরে ঘটে থাকতে পারে বলে প্রাথমিক ভাবে মনে করছে পুলিশ। আপাতত পুলিশ একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে।

# থমকে গেল জনজীবন, রাস্তায় দেখা মেলেনি সরকারি বাস

তিরুবনন্তপুরম, ২৮ মার্চ (হি.স.): কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নের ডাকা বনধের ভালোই প্রভাব পড়ল দক্ষিণ ভারতের রাজ্য কেরলে। থমকে গিয়েছে জনজীবন, রাস্তায় দেখা মেলেনি সরকারি বাস। শুধুমাত্র সরকারি বাস নয়, ট্যাক্সি, অটো এবং বেসরকারি বাসও সোমবার রাস্তায় নামেনি। জরুরি পরিষেবার সঙ্গে যুক্ত, এমন পরিষেবা ছাড়া সমস্ত কিছুই স্তব্ধ হয়ে পড়ে এদিন ।তিরুবনন্তপুরম-সহ কেরলের বিভিন্ন প্রান্তে বন্ধ ছিল দোকানপাট, বাজার। বন্ধ ছিল ব্যাঙ্ক, এটিএম-র শাটারও ছিল বন্ধ। সবমিলিয়ে বনধের ভালোই প্রভাব পড়েছে কেরলে। বনধের সমর্থনে কেরলে এদিন মিছিলও বের হয়। দক্ষিণ ভারতের আরেকটি রাজ্য অন্ধ্রপ্রদেশেও এদিন বনধের সমর্থনে মিছিল বের হয়।

# বনধ ঘিরে তুমুল উত্তেজনা পুড়ল প্রধানমন্ত্রীর কুশপুতুল

কলকাতা, ২৮ মার্চ (হি. স.) : দেশজুড়ে বনধের ডাক দিয়েছে বাম-কংগ্রেস সহ ট্রেড ইউনিয়নগুলি। ২৮ ও ২৯ মার্চ এই দু'দিন ব্যাপী সর্বভারতীয় সাধারণ ধর্মঘটের ডাক দিয়েছে তারা। বনধ ঘিরে তুমুল উত্তেজনা হয় কিছু জায়গায়। দুর্গাপুরে পোড়ানো হয় প্রধানমন্ত্রীর কুশপুতুল। কেন্দ্রের কৃষক-শ্রমিক ও জনবিরোধী একাধিক নীতির বিরোধীতায় পথে ডান-বাম শ্রমিক সংগঠনগুলি। মোট বারো দফা দাবি জানিয়ে সোম ও মঙ্গলবার ৪৮ ঘণ্টা ধর্মঘটের ডাক দিয়েছে তারা। এই বনধে সামিল হয়েছে অল ইন্ডিয়া ব্যাঙ্ক এমপ্লয়েজ অ্যাসোসিয়েশনের সদস্যরাও। রবিবার ব্যাঙ্ক বনধের পর সোম ও মঙ্গলবার ধর্মঘটের কারণে ব্যাঙ্কিং থেকে এটিএম পরিষেবায় প্রভাব পড়ে। এই ধর্মঘটে সামিল রেল ও পরিবহণ কর্মীরা ।ফলে প্রভাব পড়ে পরিবহণেও ।পূর্ব মেদিনীপুরের চণ্ডীপুরে ১১৬ বি জাতীয় সড়কে শুয়ে পড়ে বিক্ষোভ দেখানো হয়। তা নিয়ে ধর্মঘটিদের সঙ্গে পুলিশের বচসা হয়। অন্যদিকে, পাঁশকুড়ার মেচোগ্রামের কাছে ৬ নম্বর জাতীয় সড়কে ধর্মঘটিদের সঙ্গে পুলিশের বচসা, ধস্তাধস্তি হয়। অবরোধের জেরে একঘণ্টা রাস্তায় আটকে থাকেন পশ্চিম মেদিনীপুরের নারায়ণগড়ের তৃণমূল বিধায়ক সূর্যকান্ত অট্ট।

# বামেদের ডাকা ৪৮ ঘণ্টার বনধে মিশ্র প্রভাব উত্তরবঙ্গজুড়ে

শিলিগুড়ি, ২৮মার্চ (হি. স.) : কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন সমূহ ও বিভিন্ন সরকারি কর্মচারী সংগঠন ও ফেডারেশনগুলির ডাকা ৪৮ ঘণ্টা সাধারণ ধর্মঘট সোমবার ও মঙ্গলবার। প্রথমদিন অর্থাৎ সোমবারে মিশ্র প্রভাব পড়ল উত্তরবঙ্গে। কোথাও বা অশান্তি আবার কোথাও নিত্যদিনের ধারাবাহিকতা বজায় থাকল। শিলিগুড়িতে সকাল থেকেই সমস্ত সরকারি বাস চলাচল করেছে। অন্যান্য পরিবহন ব্যবস্থাও সচল। তবে শহরের বিভিন্ন জায়গায় বনধকে সমর্থন করে মিছিল বের করেছিল বাম কর্মী-সমর্থকরা।

অন্যদিকে, প্রথমদিন ভালোই সাড়া পড়ল হেলাপাকড়িতে। সকাল থেকে ওষুধ বাদে সমস্ত দোকানপাট বন্ধ রয়েছে। সরকারি প্রতিষ্ঠান খোলা থাকলেও উপস্থিতির হার স্বাভাবিকের তুলনায় অনেক কম। বন্ধ রয়েছে বেসরকারি প্রতিষ্ঠানগুলি। হেলাপাকড়ি বাসস্ট্যান্ডে অল্প সংখ্যক টোটো থাকলেও যাত্রীবাহী গাড়ির দেখা মেলেনি। ধর্মঘট সফল করতে সমর্থকদের তৎপরতা দেখা গেলেও বিরোধিতায় কাউকে দেখা যায়নি।ধর্মঘটের সমর্থনে সোমবার সকালে এআইইউটিইউসির আলিপুরদুয়ার জেলার বীরপাড়া ইউনিটের তরফেও বাসস্ট্যান্ড এবং বাজার চত্বরে মিছিল করা হয়। এছাড়া এআইইউটিইউসি এবং সিটু পৃথকভাবে বীরপাড়া বাজার চত্বরে ধর্মঘটের সমর্থনে পিকেটিং করে। এদিন বীরপাড়ার বেশিরভাগ দোকানপাট বন্ধ ছিল। সবজি বাজার বসলেও ক্রেতার সংখ্যা ছিল কম। হাতে গোনা চার পাঁচটি সরকারি বাস দেখা গিয়েছে।

দেশজুড়ে ডাকা বনধের প্রভাব পড়েছে রায়গঞ্জে।সকালে দু-তিনটি সরকারি বাস চললেও বেসরকারি বাস দেখা যায়নি। শহরের কোথাও বিক্ষোভ, কোথাও মিছিল, কোথাও আবার রাস্তা অবরোধ ছিল। অন্যদিকে, তৃণমূল শ্রমিক সংগঠনের জেলা সভাপতি শেখর দাসের নেতৃত্বে গুটি কয়েক কর্মী বনধের বিরোধিতা করা উত্তেজনা সৃষ্টি হয়।বাম শ্রমিক সংগঠনের ডাকা ভারত বনধের আংশিক প্রভাব পড়ল চোপড়ায়। বনধ সমর্থকরা ঘিরনিগাঁওয়ের লালবাজারে কিছুক্ষণ রাস্তা অবরোধ করে। দাসপাড়া বাজার এলাকায় পিকেটিং করা হয়। তবে বেলা বাড়তেই দোকান পসার খুলতে শুরু করে।

ডালখোলায় ৩৪ নম্বর জাতীয় সড়ক অবরোধ করে যান চলাচল স্তব্ধ করে দেয় বনধ সমর্থকরা। পিকেটিং করা হয় বিভিন্ন সরকারি ও বেসরকারি ব্যাংকগুলির সামনে। এদিন বেসরকারি বাস না চললেও সরকারি বাস চলতে দেখা যায় রাজপথে। কোনও রকম অপ্রীতিকর ঘটনা এড়াতে শহরজুড়ে মোতায়ন করা হয়েছে বিশাল পুলিশ বাহিনী।

দু দিনের ডাকা ভারত বনধের সমর্থনে সোমবার নাগরাকাটায় মিছিল করল সিপিএম। এতে দলের চা শ্রমিক সংগঠন চা বাগান মজদুর ইউনিয়নও শামিল হয়। মিছিলটি লুকসানের ক্যারন রেল স্টেশনে গিয়েও কেন্দ্র সরকারের নানা নীতির প্রতিবাদ জানায়।

বনধের মিশ্র প্রভাব পড়ল নিশিগঞ্জে। সকালে বাম কর্মীরা বনধের সমর্থনে নিশিগঞ্জে পথে নামে। যদিও পরে তৃণমূল নেতৃত্বের তৎপরতায় খুলে যায় নিশিগঞ্জ বাজারের বিভিন্ন দোকানপাট।নকশালবাড়ি সিপিএমের তরফে এদিন বাসস্ট্যান্ডে বিক্ষোভ করা হয়। বাস থেকে শুরু করে অটো টোটো, দোকান পাট সমস্ত কিছু বন্ধ করে দেন সিপিএমের কর্মীরা। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে পুলিশ মোতায়েন করা হয়েছে। ব্যাংক, সরকারি স্কুলের গেট বন্ধ করে সিপিএমের ঝান্ডা লাগিয়ে বিক্ষোভ দেখান কর্মীরা।এদিন বনধের সমর্থনে গাজোলের পথে নামে সিটু সহ বিভিন্ন বাম সংগঠন। ৫১২ নম্বর জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান বনধ সমর্থকরা। যদিও কিছুক্ষণ পর অবরোধ তুলে দেয় পুলিশ।

অন্যদিকে, বনধের প্রভাব একেবারেই পড়েনি জয়গাঁ, বানারহাট, কিশনগঞ্জে। সোমবার সকাল থেকে লক্ষ্যে করা গেল শ্রমিকরা স্বতঃস্ফূর্ত ভাবে কাজে যোগদান দিয়েছে। সরকারি বাসের পাশাপাশি বেসরকারি বাস, অটো, ছোটগাড়ি চলতে দেখা যায়। দোকানপাট খোলা ছিল।

ফরাক্কায় বামেদের ডাকা ধর্মঘটে বাজার ছাড়া অন্যান্য প্রতিষ্ঠান কার্যত খোলা ছিল। সকাল থেকে ফারাক্কা ব্যারেজ মার্কেট এবং সংলগ্ন অন্যান্য মার্কেটে একপ্রকার বন্ধ ছিল। কিন্তু স্কুল-কলেজ, অফিস-আদালত সর্বত্রই মানুষের উপস্থিতি লক্ষ্য করা গেছে। যদিও স্কুল-কলেজে ছাত্র-ছাত্রীদের সংখ্যাটা ছিল একটু কম। জাতীয় তাপবিদ্যুৎ কেন্দ্র এনটিপিসিতে শ্রমিকদের উপস্থিতি ছিল লক্ষণীয়। বিডিও অফিসও খোলা ছিল। পরবর্তীতে নিউ ফরাক্কা মোড়ে জাতীয় সড়কে একটি মিছিল সংগঠিত করা হয় ফরাক্কার বাম নেতা-নেত্রীদের তরফে।

বনধ সফল করতে গিয়ে বামপন্থীদের সঙ্গে পুলিশের ধস্তাধস্তিকে কেন্দ্র করে চরম উত্তেজনা তৈরি হল কুশমন্ডি থানা চত্বরে। এদিন সকালে কুশমন্ডি উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের বাঁধা দেয় বাম কর্মীরা। বিষয়টি মেনে নিতে পারেননি তৃণমূল কংগ্রেসের কুশমন্ডির ব্লক সাধারণ সম্পাদক পিযুস সাহা। তিনি প্রতিবাদ করতেই বামপন্থী কর্মীরা তেড়ে আসেন তার দিকে। ওই তৃণমূল নেতা কোনক্রমে স্কুলের ভেতরে ঢুকে পড়েন। এমন ঘটনার খবর পেয়ে থানা থেকে ছুটে যান আইসি তপন পাল সহ বিশাল পুলিশ বাহিনী। এরপর রাজ্য সড়কে আন্দোলনরত বামপন্থী কর্মীদের গ্রেপ্তার করে পুলিশ। এমন ঘটনায় বামপন্থীদের আন্দোলন কার্যত বন্ধ হয়ে যায়।

তিনজন বনধ সমর্থককে আটক করল মেটেলি থানার পুলিশ। সোমবার সকালে মেটেলি বাজারে বনধের সমর্থনে পিকেটিং করছিলেন তাঁরা। অন্যদিকে, বনধকে ঘিরে উত্তেজনা তৈরি হল মেটেলি ব্লকের সনগাছি চা বাগান এলাকায়। এদিন বনধ সমর্থনকারীরা লাল ঝান্ডা হাতে নিয়ে মিছিল করে সনগাছি রেল গেট এলাকায় রেল অবরোধ করতে যান। রাস্তায় তাদের আটকে দেয় জিআরপি ও মেটেলি থানার পুলিশ। পুলিশ ও জিআরপির বাধা সত্ত্বেও রেল লাইনে গিয়ে বসে পড়েন তাঁরা। প্রায় আধঘণ্টা পর প্রশাসনের অনুরোধে অবরোধ তুলে নেওয়া হয়।

# বগটুইয়ে অগ্নিদগ্ধ মহিলার অবস্থা সঙ্কটজনক

রামপুরহাট, ২৮ মার্চ (হি.স.): বীরভূম জেলার রামপুরহাটের বগটুই গ্রামে হিংসা ও অগ্নিকাণ্ডের ঘটনায় আহত তিন জন ভর্তি রয়েছেন রামপুরহাট হাসপাতালে। তাঁদের মধ্যে রয়েছেন অগ্নিদগ্ধ একজন মহিলাও। নাম নাজমা বিবি। সোমবার হাসপাতাল সূত্রে খবর, তাঁর শারীরিক অবস্থা অত্যন্ত সঙ্কটজনক। ভেন্টিলেশনে রাখা হয়েছে ওই মহিলাকে ।হাসপাতাল সূত্রের খবর, ওই মহিলার শরীরের ৬০ শতাংশের বেশি পুড়ে গিয়েছিল। কলকাতায় নিয়ে গিয়ে তাঁর চিকিৎসা করা একেবারেই সম্ভব ছিল না। তাই বীরভূমে পাঠানো হয় বিশেষজ্ঞ চিকিৎসকদের। আচমকাই ওই মহিলার শারীরিক অবস্থার অবনতি হয়েছে। আপাতত তাঁকে রাখা হয়েছে ভেন্টিলেশনে। মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ে চলেছেন ওই মহিলা।

# শ্রীলঙ্কার অর্থমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ জয়শঙ্করের

নয়াদিল্লি, ২৮ মার্চ (হি.স.): শ্রীলঙ্কার অর্থমন্ত্রী বাসিল রাজাপক্ষের সঙ্গে দেখা করলেন ভারতের বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর। সোমবার শ্রীলঙ্কার রাজধানী কলম্বোতে উভয়ের মধ্যে বেশ কিছুক্ষণ মত বিনিময় হয়। আর্থিক পরিস্থিতি ও ভারতের সমর্থনমূলক প্রতিক্রিয়া নিয়ে উভয়ের মধ্যে আলোচনা হয়েছে। টুইট করে ভারতের বিদেশমন্ত্রী জানিয়েছেন, প্রতিবেশী সর্বাগ্রে এই ধারণার দ্বারা আমরা চালিত হতে থাকব।

দ্বিপাক্ষিক সফর এবং বিমটেক বিমসটেক বৈঠকের জন্য সোমবারই শ্রীলঙ্কার রাজধানী কলম্বোতে পৌঁছন ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। পরে শ্রীলঙ্কার অর্থমন্ত্রী বাসিল রাজাপক্ষের সঙ্গে বৈঠক করেছেন তিনি। প্রসঙ্গত, বিমস্টেকের চেয়ারম্যান হিসাবে শ্রীলঙ্কা এবারের সম্মেলন ভার্চুয়ালি আয়োজন করছে। পঞ্চম বিমস্টেক শিখর সম্মেলনের প্রস্তুতি হিসেবে সংশ্লিষ্ট দেশগুলির শীর্ষ আধিকারিকরা বৈঠকে বসবেন। বিমস্টেকের সদস্য দেশগুলি হল বাংলাদেশ, ভুটান, ভারত, নেপাল, শ্রীলঙ্কা, মায়ানমার এবং থাইল্যান্ড। এই দেশগুলির মধ্যে বাণিজ্য, প্রযুক্তি, পর্যটন, পরিবহন সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা জোরদার করা বিমস্টেক মঞ্চের লক্ষ্য।

# প্রত্যক্ষদর্শী মিহিলালের শেখ সিবিআই-এর অস্থায়ী শিবিরে যেতে অস্বীকার

বীরভূম, ২৮ মার্চ (হি. স.) : বগটুই গণহত্যাকাণ্ডে অন্যতম সাক্ষী প্রত্যক্ষদর্শী মিহিলাল শেখ সিবিআই-এর অস্থায়ী শিবিরে যেতে অস্বীকার করলেন। তিনি পরিষ্কার জানিয়েছেন, তাঁর পক্ষে এই অবস্থায় সিবিআই শিবিরে যাওয়া সম্ভব নয়। পারলে তাঁরা আসুন তাঁর বাড়িতে।

প্রথমে তিনি সিবিআই শিবিরে যেতে রাজি হন। পরে আবার সিবিআই-এ ফোন করে বলেন তিনি যেতে পারছেন না। বয়ান দিতে কেন সিবিআই-কে বাড়িতে ডাকলেন মিহিলাল ? পরিবার সূত্রে জানা গিয়েছে, মিহিলাল একাধিক জনের পরামর্শ নিচ্ছেন। এবং তাঁদের পরামর্শেই মিহিলাল চান না সিবিআই শিবিরে যেতে। প্রথম কারণ মিহিলাল ভয় পাচ্ছেন, শিবিরে গিয়ে জেরার মুখে পড়লে, কোনও পরিস্থিতি তৈরি হলে তিনিও গ্রেফতার হতে পারেন। সেই ভয় রয়েছে মিহিলালের। কারণ ভাদু শেখ খুন ও তার পরবর্তী সময়ে তিনিও সেখানেই ছিলেন। এমনটাই পুলিশের কাছে খবর ছিল। সিবিআই-ও সেরকমই তথ্য সংগ্রহ করেছে বলে জানা যাচ্ছে। মিহিলাল এই ঘটনার অন্যতম সাক্ষী। গণহত্যার কিছুক্ষণ আগেই তিনি বাড়ি থেকে পালিয়ে গিয়েছিলেন। পরিবারকে ফেলে পালিয়েছিলেন তিনি। সেদিন সন্ধ্যা থেকে ঠিক কী কী হয়েছিল, তা তিনি জানেন। অন্য কারণ, মিহিলাল সিবিআই-কে জানিয়েছেন, তিনি মানসিক ও শারীরিকভাবে অসুস্থ। তাই সিবিআই শিবিরে যাওয়ার মতো তাঁর ক্ষমতা নেই।রবিবার রাতে সিবিআই-এর তরফে প্রথম ফোন যাওয়ার পর তিনি রাজি হয়েছিলেন সিবিআই জেরার মুখোমুখি হতে। সূত্রের খবর, তার কিছুক্ষণের মধ্যেই ওই নম্বরেই রিং ব্যাক করে মিহিলাল জানিয়ে দেন, তিনি সিবিআই শিবিরে যেতে পারবেন না।

# গন্ডার সুমারি কাজিরাঙায়

কাজিরাঙা, ২৮ মার্চ (হি. স.) : গন্ডার সুমারি হল কাজিরাঙায়। শনিবার শুরু হয় শুমারি। চলবে সোমবার পর্যন্ত। গন্ডার গণনার জন্য এই তিন দিন জাতীয় উদ্যানে হাতি সাফারি বন্ধ রাখা হয়েছে। এর আগে ২০১৮ সালে কাজিরাঙ্গায় গন্ডার শুমারি হয়েছিল। সে সময় ২৪১৩টি গন্ডারের দেখা মেলে সেখানে। কিন্তু দফায় দফায় বন্যা, চোরাশিকার সহ নানা কারণে গন্ডারের সংখ্যা নিয়ে আশঙ্কা দেখা দেয় ।পুরো কাজিরাঙা জাতীয় উদ্যানকে ৮৪ ভাগে ভাগ করে শনিবার কাজ শুরু হয়। রবিবার পর্যন্ত ৪৮ ভাগে গণনা হয়েছে। সোমবার কাজ হচ্ছে বাকি ৩৬ ভাগে।

# খুনের হুমকি পেলেন কৃষক নেতা রাকেশ টিকাইত

মুজফফরনগর, ২৮ মার্চ (হি.স.): খুনের হুমকি পেলেন ভারতীয় কিসান ইউনিয়নের নেতা রাকেশ টিকাইত। অজ্ঞাতপরিচয় এক ব্যক্তির কাছ থেকে মৃত্যুর হুমকি পেয়েছেন কৃষক নেতা রাকেশ টিকাইত, তাঁকে ওই ব্যক্তি অকথ্য ভাষায় গালিগালাজ করে বলেও অভিযোগ। ইতিমধ্যেই থানায় অভিযোগ জানিয়েছেন কৃষক নেতা রাকেশ টিকাইত ।এসএসপি অভিষেক যাদব জানিয়েছেন, কোন ব্যক্তি রাকেশ টিকাইতকে খুনের হুমকি দিয়েছে, তা জানতে তদন্ত শুরু হয়েছে। সিভিল লাইন্স থানায় টিকাইতের চালক পেরজভাল ত্যাগী অভিযোগ জানিয়েছেন।

# শাসক-বিরোধীর তরজায় রাজ্য-রাজনীতি সরগরম, মুখ্যমন্ত্রীর ভূমিকায় অসন্তুষ্ট কংগ্রেস

গুয়াহাটি, ২৮ মার্চ (হি.স.) : রাজ্যসভা নির্বাচন নিয়ে শাসক-বিরোধী উভয় দলের তরজায় রাজ্য-রাজনীতি সরগরম হয়ে উঠেছে। বিশেষ করে, রাজ্যসভার দ্বিতীয় আসন নিয়ে শাসক-বিরোধীর মধ্যে তর্কযুদ্ধ রাজ্য-রাজনীতিতে তোলপাড় চলছে। এই আবহের মধ্যে অসম প্রদেশ কংগ্রেসের কার্যনির্বাহী সভাপতি তথা উত্তর করিমগঞ্জের বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মার ভূমিকা নিয়ে যে অভিযোগ এনেছেন তা চলমান বিতর্ককে আরও উসকে দিয়েছে। মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা নিজের পদমর্যাদা ভুলে গিয়েছেন। আসন্ন রাজ্যসভা নির্বাচন নিয়ে মুখ্যমন্ত্রী ড় শর্মা একজন মন্ত্রী-বিধায়কের মতো ব্যবহার করছেন। এই অভিযোগ তুলেছেন প্রদেশ কংগ্রেসের কার্যনির্বাহী সভাপতি তথা বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ।

রাজ্যসভার দ্বিতীয় আসনের জন্য শাসক দলের সংখ্যা নেই, তদুপরিও বাঁকা পথে মুখ্যমন্ত্রী যে প্রলোভনের রাজনীতিতে নেমেছেন তা অত্যন্ত দুর্ভাগ্যজনক বলে মন্তব্য করেন কমলাক্ষ। বলেন, দ্বিতীয় আসনটি বিরোধীদের ছেড়ে দেওয়া উচিত ছিল। কিন্তু তা না করে শাসক দল, বিশেষ করে মুখ্যমন্ত্রী যে ভাঙাগড়ার খেলায় মেতে উঠেছেন, এই বিষয়টি গণতন্ত্রের পরিপন্থী বলে ক্ষোভ প্রকাশ করেন প্রদেশ কংগ্রেসের কার্যনির্বাহী সভাপতি কমলাক্ষ দে পুরকায়স্থ। পুরকায়স্থ বলেন, এতে একটা বিষয় পরিষ্কার, মুখ্যমন্ত্রী নিজের চেয়ারের মর্যাদাটাই ভুলে গিয়েছেন। গণতন্ত্রের স্বার্থে দলমতের উর্ধে ওঠে রাজ্যসভার দ্বিতীয় আসনটি বিরোধীদের জন্য ছেড়ে দেওয়া উচিত ছিল। কিন্তু শাসক দল ও মুখ্যমন্ত্রী এমনটা না করে গণতন্ত্রকে পদদলিত করছেন, অভিযোগ প্রদেশ কংগ্রেস নেতা তথা বিধায়ক কমলাক্ষের।

রাজ্যসভা নির্বাচন সম্পর্কে সোমবার কমলাক্ষ বলেন, "থ্রি লাইন হুইপ" মারাত্মক হুইপ। কেউ তা অমান্য করতে পারবে না। উদাহরণ তুলে ধরে তিনি বলেন, পশ্চিমবঙ্গ, মণিপুর ও জম্মু-কাশ্মীরে হুইপ লঙ্ঘনকারী বিধায়কদের পদ খারিজ হয়েছে। বিক্ষুব্ধ কংগ্রেসি বিধায়ক শশীকান্ত দাস প্রসঙ্গে কমলাক্ষ বলেন, তিনি এখন পর্যন্ত কংগ্রেসের বিধায়ক রয়েছেন তিনি। তাই "থ্রি লাইন হুইপ" তাঁকেও মানতে হবে। নইলে তাঁর বিধায়ক পদ খারিজ হবে বলে পরিষ্কার ভাষায় জানিয়ে দেন কমলাক্ষ।

বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারির নিরপেক্ষতা নিয়েও প্রশ্ন তুলেন তিনি। অধ্যক্ষের চেয়ারে বসে, শাসক দলের একজন সাধারণ কর্মীর মতো ব্যবহার করছেন বলে বিশ্বজিৎ দৈমারির বিরুদ্ধে গুরুতর অভিযোগ উত্থাপন করেছেন প্রদেশ কংগ্রেসের কার্যনির্বাহী সভাপতি তথা বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ।

এদিকে প্রদেশ কংগ্রেস নেতার মন্তব্যকে নস্যাৎ করে দিয়ে শাসক পক্ষ বলছে, কংগ্রেসের "থ্রি লাইন হুইপ"-এর বাস্তবে কোনও মূল্যই নেই। রাজ্যসভার দুটি আসনেই বিজেপি প্রার্থী জয়ী হবেন, এটা একশো শতাংশ নিশ্চিত। বিরোধীরা এখন পর্যন্ত কোনও ঐকমত্যে পৌঁছতে পারেননি। তাঁরা এখনও দ্বিধাবিভক্ত। দুই আসনেই বিজেপি প্রার্থীর জয় শুধু সময়ের অপেক্ষা মাত্র, দাবি শাসক পক্ষের।

# নির্দোষের ৩ মাস জেল, ব্যবস্থা গ্রহণের নির্দেশ হাইকোর্টের

কলকাতা, ২৮ মার্চ (হি. স.) : শুধুমাত্র পুলিশের ভুলে নির্দোষের ৩ মাস জেলের অভিযোগ শুনে বিস্মিত বিচারপতি দেবাংশু বসাক। হাইকোর্টে ভুল স্বীকার করেন তদন্তকারী অফিসার। স্তম্ভিত বিচারপতি দক্ষিণ দিনাজপুরের পুলিশ সুপারকে নির্দেশ দেন ওই তদন্তকারী অফিসারের বিরুদ্ধে শুরু করতে হবে বিভাগীয় তদন্ত।

এই সঙ্গে বিচারপতি বলেন, কী ব্যবস্থা গ্রহণ করা হল, সে বিষয়ে রিপোর্ট দিতে হবে কলকাতা হাইকোর্টকে। পাশাপাশি ঘটনার সঙ্গে জড়িত না থেকেও কেন চার্জশিটে নাম রইল পিন্টু মালির তা ওই রিপোর্টে উল্লেখ থাকতে হবে। চলতি বছরের জানুয়ারি মাসে দক্ষিণ দিনাজপুরের হিলি সীমান্ত অভিমুখে যাবার সময় ফেনসিডিলসহ গ্রেফতার হয় শামীম হোসেন। ঘটনার তদন্তে নেমে ৭ জানুয়ারি পাতিরাম থানার পুলিশ পিন্টু মালিকের বাড়িতে চড়াও হয়। অভিযোগ সে ফেনসিডিল পাচারের সঙ্গে যুক্ত। ওইদিনই তাকে গ্রেফতার করা হয়। পুলিশ চলতি বছরের ২৮ ফেব্রুয়ারি চার্জশিট পেশ করে। চার্জশিটে পিন্টু মালিকে অভিযুক্ত দেখানো হয়। পিন্টু কলকাতা হাইকোর্টে জামিনের আবেদন জানায়। হাইকোর্টের নির্দেশে সোমবার আদালতে হাজির হন তদন্তকারী অফিসার অসীম কুমার ঘোষ।বিচারপতি দেবাংশু বসাক জানতে চান শামীম-এর বয়ানে বা সাক্ষীদের বয়ানেও পিন্টু মালির নামের উল্লেখ নেই। তাহলে কেন তাঁকে গ্রেফতার করা হল। কেন চার্জশিটে তাঁর নাম এল? সরকারি আইনজীবী সঞ্জয় বর্ধন আদালতের কাছে স্বীকার করেন এটা সম্পূর্ণভাবে তদন্তকারী অফিসারদের গাফিলতি। বিচারপতি দেবাংশু বসাকের মন্তব্য, একজন তদন্তকারী অফিসারের ভুলের জন্য এক নির্দোষকে ৩ মাস জেল খাটতে হবে! তদন্তকারী অফিসারকে বিচারপতির প্রশ্ন, ৩ মাস আগে ফেনসিডিল উদ্ধারের সময় অভিযুক্ত শামীমের পোশাক কী ছিল? তদন্তকারী অফিসার অসীম কুমার ঘোষ আদালতকে জানান, পরনে ট্রাউজার আর গেঞ্জি ছিল যার রং ছিল কালো-সাদা।

বিচারপতি বসাকের ধমক তদন্তকারী অফিসারকে, ৩ মাস আগে কী রঙের জামা পড়েছিল অভিযুক্ত, সেটা মনে রাখতে পারলেন আর পিন্টু মালির নাম লেখার সময় আপনার ভুল হয়ে গেল! এটা কী করে সম্ভব। বিচারপতি দেবাংশু বসাকের মন্তব্য এমন তদন্তকারী অফিসারদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া উচিত।পাশাপাশি আবেদনকারীর ক্ষতিপূরণ তদন্তকারী অফিসারের পকেট থেকে নেওয়া উচিত।

# করিমগঞ্জের ৪৪০ জন সহ অসমের মোট ১৯,৩৫৪ জনকে বিদেশি নোটিশ

গুয়াহাটি, ২৮ মার্চ (হি.স.) : চলতি বছরের ফেব্রুয়ারি মাসের শেষ তারিখ পর্যন্ত করিমগঞ্জ জেলার ৪৪০ জন সহ রাজ্যের ৩৫টি জেলায় মোট ১৯,৩৫৪ জনকে বিদেশি নোটিশ পাঠানো হয়েছে। বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থের এক প্রশ্নের উত্তরে গৃহ দফতরের দায়িত্বপ্রাপ্ত মুখ্যমন্ত্রী ড় হিমন্তবিশ্ব শর্মা আজ সোমবার বিধানসভায় এ তথ্য তুলে ধরেছেন। সেই সঙ্গে এনআরসি নবায়ন প্রক্রিয়ার শিকার হয়ে অদ্যাবধি রাজ্যে করোর মৃত্যু হয়েছে বলে এখন পর্যন্ত অসম সরকারের কাছে কোনও তথ্য-প্রমাণ নেই বলেও বিধানসভার অধিবেশনে জানান মুখ্যমন্ত্রী।রাজ্যের বিভিন্ন ডিটেনশন ক্যাম্পে আজ পর্যন্ত কতজন লোক মারা গিয়েছেন? বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থের লিখিত অন্য আরেক প্রশ্নের জবাবে মুখ্যমন্ত্রী জানান, ডিটেনশন ক্যাম্পে অবস্থানকালীন বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে এখন পর্যন্ত সর্বমোট ৩১ জনের মৃত্যু হয়েছে। মৃত্যুবরণকারী ওই সকল লোকের ঠিকানা সহ বিস্তারিত তথ্যও লিখিতভাবে তুলে ধরেন মুখ্যমন্ত্রী ড় শর্মা।

এনআরসির কাজে কর্মরত ২৬২ জন জুনিওর অ্যাসিস্টেন্ট পদে যাঁরা কর্মরত ছিলেন, চাকরি থেকে তাঁদের ছাটাই করা হয়েছে? এই ২৬২ জন জুনিওর অ্যাসিস্টেন্টের পুর্বাসনের ক্ষেত্রে সরকারের কি কোনও পরিকল্পনা রয়েছে? এছাড়া কমলাক্ষ কর্তৃক এ সংক্রান্ত আরও অন্যান্য প্রশ্নের জবাবে মুখ্যমন্ত্রী তথা গৃহ বিভাগের অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত হিমন্তবিশ্ব শর্মা বিধানসভায় জানান, রাষ্ট্রীয় নাগরিক পঞ্জি (এনআরসি) নবায়নের কাজ থেকে অব্যাহতিপ্রাপ্ত ২৬২ জন জুনিওর অ্যাসিস্টেন্ট এ ব্যাপারে গুয়াহাটি উচ্চ আদালতে ডব্লিউপি (সি) ২৮৩১/২০২১ নম্বরে একটি রিট পিটিশন দাখিল করেছেন। বর্তমানে বিষয়টি আদালতের বিচারাধীন। যেহেতু বিষয়টি আদালতে বিচারাধীন, তাই এ বিষয়ে কোনও মন্তব্য করা যাবে না বলে লিখিতভাবে বিধানসভাকে জানান মুখ্যমন্ত্রী।

এনআরসির জন্য সরকার অনেকের আধার বায়োমেট্রি ফ্রিজ করে রেখেছে। যাঁদের আধার বায়োমেট্রি ফ্রিজ করে রাখা হয়েছে, তাঁরা বিভিন্ন সরকারি সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হয়েছেন। এ ব্যাপারে সরকার কি অবগত? এ বিষয়ে সরকার কি কোনও সদর্থক পদক্ষেপ নেবে? সেই সঙ্গে এনআরসির রিজেকশন স্লিপ কবে দেওয়া হবে? বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থের এ সব লিখিত প্রশ্নের জবাবে মুখ্যমন্ত্রী ড় হিমন্তবিশ্ব শর্মা লিখিতভাবে জানান, অত্যন্ত স্পর্শকাতর এই বিষয়গুলো কেন্দ্রীয় সরকারের অধীনে রয়েছে। তবে বিভিন্ন ব্যক্তি তথা সংগঠন কর্তৃক দাখিলকৃত আবেদনের ভিত্তিতে সরকার এ বিষয়ে অবগত হয়েছে। অত্যন্ত স্পর্শকাতর এই বিষয়টি নিয়ে কেন্দ্রীয় গৃহ মন্ত্রালয়ের সঙ্গে রাজ্য সরকার যোগাযোগ রেখে চলছে বলে বিধানসভায় জানান মুখ্যমন্ত্রী ড় শর্মা।

# হরেকরকম

হরেকরকম

হরেকরকম

## ওজন কমানোর আসল চাবিকাঠি কি খাদ্যাভ্যাসে কম কার্বোহাইড্রেইট ?



ওজন কমাতে চাইলে শুরুতেই মাথায় আসে খাবার তালিকা থেকে শর্করা বা কার্বোহাইড্রেইট বাদ দেওয়ার কথা। কার্বোহাইড্রেইট দ্রুত রক্তে চিনির পরিমাণ বাড়ায় ও ওজন বৃদ্ধিতে ভূমিকা রাখে, এ কথা ঠিক। এটাও মনে রাখতে হবে, সব কার্বোহাইড্রেইট ক্ষতিকর নয়।

স্বাস্থ্যবিষয়ক একটি ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদন অবলম্বনে ওজন কমাতে কম কার্বোহাইড্রেইট বা শর্করা-জাতীয় খাবার কতটা কার্যকর বা ক্ষতিকর সে সম্পর্কে জানানো হল।

'লো-কার্ব ডায়েট' বা কম শর্করা-জাতীয় খাদ্যাভ্যাস খাবারে কম কার্বোহাইড্রেইট গ্রহণ করাকে 'লো-কার্ব ডায়েট' বলে। এই ধরনের খাবার তালিকায় শর্করার পরিমাণ কম ও এর ঘাটতি পূরণে উচ্চ চর্বি ও উচ্চ প্রোটিন ধরনের খাবার যুক্ত করা হয়। এই ধরনের খাদ্যাভ্যাস কোলেস্টেরল ও রক্ত চাপের ঝুঁকি কমায়। তাই 'লো-কার্ব ডায়েটে' কার্বোহাইড্রেইটের কিছু প্রকার, শরীরের প্রয়োজনীয় ও উপকারী পুষ্টি উপাদান যোগ করা হয়। কম কার্বোহাইড্রেইটে কি আদৌ ওজন কমে?

ওজন কমানোর গবেষণা অনুযায়ী কম কার্বোহাইড্রেট ধরনের খাবার কম চর্বি-জাতীয় খাবারের মতোই ভূমিকা পালন করে। তবে কম কার্বোহাইড্রেইট ধরনের খাবার গ্রহণে অনেকেই নানা রকমের সমস্যার মুখোমুখি হন।

কম-কার্বোহাইড্রেইট-জাতীয় খাবার স্বাস্থ্যঝুঁকি বাড়ায়

স্থূলকায় ব্যক্তিদের মধ্যে যারা 'ইন্সুলিন রেজিস্ট্যান্স' তাদের রক্তে শর্করার মাত্রা ঠিক না হওয়া পর্যন্ত কম কার্বোহাইড্রেট যুক্ত খাবার খাওয়া উপকারী। এটা কোলেস্টেরল ও রক্তচাপ স্বাভাবিক রাখতেও সহায়তা করে। খাবার তালিকায় কার্বোহাইড্রেইট না থাকা স্বাস্থ্যের ওপর প্রভাব ফেলে। একেবারেই কার্বোহাইড্রেইট গ্রহণ না করায় শরীর শক্তি উৎপাদন করার জন্য দেহের চর্বি ও পেশি ভাঙা শুরু করে। ফলে বিপাকক্রিয়াও কমতে থাকে।

হুট করে কার্বোহাইড্রেইট গ্রহণের মাত্রা বেশি কমিয়ে ফেললে তা শরীরের প্রয়োজনীয় পুষ্টির ঘাটতি সৃষ্টি করে। কিছু কার্বোহাইড্রেইট শরীরের জন্য উপকারী ও প্রয়োজনীয়। যেমন- শস্য, আঁশ সমৃদ্ধ খাবার ও ফল।


কার্বোহাইড্রেইট গ্রহণের মাত্রা খুব বেশি কমিয়ে ফেললে তা গ্যাস্ট্রিক গ্রন্থির সমস্যা যেমন- কোষ্ঠকাঠিন্য ও বমিভাবের সৃষ্টি করে।

দীর্ঘদিন কার্বোহাইড্রেইট গ্রহণ না করা হলে মাথা ব্যথারও সৃষ্টি করে। ভালো কার্বহাইড্রেট গ্রহণে চেষ্টা করতে হবে কম কার্বোহাইড্রেইট গ্রহণ শরীরের খানিকটা ওজন কমতে সহায়তা করে। তবে শরীর সক্রিয় রাখতে প্রয়োজনীয় পুষ্টির ঘাটতিও দেখা দেয়। তাই কার্বোহাইড্রেইট কমানোর বদলে বরং আঁশ সমৃদ্ধ 'জটিল শর্করা' যুক্ত খাবার গ্রহণ করা ভালো। এটা বিপাক বাড়াতে সাহায্য করে। ভালো কার্বোহাইড্রেইট ওজন কমানোর পাশাপাশি উচ্চ ক্যালরি যুক্ত খাবার গ্রহণের ঝুঁকি কমায়।

## কমলার চেয়েও বেশি ভিটামিন সি রয়েছে যেসব খাবারে

রোগপ্রতিরোধ ক্ষমতা বাড়াতে সবচেয়ে বেশি কার্যকর হল ভিটামিন সি। আর এই ভিটামিন লেবু ও কমলা থেকে পাওয়া যায় বলে করোনাভাইরাস মহামারীর সময়ে এসব ফলের দামও বেশি হয়ে গেছে।

তবে ভিটামিন সি পাওয়ার



আরও উৎস রয়েছে।

পুষ্টি-বিষয়ক একটি ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদন অবলম্বনে কমলার চেয়েও বেশি ভিটামিন সি পাওয়া যায় যায় এমন কয়েকটি খাবারের নাম সম্পর্কে জানান হল।

ভিটামিন সি'য়ের কথা বললে প্রথমেই মাথায় আসে কমলার কথা। এর এটা ভিটামিন সি'য়ের ভালো উৎস। মাঝারি মাপের একটা কমলাতে ৬৯.৭ মি.গ্রা ভিটামিন সি থাকে। কমলা ছাড়াও ভিটামিন সি পাওয়া যায় এমন কয়েক টি খাবারের নাম সম্পর্কে জানানো হল।

পেঁপে: গবেষণায় দেখা গেছে, পেঁপে হজম শক্তি বাড়ায়, ত্বক উজ্জ্বল করে, সাইনাস পরিষ্কার করতে ও হাঁড় সুদৃঢ় করতে সহায়তা করে। এক কাপ পেঁপেতে ৮৮.৩ মি.গ্রা. ভিটামিন সি পাওয়া যায়।

স্ট্রবেরি: এক কাপ স্ট্রবেরিতে ৮৭.৪ মি.গ্রা. ভিটামিন সি থাকে। এছাড়াও এতে আছে পর্যাপ্ত ফোলাট ও অন্যান্য যৌগ যা হৃদযন্ত্র সুস্থ রাখতে সহায়ক। স্ট্রবেরি দাঁত সাদা করতেও সহায়তা করে।

ফুলকপি: আগুনে ঝলসে বা সিদ্ধ যে কোনো উপায়েই ফুলকপি খাওয়া উপকারী। ছোট আকারের ফুলকপিতে ১২৭.৭ মি.গ্রা. ভিটামিন সি, ৫ গ্রাম আঁশ ও ৫ গ্রাম প্রোটিন থাকে।

আনারস: আনারসে আছে ব্রমেলাইন নামক হজমের এঞ্জাইম যা, খাবার ভাঙতে ও ফোলাভাব কমাতে সহায়তা করে। ব্রমেলাইন প্রাকৃতিক প্রদাহনাশক হিসেবে কাজ করে ও শরীরচর্চার পরে হওয়া ক্ষয় কমাতেও সাহায্য করে। এক বাটি আনারস থেকে সাধারণত ৭৮.৯ মি.গ্রা. ভিটামিন সি পাওয়া যায়। ব্রকলি: রয়েছে ক্যান্সার রোধী উপাদান। এক বাটি ব্রকলিতে ১৩২ মি.গ্রা. ভিটামন সি ও আঁশ থাকে।

আম: এই ফল ভিটামিন এ'র ভালো উৎস। মাঝারি মাপের আমে ১২২.৩ মি.গ্রা. ভিটামিন সি থাকে।

লাল ক্যাপ্সিকাম: নিম্ন ক্যালরি ও উচ্চ পুষ্টি উপাদান সমৃদ্ধ। এটা মন ভালো রাখে এবং এর সাহায্যে মজাদার খাবারও তৈরি হয়। ১০০ গ্রাম লাল ক্যাপ্সিকামে ১২৭.৭ মি.গ্রা. ভিটামিন সি থাকে।

## খাঁটি মধু চেনার উপায়



বাজারে নানান ধরনের মধু পাওয়া যায়। আবার রাস্তা-ঘাটেও ফেরি করে বিক্রি করা হয় মধু। এই ভেজালের যুগে মধু খাঁটি কি-না সেটা বোঝার জন্য রয়েছে কিছু কৌশল।

পুষ্টি-বিষয়ক একটি ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদনে ভারতের মধু'র ব্র্যান্ড 'সুইটনেস অফ এথনিক'য়ের প্রতিষ্ঠাতা আয়ুশ সার্দা'র দেওয়া পন্থাগুলো খাঁটি মধু চেনাতে সাহায্য করবে।

* খাঁটি মধু ফ্রিজে রাখা হলে কখনও জমাট বাঁধবে না বা দানা দানাভাব হবে না। ঘন তরল-ভাবটাই থাকবে। তবে ভেজাল মধু ফ্রিজে রাখলে জমে যাবে এবং স্ফটিকের মতো দানাভাব দেখা দিবে। এমনকি মধুর উপরের অংশে সাদা স্তরও দেখা দেবে, যা আসলে চিনি।

* কাঁচা খাঁটি মধুতে সাদা ফেনা বা বুদবুদের মতো দেখা দেবে। এটা খাঁটি মধু চেনার চিহ্ন, এর থেকে বোঝা যায় এই মধুতে কোনো রাসায়নিক দ্রব্য মেশানো হয়নি।

* খাঁটি মধুতে ম্যাচের কাঠি ডুবিয়ে আগুন ধরালে সঙ্গে সঙ্গে জ্বলে উঠবে। যদি না জ্বলে তবে বুঝতে হবে সেটা ভেজাল মধু।

* ভিনিগারের সঙ্গে মধু মিশিয়ে সহজেই মধুর মান নির্ণয় করা যায়। ভিনিগার গোলানো পানিতে কয়েক ফোঁটা মধু দিয়ে মেশাতে হবে। যদি মিশ্রণে ফেনা দেখা দেয় তাহলে বুঝতে সেটা ভালো মধু নয়।

* সুন্দরবনের মধু ও পাহাড়ি অঞ্চলের মধুর মধ্যে পার্থক্য থাকবে। বনাঞ্চলের আর্দ্র পরিবেশের কারণে মধু পাতলা হয়। আর পাহাড়ি এলাকার শুষ্ক ও ঠাণ্ডা পরিবেশের জন্য মধু হয় ঘন। আবহাওয়া মধুর ওপর সবসময় প্রভাব রাখে। সুন্দরবন হচ্ছে 'ম্যানগ্রোভ' বা শ্বাসমূলীয় বন। এই বনের বেশিরভাগ গাছের মূল পানির মধ্যে থাকে, আর পরিবেশও আর্দ্র। তাই মনে রাখতে হবে খাঁটি সুন্দরবনের মধু সবসময় হবে পাতলা তরল।

## শর্করার বিকল্প কয়েকটি খাবার



দেহে শর্করার চাহিদা হওয়া খুবই স্বাভাবিক। মস্তিষ্কের জ্বালানি শর্করা। আর মিষ্টি-জাতীয় খাবারকে মস্তিষ্ক পুরষ্কার হিসেবে গণ্য করে। তাই দেহে শর্করার চাহিদা হলে মিষ্টি খাওয়ার ইচ্ছেকে সহজে নিয়ন্ত্রণ করা যায় না। তবে অতিরিক্ত শর্করা শরীরের জন্য ক্ষতিকর।

তাই চিনি-যুক্ত খাবারের চাইতে শর্করার চাহিদা মেটায় এরকম খাবার খাওয়া উপকারী।

স্বাস্থ্যবিষয়ক একটি ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদন অবলম্বনে চিনির প্রাকৃতিক কয়েকটি বিকল্প সম্পর্কে জানানো হল।

কাঠ-বাদাম: পুষ্টি উপাদান সমৃদ্ধ ও মজাদার। তাই স্বাস্থ্যকর নাস্তা হিসেবে এটা উপকারী। কাঠবাদাম নিম্ন 'গ্লাইসেমিক ইন্ডেক্স' সমৃদ্ধ ও পুষ্টি উপাদান যেমন- আঁশ, ভালো চর্বি, ভিটামিন ই এবং খনিজ যেমন- ম্যাগনেসিয়াম ও পটাশিয়াম সমৃদ্ধ। আরও রয়েছে ভিটামিন ই (আলফা-টোকোফেরল) যা 'অ্যান্টি-এইজিং' উপাদান হিসেবে কাজ করে। যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব লিডস'য়ের করা এক গবেষণা থেকে ওজন নিয়ন্ত্রণে কাঠবাদামের ইতিবাচক ভূমিকা সম্পর্কে জানা যায়। এটা ক্ষুধা নিয়ন্ত্রণে রাখতে সহায়ক। তাই, নাস্তা হিসেবে কাঠবাদাম খাওয়া অতিরিক্ত ও অস্বাস্থ্যকর খাবার খাওয়ার ঝুঁকি কমায়। কাঠবাদাম উচ্চ চর্বিবহুল হওয়ায় ওজন নিয়ন্ত্রণে রাখতে যে কেউ তা খাবার তালিকায় যোগ করতে পারেন।

বেরি: উচ্চ অঁশ সমৃদ্ধ ও কম শর্করাযুক্ত। বেরির ধরণ অনুযায়ী এতে ৫০ থেকে ৮৫ ক্যালরির থাকে। এটা কম ক্যালরিযুক্ত ও বেশি পুষ্টি সমৃদ্ধ। এছাড়াও রয়েছে ভিটামিন ও খনিজ। সকালের নাস্তায় দই বা কটেজ পনিরের সঙ্গে বেরি যোগ করে খাওয়া যায়। এই ফল অ্যান্টিঅক্সিডেন্টের ভালো উৎস যা দিনের শুরুতে খুব ভালো কাজ করে।

কলা: কলা ভিটামিন বি৬, ভিটামিন সি, খাদ্য আঁশ ও পটাশিয়াম সমৃদ্ধ। উচ্চ পটাশিয়াম ইলেক্ট্রোলাইটের ভারসাম্য বজায় রাখতে সহায়ক। এই ফল চর্বি, কোলেস্টেরল ও সোডিয়াম মুক্ত। এতে সামান্য পরিমাণ ম্যাগনেসিয়াম-ও থাকে।

কলা মিষ্টি হলেও এটা প্রাকৃতিক শর্করা সমৃদ্ধ যা স্বাস্থ্যকর খাদ্যাভ্যাসে অন্তর্ভুক্ত করা যায়।

## ঘুমের মধ্যে কমিয়ে ফেলুন ওজন



ওজন বাড়ছে। ক্রমশ জবাব দিচ্ছে ওয়েট মেশিন। সেই নিয়ে চিন্তায় রাতে ঘুম উড়ে গিয়েছে তো। তাহলে এবার কাজের কথা বলি। রাতের ঘুম না উড়িয়ে বরং বেশি করে ঘুমোন। চিন্তা বাদ দিয়ে ঘুমই আপনাকে বাতলে দেবে ওজন কমানোর রাস্তা। অবাক হচ্ছেন? সাম্প্রতিক এক সমীক্ষা বলছে, রাতের ঘুমেই লুকিয়ে রয়েছে ওজন কমার চাবিকাঠি। তাই চিন্তাতে ঘুম না উড়িয়ে চিন্তামুক্ত হয়ে ঘুমোন। তবেই ওজন কমতে শুরু করবে। গবেষকরা বলছেন, ঘুমের মধ্যে বেশ কিছু কার্যকলাপ যেমন, সিল রিপেয়ার ও গ্রোথ বৃদ্ধি পায়। মস্তিষ্কের কার্যক্ষমতা বাড়ে। সেভাবেই আপনার শরীরও ঘুমের মধ্যে বেশ কিছুটা ক্যালোরি বার্ণ করতে সক্ষম যদি সঠিক পদ্ধতি মেনে ঘুমানো যায়। কি খাচ্ছেন, কতক্ষণ ঘুমোচেছন, কীভাবে ঘুমোচ্ছেন, এই সব ফ্যাক্টর অবস্য কাজ করে ক্যালোরি বার্ণ করার পরিমাণের ওপর। এছাড়াও শরীরে তাপমাত্রা কত ও ঘরের অবস্থানও প্রভাব ফেলে দেহের ওজন করার ক্ষেত্রে।

অন্ধকারে ঘুমোন ঃ যখন ঘুমোতে যাচ্ছেন, তখন খেয়াল রাখুন যেন আপনার ঘরে আলো না জ্বলে। একদম ঘর অন্ধকার করে ঘুমোন। এতে মস্তিষ্ক রিল্যাক্স করার অবকাশ পায়। মানুষের শরীর মেলাটনিন নামে এক হরমোন উৎপাদন করে, যা মানুষের ঘুমের ক্ষেত্রে সহায়ক হয়। এই হরমোনের প্রভাবই আমাদের ঘুম পায় ও গভীরভাবে ঘুমাতে পারি আমরা। এই হরমোন মূলত উৎপাদিত হয় রাত ১১ টা থেকে ভোর ৩টে পর্যন্ত। ফলে এই সময়টাই ঘুমের জন্য সবচেয়ে উপযুক্ত।

নির্দিষ্ট ও পর্যাপ্ত সময় ধরে ঘুমান ঃ একজন পূর্ণবয়স্ক মানুষের ৬ থেকে ৮ ঘণ্টা ঘুম প্রয়োজন। ঘুম না হলে শারীরিক ক্লান্তি কাটে না। মানসিক ক্লান্তিও চেপে ধরে। খিদে বেশি পায়, যাতে ওজন বাড়াটা অবশ্যম্ভাবী। তাই পর্যাপ্ত পরিমাণ সম ধরে ঘুমান। অনেক সমীক্ষা জানাচ্ছে ঠিকঠাক ঘুম না হলে শরীরের কোষগুলি কার্যক্ষমতা হারা ও ইনসুলিনের মাত্রা বৃদ্ধি পায়। এতেই জন্ম নেয় ওবেসিটি।

ঘুমের সময় কোনও যন্ত্র নয় ঃ মোবাইল, ট্যাব, ল্যাপটপ, টিভি থেকে দূর থাকুন ঘুমের সময়। কারণ এই সব যন্ত্র থেকে নীল রশ্মি বেরোয়, তা মেলাটোনিন উৎপাদন কমিয়ে দেয়। ফলে ঘুম আসে না। পরিপাক ক্রিয়াও ব্যহত হয়।

## মুরগির মাংস মেশানো কাশ্মীরি রান্না আখনি পোলাও এ বার বাড়িতেই !



অতিথি আসার কথা শুনলেই কপালে চিন্তার ভাঁজ। কী রেঁধে খাওয়াবেন অতিথিকে? এখন যদিও অনলাইনে একটা ক্লিকেই আপনার পছন্দের খাবার নিয়ে বাড়ির গেটে এসে হাজির হবেন ডেলিভারি বয়। তবে হোটেল থেকে কেনা খাবারে তেল-মশলার ভয়। তেমন আন্তরিকতাই বা কোথায়! তা হলে এখন উপায়?পোলাও খেতে সবাই কমবেশি ভালবাসেন। আর সেই পোলাওয়ে যদি মিশে যায় মুরগি, তা হলে কেমন হবে? মুরগির মাংস মেশানো কাশ্মীরী আখনি পোলাও বানিয়ে চমকে দিন অতিথিদের। 'আখনি' শব্দের অর্থ হল মশলাদার স্টক বা স্যুপ। এই রান্নার ক্ষেত্রে পোলাওয়ের চালটি সেদ্ধ করা হয় এই আখনির জলেই। এই রান্না শুধু স্বাদেই নয়, গন্ধেও সেরা।

আখনি পোলাও নিজেই একটা 'ফুল পট মিল'! তাই আলাদা করে এর সঙ্গে চিকেন মটনের অন্য কোনও পদ পরিবেশনের প্রয়োজন পড়ে না। আখনি পোলাও, রায়তা আর স্যালাডের সঙ্গে পরিবেশন করলেই জমে যাবে লাঞ্চ কিংবা ডিনার। কী কী প্রয়োজন আর কী ভাবে বানাবেন, রইল হদিশ।প্রণালী: প্রথমে একটি পাত্রে জল নিয়ে তাতে আদা, রসুন এবং পেঁয়াজ দিন। বাকি সব শুকনো মশলা একটি কাপড়ে নিয়ে পুঁটুলির মত বেঁধে জলে দিয়ে দিন। এখন মুরগির টুকরোগুলোও এই জলে দিয়ে দিন। গ্যাস হালকা আঁচে রেখে সব সিদ্ধ করে নিন। মুরগির মাংস সেদ্ধ হয়ে সুন্দর একটা গন্ধ বার হলে আলাদা পাত্রে জলটা ছেঁকে রেখে দিন। মুরগিও আলাদা পাত্রে তুলে রাখুন। মশলাগুলো ফেলে দিন।পোলাও তৈরি করার জন্য একটি পাত্রে তেল গরম করে নিন। এর পর তেলে গোটা গরম মশলা, কাঁচা লঙ্কা, পেঁয়াজ কুঁচি, আদা বাটা এবং রসুন বাটা দিয়ে দিন। সব একসঙ্গে কষিয়ে পোলাও চাল দিয়ে ভাজুন। চাল ভাজা হলে এতে আখনির জল যোগ করুন। জল ফুটে উঠলে নুন এবং কাঁচা লঙ্কা দিয়ে দিন। সেদ্ধ করে রাখা মাংস তেলে ফ্রাই করে নিন। চান ৭৫ শতাংশ সেদ্ধ হয়ে এলে ভেজে রাখা মাংসগুলো দিয়ে পাত্র ঢেকে অল্প আঁচে পোলাওটা রান্না করে নিন। বেরেস্তা ছড়িয়ে গরম গরম পরিবেশন করুন কাশ্মীরি আখনি পোলাও।

## খেজুর খাওয়ার প্রভাব



মিষ্টির প্রাকৃতিক উৎস হিসেবে অনন্য এক খাবার খেজুর। বাজারে বিভিন্ন জাতের খেজুর মেলে। আর শুধু খেজুর যেমন টপাটপ খেতে পারবেন, তেমনি সালাদ, শরবত, ওটমিল ইত্যাদি বিভিন্ন খাবারের সঙ্গে মিশিয়েও খাওয়া যায়। তবে অতিরিক্ত খেলে বিপত্তিও আছে। খাদ্য ও পুষ্টিবিষয়ক একটি ওয়েবসাইটের প্রতিবেদনের আলোকে জানানো হল খেজুরের কিছু উপকারিতা ও অপকারিতা সম্পর্কে। কমাতে পারে হৃদরোগের ঝুঁকি: দ্রবণীয় ভোজ্য আঁশ সরবরাহ করে খেজুর। শরীরের জন্য ক্ষতিকর কোলেস্টেরল 'এলডিএল'য়ের যুক্ত হয়ে তা রক্তে মিশে যেতে বাধা দেয় এই আঁশ। একারণে ওই কোলেস্টেরলে থাকা 'ফ্যাটি লিপিড' রক্তনালীর দেয়ালের জমতে পারেনা। এভাবেই হৃদরোগের ঝুঁকি কমাতে সহায়তা করে এই ফল। লড়ে ক্যান্সারের বিরুদ্ধে: 'ক্যারোটিনয়েড', 'পলিফেনলস' আর 'অ্যান্থোসায়ানিনস' ধরনের অ্যান্টিঅক্সিডেন্ট সমৃদ্ধ খেজুর। খাদ্যাভ্যাসে এই উপাদানগুলোর প্রাচুর্য থাকলে ক্যান্সারসহ আরও অনেক দূরারোগ্য ব্যাধির ঝুঁকি কমে উল্লেখযোগ্য মাত্রায়। বিশেষ করে 'কলোরেক্টাল ক্যান্সার'য়ের বিরুদ্ধে খেজুর বিশেষ উপকারী ভূমিকা রাখে বলে দাবি করেন বিশেষজ্ঞরা।

ডায়াবেটিস রুখতে: দ্রবণীয় ভোজ্য আঁশের আছে নানান উপকারিতা। যার মধ্যে একটি হল রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণ করার ক্ষমতা। মেটাতে পারে পুষ্টির ঘাটতি: ভোজ্য আঁশ, পটাসিয়াম, ক্যালসিয়াম আর ভিটামিন ডি, এই চারটি পুষ্টি উপাদান মানুষ বরাবরই কম গ্রহণ করে, এমনটাই দাবি বিশেষজ্ঞদের। আর মাত্র চারটি খেজুর থেকে পেতে পারেন ভোজ্য আঁশের দৈনিক চাহিদার ২৭ শতাংশ এবং পটাসিয়ামের দৈনিক চাহিদার ২০ শতাংশ। ফলে প্রতিদিন কয়েকটি খেজুর খাওয়ার মাধ্যমে এমন দুটি পুষ্টি উপাদানের ঘাটতি পূরণ করা সম্ভব। যেগুলোর ঘাটতিতে ভোগে পুরো বিশ্বের বাড়তে পারে ওজন খেজুরের নানান গুণের কথা শুনে যদি সকাল বিকাল খেজুর খাওয়া শুরু করেন তবে বিপদ আসতে খুব বেশি দেরি হবে না। কারণ মাত্র চারটি বা ১০০ গ্রাম খেজুরেই মিলবে প্রায় ২৭৭ ক্যালরি। প্রচণ্ড মিষ্টি এই শুকনো ফল যদি বেশি খেতে থাকেন তবে ওজন যে বাড়বে তাতে কোনো সন্দেহ নেই। তাই পরিমাণ মাথায় রাখতে হবে। ভালো খাবারও অতিরিক্ত খাওয়ার কারণে তা কাল হয়ে দাঁড়াতে পারে।

# ২-৩ মাসের মধ্যেই জিটিএ-র নির্বাচন, আশ্বাস মমতার

দার্জিলিং, ২৮ মার্চ (হি. স.) : আগামী ২-৩ মাসের মধ্যে দার্জিলিংয়ের গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের নির্বাচন হবে বলে পাহাড়ের বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের আশ্বস্ত করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পাশাপাশি পাহাড়ে ত্রিস্তরীয় পঞ্চায়েত ব্যবস্থা চালু না হওয়ার জন্য কেন্দ্রের বিজেপি সরকারের বিরুদ্ধেও ক্ষোভ উগরে দিয়েছেন তিনি।

রাজ্যে তৃতীয়বার মুখ্যমন্ত্রী হওয়ার পরে এই প্রথম পাহাড়ে পা রেখেছেন মমতা বন্দ্যোপাধ্যায়। আর তাঁর পাহাড় সফর নিয়ে শুরু হয়েছে নানা জল্পনা। দার্জিলিংয়ের মাটিতে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী জিটিএ নির্বাচন নিয়ে বড়সড় ঘোষণা করতে পারে বলে জল্পনা শুরু হয়েছে। পাহাড়ে পা রেখেই এদিন গোর্খা জনমুক্তি মোর্চা, গোর্খা প্রজাতান্ত্রিক মোর্চা সহ একাধিক রাজনৈতিক দলের নেতৃত্বের সঙ্গে বৈঠক করেন।

বৈঠক শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মুখ্যমন্ত্রী বলেন, 'আজ আমি চারটি রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করলাম। সব রাজনৈতিক দলই চাইছে, অবিলম্বে জিটিএ নির্বাচন হোক। শুধু গোর্খা জনমুক্তি মোর্চার রোশন গিরি বলেছেন, পাহাড়ে স্থায়ী রাজনৈতিক সমাধানের পরে ভোট হোক। আগেই বলেছিলাম, পুরসভা নির্বাচন হওয়ার পরে জিটিএ ভোট হবে। আশা করি-২-৩ মাসের মধ্যে ভোট হবে।'

এদিনের বৈঠকে পাহাড়ে ত্রিস্তরীয় পঞ্চায়েত ব্যবস্থা চালুর দাবি জানিয়েছে একাধিক দল। এ বিষয়ে মুখ্যমন্ত্রী বলেন, 'পাহাড়ে দ্বিস্তরীয় পঞ্চায়েত ব্যবস্থার পরিবর্তে ত্রিস্তরীয় পঞ্চায়েত ব্যবস্থা চালুর অনুরোধ জানিয়েছে বিভিন্ন রাজনৈতিক দল। তার জন্য সংবিধান সংশোধনের প্রয়োজন রয়েছে। আমরা অনেকবার এ বিষয়ে চিঠি দিয়েছি। কিন্তু কিন্তু কোনও জবাব পায়নি। আশা করছি, মে মাসের পরে পাহাড়ের পঞ্চায়েত বাদ দিয়ে সমস্ত ভোট হয়ে যাবে।' দার্জিলিংয়ে পরিস্থিতির ক্রমশই উন্নতি হচ্ছে বলে দাবি করেছেন মুখ্যমন্ত্রী। তাঁর কথায়, 'দার্জিলিং শান্তিতে রয়েছে। নির্বাচন হয়ে গেলে আরও উন্নয়ন হবে। দার্জিলিং খুব সুখের জায়গা। অধিকাংশ হোটেলই জুন মাস পর্যন্ত পর্যটকরা নিয়ে রেখেছেন। হোম স্টে-ও খুব ভাল করছে।'

# মাথায় পিস্তল ঠেকিয়ে, অকথ্য নির্যাতন করে ধর্ষণের অভিযোগ

মালদা, ২৮ মার্চ (হি. স.) : ফের নাবালিকাকে হাত পা বেঁধে, মাথায় পিস্তল ঠেকিয়ে, অকথ্য নির্যাতন করে ধর্ষণ। নাবালিকা এই বছরেই মাধ্যমিক পরীক্ষা দিয়েছে। অভিযুক্ত তৃণমূল কর্মী। অভিযুক্তের দুই দাদা আবার সিভিক ভলেন্টিয়ার। তাঁরাই অভিযুক্তকে পালাতে সাহায্য করেছে বলে অভিযোগ।

মাটিয়ার পর এবার মালদায় এরকম ঘটনায় চাঞ্চল্য দেখা দিয়েছে। ইংরেজবাজার থানা এলাকার ঘটনা। এই ঘটনায় এলাকার এক তৃণমূল কর্মীর নাম জড়িয়েছে। নির্যাতিতা ওই কিশোরীকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। এই ঘটনায় আরও একবার প্রশ্নের মুখে পড়ল রাজ্যে মেয়েদের নিরাপত্তার বিষয়টি। যদিও এখনও অভিযুক্তের তরফে কোনও বক্তব্য পাওয়া যায়নি। তৃণমূলের তরফেও কেউ কোনও মন্তব্য করেনি।

জানা গিয়েছে, ওই কিশোরীর বাবা পেশায় দিনমজুর। খুব কষ্ট করে মেয়েকে পড়াচ্ছেন। এদিন ঘটনার সময় তিনি কাজে গিয়েছিলেন। স্ত্রীও বাড়িতে ছিলেন না। সেই সুযোগকেই ওই যুবক কাজে লাগায় বলে অভিযোগ। ফাঁকা ঘরে ওই কিশোরী শুয়ে ছিলেন। সেই সময়ই ঘরে ঢুকে তার কপালে বন্দুক ঠেকায় অভিযুক্ত। এরপরই নারকীয় অত্যাচার চালায় ছোট্ট মেয়েটির উপর। যখন চিৎকার শুনে এলাকার লোকজন ছুটে আসেন, মেয়েটি বিছানায় শুয়ে তখন কাতরাচ্ছে। রক্তে ভেসে যাচ্ছে চাদর। মা, বাবা এসে মেয়েকে এই অবস্থায় দেখে কেঁদে ফেলেন। সঙ্গে সঙ্গে তাকে তুলে নিয়ে হাসপাতালের পথে ছোটে পরিবার।

নির্যাতিতার বাবা বলেন, "আমি কাজে গিয়েছিলাম। মেয়ে ঘরে একা ঘুমিয়েছিল। সেই সময় ওই ছেলেটা ওকে ধর্ষণ করেছে। ওর খুড়তুতো ভাই সিভিক ভলান্টিয়ার ওকে পাহারা দিয়েছে। ছেলেটাকে পালাতেও সাহায্য করে। আমার মেয়ে বলছে, বন্দুক দেখিয়ে এসব করেছে।" এর পরই ইংরেজবাজার থানায় অভিযোগ দায়ের করে পরিবার। যদিও এখনও পর্যন্ত অভিযুক্তকে গ্রেফতার করা যায়নি। এই ঘটনার তীব্র নিন্দা করে সমাজকর্মী শাশ্বতী ঘোষ বলেন, "কোথাও মনে হচ্ছে প্রশাসনের যতটা গুরুত্ব দেওয়া দরকার ততটা গুরুত্ব দিচ্ছে না। রাজনৈতিক দলগুলোও দিচ্ছে না। এরপর বলবে ফাঁসানো হয়েছে। এই বলে তারা আশ্রয় পেয়ে যাচ্ছে একাধিক জায়গা থেকে। প্রশাসন কঠোর মনোভাবের না হলে এগুলো তো ঘটবেই। একের পর এক নাবালিকা নিগ্রহের ঘটনা ঘটছে।"

## আসানসোলে নাকা চেকিংয়ে উদ্ধার ৬ লক্ষ ৬৭ হাজার টাকা

আসানসোল, ২৮ মার্চ (হি. স.) : আসানসোল লোকসভা উপনির্বাচনের আগে নাকা চেকিংয়ের সময় ফের নগদ টাকা উদ্ধার। ৬ লক্ষ ৬৭ হাজার ৫৫০ টাকা উদ্ধার করল নির্বাচন কমিশনের একটি বিশেষ দল ও পুলিশ। আসানসোল উত্তর থানার জুবিলি মোড় থেকে এই টাকা উদ্ধার করা হয়। সোমবার পাঁচগাছিয়ার সোমনাথ রায় নামে এক ব্যক্তির থেকে এই টাকা উদ্ধার করা হয়েছে। এদিকে, আসানসোল লোকসভা উপনির্বাচনের স্ট্রং রুম পরিদর্শন করলেন কেন্দ্রীয় বাহিনীর আধিকারিকরা। আসানসোলের দুই নম্বর জাতীয় সড়কের পাশেই এক বেসরকারি কলেজে স্ট্রং রুম তৈরি করেছে নির্বাচন কমিশন। এই স্ট্রং রুমের নিরাপত্তার দায়িত্ব কেন্দ্রীয় বাহিনীর হাতে থাকবে। তার আগেই আজ স্ট্রং রুম পরিদর্শন করা হলো।পাশাপাশি আজ থেকেই আসানসোল লোকসভা উপনির্বাচনের জন্য কেন্দ্র বাহিনী আসা শুরু হবে তাদেরও থাকার ব্যবস্থা বিভিন্ন জায়গায় করা হয়েছে। বাহিনী শহরে এলেই বিভিন্ন এলাকায় রোডমার্চ শুরু করবে কেন্দ্র বাহিনী। অপরদিকে, সোমবার সকাল থেকেই আসানসোল লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অগ্নিমিত্রা পাল রানীগঞ্জ ও জামুরিয়া বিধানসভা এলাকায় নির্বাচনী প্রচার চালালেন। ঢাক ঢোল পিটিয়ে দলীয় কর্মী সমর্থকদের সঙ্গে নিয়ে জমজমাট প্রচার বিজেপি প্রার্থীর। এদিন রানীগঞ্জ ও জামুরিয়া এলাকায় বিভিন্ন গ্রামে ঘুরে সাধারণ মানুষকে বিজেপিতে ভোট দেবার আবেদন জানান তিনি।

## রামপুরহাটকাণ্ডে সুর চড়ালেন সুকান্ত

কলকাতা, ২৮ মার্চ (হি. স.) : রামপুরহাট হত্যাকাণ্ড নিয়ে এবার ফের রাজ্য সরকার এবং রাজ্যের পুলিশমন্ত্রীর দিকেই নিশানা করলেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। তিনি সাফ বলেন, 'মারা গেছে তৃণমূলের উপপ্রধান, মুখ্যমন্ত্রীর নির্দেশে ছিল পুলিশ'।এই সঙ্গে সুকান্তবাবু প্রশ্ন করেন, "রামপুরহাটে বিজেপি আসছে কোথা থেকে? রামপুরহাটকাণ্ড কীভাবে বিরোধীদের চক্রান্ত ?"। অভিযোগ করেন, "নরহরি মাহাতোর চশমা ভেঙে দেওয়া হয়েছে। মনোজ টিগ্গা হাসপাতালে ভর্তি। বিধানসভার ভিতরে দাপিয়ে বেড়াচ্ছে তৃণমূল। এক বছরের জন্য বিজেপির পাঁচ বিধায়ককে সাসপেন্ড করা হয়েছে।" এপ্রিল মাসে প্রয়োজনে নবান্ন ঘেরাও করা হবে বলেও জানান তিনি।এদিকে আজ বিধানসভায় বেনজির হাতাহাতি। এই ঘটনায় ৫ বিজেপি বিধায়ক সাসপেন্ড হয়। শুভেন্দু অধিকারী, মনোজ টিগ্গা, শঙ্কর ঘোষদের সাসপেন্ড করা হয়েছে। এছাড়াও, সাসপেন্ড হয়েছে বিজেপি বিধায়ক দীপক বর্মন, নরহরি মাহাতো। ৫ বিজেপি বিধায়ককে সাসপেন্ড করেছেন বিধানসভার অধ্যক্ষ। এই ঘটনার পর বিধানসভার অধিবেশন মুলতুবি হয়ে যায়।

## রামপুরহাট হাসপাতালে তৃণমূলের গোয়েন্দাগিরির অভিযোগ শতরূপের

রামপুরহাট, ২৮ মার্চ (হি. স.) : বগটুইয়ের নৃশংস হত্যাকাণ্ডের চিকিৎসাধীন প্রত্যক্ষদর্শীদের উপর নজরদারি চালাচ্ছে তৃণমূল। এমনটাই অভিযোগ তুললেন সিপিএম নেতা শতরূপ ঘোষ।

সোমবার বগটুই গিয়ে রাজ্যের শাসক দলের বিরুদ্ধে এইভাবেই ক্ষোভ উগরে দেন শতরূপ। উল্লেখ্য, বগটুই গ্রামের নৃশংস হত্যালীলার প্রতিবাদে রামপুরহাট পাঁচমাথার মোড় থেকে একটি মিছিল করে বামফ্রন্ট। সেই মিছিলে পা মেলান শতরূপ ঘোষও। তৃণমূল সরকারের বিরুদ্ধে আক্রমণের ঝাঁঝ বাড়িয়ে তিনি বলেন, "রামপুরহাট হাসপাতালে বগটুই কাণ্ডে চিকিৎসাধীন প্রত্যক্ষদর্শীদের উপর নজরদারি চালাচ্ছে তৃণমূল। হাসপাতালের চুক্তিভিত্তিক কর্মী সেজে তারা সিসিইউতে রয়েছে। প্রতি মুহূর্তে নজরদারি করছে।"

সেই সঙ্গে তাঁর আরও সংযোজন, "সিবিআই আধিকারিকরা যাওয়ার সময়ও তারা হাসপাতাল কর্মী হিসেবে সেখানে থাকছে এবং তদন্ত প্রভাবিত করছে। প্রতি মুহূর্তে এই তৃণমূল কর্মীরা তাঁদের রাজনৈতিক বসদের কাছে খবর পাঠাচ্ছে।" এই বিষয়টি বামেরা হাইকোর্টকে জানাবে বলেও জানান শতরূপ ঘোষ। উল্লেখ্য, রামপুরহাট হত্যাকাণ্ডের প্রতিবাদে সোমবার রামপুরহাট বনধেরও ডাক দিয়েছিল বামেরা।

শতরূপ তাঁর এই অভিযোগের বিষয়টি নিজের সামাজিক মাধ্যমেও তুলে ধরেছেন। ফেসবুকে তিনি পোস্ট করেছেন, "রামপুরহাটে মিছিল চলাকালীন খবর পেলাম বগটুই হত্যাকাণ্ডে আহত হাসপাতালে ভর্তি নাজিমা বিবির অবস্থা অত্যন্ত গুরুতর। এক চিকিৎসকের বক্তব্য, "বাঁচানো সম্ভব নয়।" খবর পেয়েই হাসপাতালে গেলাম। পুলিশ প্রথমে চেষ্টা করল চিকিৎসকদের সঙ্গে কথা না বলতে দিতে। আমরা অনড় থাকায় শেষে বাধ্য হল। হাসপাতালে আমরা থাকাকালীনই সিবিআইয়ের গোয়েন্দারা এলেন তদন্তের কাজে। সেখানেও পুলিশের উপস্থিতিতে দুই স্থানীয় তৃণমূল কর্মী সিবিআইয়ের গোয়েন্দাদের গতিবিধি, কাজকর্মের 'খবর' পৌঁছে দিচ্ছিল ফোনের ওপারের কোনও 'দাদাকে।"

## তিলোত্তমায় আপাতত বৃষ্টির সম্ভাবনা ক্ষীণ

কলকাতা, ২৮ মার্চ (হি.স.): কলকাতা ও সংলগ্ন এলাকায় আপাতত বৃষ্টির তেমন কোনও সম্ভাবনা নেই, ফলে গরমের দহন জ্বালায় জ্বলতেই হবে শহরবাসীকে। আকাশে হালকা মেঘের সঞ্চার হলেও বাতাস প্রধানত শুষ্কই থাকবে। পশ্চিমী হওয়ার দাপট অব্যাহত থাকার কারণেই এমন আবহাওয়া। কোথাও যদিও বৃষ্টিও হয়, তা হবে ছিঁটেফোঁটা।সোমবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৯ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি বেশি। এদিন সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩৪.৯ ডিগ্রি সেলসিয়াস।

## বিধানসভার ঘটনায় তীব্র নিন্দা এসইউসিআই-এর

কলকাতা, ২৮ মার্চ (হি. স.) : সোমবারের বিধানসভার ঘটনায় তীব্র নিন্দা করল এসইউসিআই (কমিউনিস্ট)। এ ব্যাপারে দলের রাজ্য সম্পাদক চণ্ডীদাস ভট্টাচার্য এক বিবৃতি প্রকাশ করেছেন।বিবৃতিতে বলা হয়েছে, "যখন সারা দেশের সঙ্গে এরাজ্যের শ্রমজীবী ও গরীব মানুষ কেন্দ্রীয় বিজেপি সরকারের শ্রমিক স্বার্থ বিরোধী আইন, পেট্রোল, ডিজেল, রান্নার গ্যাস, ৮০০ ওষুধের দাম সহ নিত্যপ্রয়োজনীয় জিনিসের মূল্যবৃদ্ধি, বেসরকারিকরণ, জাতীয় শিক্ষানীতি প্রভৃতির বিরুদ্ধে রাজ্য সরকারের হুমকি অগ্রাহ্য করে দুদিন ব্যাপী ধর্মঘটে লিপ্ত, পুলিশের সঙ্গে রাস্তায় লড়াই করে রক্ত ঝরাচ্ছেন তখন রাজ্য বিধানসভার সদস্যদের আচরণ আমাদের বিস্মিত করেছে।

শ্রমজীবী মানুষের দাবিগুলি নিয়ে তাঁরা আলোচনা করার কোনও প্রয়োজন বোধ করলেন না। বরং নিজেদের মধ্যে হাতাহাতি করতে ব্যস্ত হয়ে পড়লেন। অথচ আজ ছিল সাধারণ মানুষের উক্ত সমস্যাগুলি নিয়ে আলোচনার উপযুক্ত দিন। এই অশোভনীয় আচরণের জন্য লজ্জা প্রকাশ দূরে থাক বিজেপি এতে নির্লজ্জভাবে ধর্ম ও জাতপাতের রং লাগাচ্ছে। আজকের ভূমিকা দিয়ে তাঁরা পঃবঃ বিধানসভার দীর্ঘ ঐতিহ্যকে কলুষিত করলেন। আমরা শাসক ও বিরোধী দলের বিধায়কদের এই অসংসদীয় আচরণের তীব্র নিন্দা করছি।'

## জিটিএ ভোটের আগে চাই গোর্খাল্যান্ডের রাজনৈতিক সমাধান

কালিম্পং, ২৮ মার্চ (হি. স.) : মে-জুনেই জিটিএর নির্বাচন হতে পারে। দার্জিলিংয়ে পাহাড়ের একাধিক দলের সঙ্গে বৈঠকের পর এমনটাই ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রীর ওই ঘোষণার পরই জিটিএ নির্বাচনের বিরোধিতা করলেন দার্জিলিং ও কালিম্পংয়ের জেলা বিজেপি সভাপতি কল্যাণ দেওয়ান।

কালিম্পংয়ে বিজেপির কার্যালয়ে বসে কল্যাণ দেওয়ান বলেন, জিটিএ একটি পরীক্ষামূলক ব্যবস্থা। সেই ব্যবস্থা কখনওই সফল হয়নি রাজ্য সরকারের অসহযোগিতার কারণে। এটি পরিচালনা করতে চেয়েছে রাজ্য সরকার। এর জন্যই জিটিএ ছেড়েছেন এর অধিকাংশ সদস্য।

বিজেপি জেলা সভাপতির অভিযোগ ২০১৭ সালের আন্দোলনের পর থেকে এখনওপর্যন্ত অচল জিটিএ। কারণ রাজ্য সরকার নিজেদের পছন্দের লোক নিয়ে জিটিএ পরিচালনা করেছে। পাহাড়ের মানুষের কথা ভাবেনি। পাহাড়ের মূল সমস্যা গোর্খাল্যান্ড। যার সমাধানের কথা বলেছে কেন্দ্র। এরকম এক অবস্থায় রাজ্য সরকার যদি জিটিএ ভোটের ফল চাপিয়ে দেন তাহলে বুঝতে হবে পাহাড়বাসীর উন্নয়ন চায় না রাজ্য সরকার।কল্যাণ দেওয়ান আরও বলেন, কেন্দ্রের পক্ষ থেকে গোর্খাল্যান্ডের যে রাজনৈতিক সমাধানের চেষ্টা হচ্ছে তাকে আমল দিতে চাইছে না রাজ্য সরকার। জিটিএ-র নির্বাচন হোক কিন্তু তার আগে কেন্দ্র যে রাজনৈতিক সমাধানের কথা বলছে তাতে রাজ্য সরকার সহযোগিতা করুক। এমনটা না হলে আন্দোলনে নামবে বিজেপি।

## পরিবারের অমতে বিয়ে, ঠিক পরেই আত্মঘাতী নবদম্পতি

কান্দি, ২৮ মার্চ (হি. স.) : পরিবারের অমতে বিয়ের মাত্র চারদিনের মাথায় আত্মহত্যা করল নবদম্পতি। সোমবার সকালে মুর্শিদাবাদের খড়গ্রাম থানার বড়ার গ্রাম থেকে দেহ উদ্ধার হয় তাঁদের। একই ওড়নার ফাঁসে আত্মঘাতী হন দু'জনে।

পুলিশ দেহ দুটি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায়। তাদের দেহ কান্দি মহকুমা হাসপাতালে ময়নাতদন্তে পাঠানো হয়েছে। অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু হয়েছে।এই ঘটনার পর থেকেই গোটা গ্রামে নেমেছে শোকের ছায়া। বীরভূমের লাভপুর দুনাইপুরের বাসিন্দা রাজেশ ঘোষের সঙ্গে বোলপুরের কিশোরীর প্রেমের সম্পর্ক তৈরি হয়। তবে প্রথম থেকেই সম্পর্কে আপত্তি ছিল দুই পরিবারের। দিনচার আগে পরিবারের অমতে বাড়ি থেকে বেরিয়ে যায় দু'জনে। বিয়েও করে তারা। কিশোরীর পরিবারের লোকজন পুলিশের কাছে অভিযোগ দায়ের করেন।

সম্পর্কে পিসেমশাই হওয়ায় বড়ার গ্রামের বাসিন্দা সিদ্ধিনাথ ঘোষের বাড়িতে আশ্রয় নেয় ওই যুগল। রবিবার পর্যন্ত সব ঠিকঠাক ছিল বলেই দাবি নিহত যুবকের পিসেমশাইয়ের। তিনি আরও জানান, সোমবার সকালে তাঁর বোনের ফোন পান। যুবকের খোঁজখবর জানতে চান। কিছুক্ষণ পর জানা যায় ওই যুগল আত্মঘাতী হয়েছেন। গলায় ওড়নার ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেন দু'জনে। খবর দেওয়া হয় খড়গ্রাম থানার পুলিশকে। দেহ দুটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কান্দি মহকুমা হাসপাতালে পাঠানো হয়। রাজেশের পরিবারের দাবি, "সম্পর্কের শুরু থেকেই রাজেশকে হুমকি দেওয়া হত। এমনকি বিয়ের পরেও মানসিক চাপ দেওয়া হয়েছিল। সে কারণেই আত্মঘাতী হলেন যুগল।"

## সংক্রমণের হার নিম্নমুখী, একদিনে কোভিডে মৃত্যু ২৮৭ জনের

সিওল, ২৮ মার্চ (হি.স.): দক্ষিণ কোরিয়ায় কোভিড-সংক্রমণ ধীরে ধীরে কমছে, দৈনিক করোনা-সংক্রমণের সংখ্যা ২-লক্ষের নীচে নেমে এসেছে। বিগত ২৪ ঘণ্টায় দক্ষিণ কোরিয়ায় নতুন করে আক্রান্ত হয়েছেন ১ লক্ষ ৮৭ হাজার ২১৩ জন। সংক্রমণের হার কমতেই হাসপাতালে ভর্তির সংখ্যাও উত্তরোত্তর কমছে। দৈনিক মৃত্যুর সংখ্যাও কমে আসছে দক্ষিণ কোরিয়ায়।

রবিবার সারাদিনে দক্ষিণ কোরিয়ায় প্রাণ হারিয়েছেন ২৮৭ জন কোভিড-সংক্রমিত রোগী। কতজন সুস্থ হয়েছেন সে বিষয়ে স্পষ্টভাবে কিছু জানা যায়নি। দক্ষিণ কোরিয়ায় নতুন করে ১ লক্ষ ৮৭ হাজার ২১৩ জন সংক্রমিত হওয়ার পর এখনও পর্যন্ত মোট করোনায় আক্রান্ত হয়েছেন ১২,০০৩,০৫৪ জন এবং মৃত্যু হয়েছে ১৫,১৮৬ জনের।

# পুলিশ আধিকারিকরা ভাদুর তোলাবাজির টাকার ভাগ পেতেন, তোপ শেখলালের

রামপুরহাট, ২৮ মার্চ (হি. স.) : নিহত বড়শাল গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান ভাদু শেখ আসলে 'ক্রিমিনাল'। বীরভূম তৃণমূলের শীর্ষ নেতা এবং পুলিশ আধিকারিকরা পর্যন্ত ভাদুর তোলাবাজির টাকার ভাগ পেতেন বলেও অভিযোগ করলেন শেখলাল শেখ।

তাঁর দাবি, গত সোমবার অগ্নিকাণ্ডের সময় পুলিশকে গ্রামে ঢুকতে বাধা দিয়েছেন ধৃত তৃণমূল নেতা আনারুল হোসেনই। শেখলাল বগটুই-কাণ্ড নিয়ে অভিযোগের আঙুল তুলেছেন ভাদু-সহ বীরভূমের শীর্ষ স্তরের তৃণমূল নেতাদের বিরুদ্ধে। গত সোমবারের ঘটনা নিয়ে তাঁর বক্তব্য, "ওই দিন ভাদুর লোকজন আগুন লাগিয়েছে।" তাঁর অভিযোগ, "ভাদু বড়শাল পঞ্চায়েতের উপপ্রধান। তবে ও একটা ক্রিমিনাল। ও কালোবাজারি করত। ওর কয়লা, বালির ব্যবসা ছিল। আর রাস্তাঘাটে ক্র্যাশার থেকে যে সমস্ত গাড়ি আসত তা থেকে তোলাবাজি করত। ওর ৪০-৭০ জন ছেলে আছে। তারা এখন উধাও হয়ে গিয়েছে। ভাদুর কালোবাজারির যে ধান্দা তার ভাগ খেত আনারুল, আইসি, এসডিপিও। অনুব্রতও খেতেন।"

যদিও শেখলালের এই বক্তব্য শুনে সংবাদমাধ্যমকে অনুব্রত মণ্ডল বলেন, "কে শেখলাল? ওকে আমি চিনিই না। ও শেখানো বুলি বলছে।"বগটুই-কাণ্ডে পুলিশের ভূমিকা নিয়ে আবারও এক বার প্রশ্ন তুলে দিয়েছেন শেখলাল। তাঁর অভিযোগ, "সোমবার রাত নটা থেকে সাড়ে নটার মধ্যে আগুন লাগানো হয়েছে। দমকলবাহিনী পর দিন সকালে এসে জল দিয়েছে। রাতে যদি উদ্ধারকাজ চালাত তা হলে এটা হয়তো হত না। রামপুরহাট থানা থেকে আমাদের বাড়ি যেতে ১০-১৫ মিনিট লাগে। এসডিপিও-র বাড়ি আমার পাড়ায়। আমার বাড়ি থেকে পাঁচ মিনিট।" তাঁর দাবি, "সে দিন পুলিশ পার্টির চাপে আমাদের কোনও রকম নিরাপত্তা দিতে পারেনি। কিন্তু পুলিশ চায়নি, সমস্ত বাড়ি জ্বলেপুড়ে খাক হয়ে যাক। এরা ধ্বংস হয়ে যাক, এটা পুলিশ চায়নি। কিন্তু পুলিশকে আনারুল যেতে দেয়নি। আর ওই অবস্থায় আমরা শেষ হয়ে গিয়েছি। পরিবার জ্বলে গিয়েছে।"

# আলাদা রাজ্যের দাবি থেকে সরে এলেন বিমল গুরুং-রোশন গিরিরা

দার্জিলিং, ২৮ মার্চ (হি. স.) : বঙ্গ বিজেপির সাংসদ-বিধায়কদের একাংশ যখন বাংলা ভাগের দাবিতে সরব, উত্তরবঙ্গকে আলাদা রাজ্যের স্বীকৃতি দেওয়ার ধুয়ো তুলছেন, তখন পৃথক রাজ্যের দাবি থেকে সরে দাঁড়াল গোর্খা জনমুক্তি মোর্চা। বরং পাহাড়ে উন্নয়নের কাজকে আরও ত্বরান্বিত করতে উচ্চ ক্ষমতাসম্পন্ন স্বায়ত্তশাসনের দাবিতে সরব হলেন দলের নেতারা।সোমবার পাহাড়ে জিটিএ নির্বাচন নিয়ে স্থানীয় রাজনৈতিক দলের নেতৃত্বের সঙ্গে বৈঠকে বসেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। গোর্খা জনমুক্তি মোর্চার হয়ে বৈঠকে অংশ নেন বিমল গুরুংয়ের ঘনিষ্ঠ হিসেবে পরিচিত রোশন গিরি। পাহাড়ে রাজনৈতিক সমস্যার সমাধান করার পরেই জিটিএ নির্বাচন করানোর পক্ষে সওয়াল করেন তিনি। সেই সঙ্গে পাহাড়বাসীর সঙ্গে যে বিজেপি প্রতারণা করেছে, সে প্রসঙ্গ উত্থাপন করে গোর্খা জনমুক্তি মোর্চার সাধারণ সম্পাদক বলেন, 'বিজেপি আমাদের ঠকিয়েছে।' জিএলপি'তে যারা ছিল তাদের পুলিশে চাকরি দেওয়ার জন্যও মুখ্যমন্ত্রীর কাছে দাবি করেছেন রোশন।এদিন ভারতীয় গোর্খা প্রজাতান্ত্রিক মোর্চার অনীত থাপা ও অমর লামা এবং কালিম্পংয়ের বিধায়ক রুদেন সাদা লেপচার সঙ্গে আলাদা বৈঠক করেন মুখ্যমন্ত্রী। সকলেই জিটিএ নির্বাচন দ্রুত শেষ করার পক্ষে সওয়াল করেন। সমতলের মতো পাহাড়েও ত্রিস্তরীয় পঞ্চায়েত ব্যবস্থা চালুর দাবি জানান। মুখ্যমন্ত্রী আশ্বাস দিয়েছেন, জিটিএ নির্বাচনের পরে কিভাবে তাড়াতাড়ি পঞ্চায়েত নির্বাচন করা যায়, সে বিষয়টি খতিয়ে দেখছেন।

## ভানওয়ার লাল মল্লবত সেবা কেন্দ্রে হোলি মিলন সমারোহ

কলকাতা, ২৮ মার্চ (হি.স.) : রবিবার ভানওয়ার লাল মল্লবত সেবা কেন্দ্রে হোলি মিলন অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন প্রবীণ সমাজসেবক রামগোপাল সুঁঘা। তিনি বলেন, যে উদ্দেশ্যে সংগঠনটি চলছে তা প্রশংসনীয়। মানুষের জীবনে স্বাস্থ্যের রঙ পূর্ণ করার চেয়ে গুরুত্বপূর্ণ উদ্দেশ্য আর কিছু হতে পারে না।

ডাঃ শরৎচন্দ্র মন্ত্রী ও ডাঃ সুনিতা রাঠী বলেন, সংগঠনের পরিচালক অরুণ মাল্লাওয়াত যেভাবে চিকিৎসা সেবার মাধ্যমে তাঁর একনিষ্ঠ প্রয়াত পিতার স্মৃতি রক্ষা করে চলেছেন, তা সকলের জন্য অনুপ্রেরণাদায়ক ও অনুকরণীয়। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সত্যনারায়ণ মরিজাওয়ালা, ডক্টর সুরেশ গুপ্ত, গীতা সিনহা, সরিতা জয়সওয়াল, লিপিকা লুনিয়া প্রমুখ।

এদিনের অনুষ্ঠানের আহ্বায়ক অরুণ প্রকাশ মাল্লাওয়াত উপস্থিত জনগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, সংগঠনটি নিয়মিত সপ্তাহব্যাপী মেডিকেল ক্যাম্পের পাশাপাশি আকুপ্রেশার প্রশিক্ষণ শিবিরের আয়োজন করে, যাতে আরও বেশি সংখ্যক মানুষ এই সেবার সঙ্গে যুক্ত হয় এবং এটি আরও বেশি মানুষের কাছে পৌঁছতে পারে। সেই সঙ্গে আরও বেশি মানুষের কাছে যাতে এই পরিষেবা পৌঁছে দেওয়া যায়।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ডাঃ বিজয় হরভজাঙ্কা এবং ধন্যবাদ জ্ঞাপন করেন ব্রহ্মানন্দ বাং।

## মালদহে মাথায় হাত চাষিদের

মালদহ, ২৮ মার্চ (হি.স.): চলতি মরশুমে মালদহ জেলায় আমের মুকুল বেশ ভালোই এসেছে। এবার ভালো ফলনেরই আশায় চাষিরা। কিন্তু, চিন্তা বাড়াচ্ছে আম বাগান সংলগ্ন ইটভাটার ধোঁয়া থেকে নির্গত ক্ষতিকারক গ্যাস। কিছু মুকুলে গুটি আসলেও, ইটভাটার ক্ষতিকারক গ্যাসে আমের মুকুল নষ্ট হয়ে যাচ্ছে। মালদহ জেলার ইংরেজবাজার, কালিয়াচক, মানিকচক, রতুয়া, পুরাতন মালদহ প্রতিটি ব্লকেই একই অবস্থা। জেলার প্রতিটি ব্লকে আমবাগানের মধ্যেই বেআইনিভাবে তৈরি হচ্ছে একের পর এক ইটভাটা। অভিযোগ, প্রশাসনকে জানানো সত্ত্বেও কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না।

এ বছর মালদহ জেলার প্রতিটি ব্লকেই আমের মুকুল বেশ ভালোই এসেছে। আনন্দের পরিবর্তে, ভালো ফলনের অপেক্ষায় থাকা চাষিরা এখন অন্য আতঙ্কে রয়েছেন। ইটভাটার ধোঁয়া থেকে সালফার ডাই অক্সাইড নামক ক্ষতিকারক গ্যাসে নষ্ট হয়ে যাচ্ছে আমের মুকুল। আমের পক্ষে খুবই ক্ষতিকর এই গ্যাস। অবিলম্বে এই সমস্ত বেআইনি ইটভাটা বন্ধ হোক এমনটাই চাইছেন চাষিরা।

## ভারত বনধে মিশ্র প্রভাব পড়ল ঝাড়গ্রাম জেলায়

ঝাড়গ্রাম, ১৮ মার্চ ( হি. স.) : বামফ্রন্টের বিভিন্ন শ্রমিক সংগঠন গুলির ডাকা দুদিনের ভারত বনধে মিশ্র প্রভাব পড়ল ঝাড়গ্রাম জেলায়। দ্রব্যমূল, পেট্রোপণ্যের দ্রব্যমূল্য বৃদ্ধি, শ্রম কোড বাতিল, কেন্দ্রীয় সংস্থাগুলিকে বেসরকারি করণ সহ এক গুচ্ছ দাবীতে সোমবার ও মঙ্গলবার সারা ভারত বনধের ডাক দিয়েছে বামপন্থী ট্রেড ইউনিয়ন গুলি। তবে এদিন বামপন্থী ট্রেড ইউনিয়ন গুলির ডাকা বনধের বিরোধীতা করে রাস্তার নেমে মিছিল করেন শাসক দলের নেতাকর্মীরা।

এদিন ঝাড়গাম, লালগড়ের রামগড় এলাকায় মিছিল করেন তৃণমুলের নেতাকর্মীরা। এদিন জেলার বিভিন্ন ব্লকের বাজার এলাকায় সেভাবে বনধের প্রভাব পড়েনি। আর জেলা ঝাড়গ্রাম শহরে সকাল দিকে দোকানপাট বন্ধ থাকলেও বেলা বাড়ার সাথে সাথে দোকান বাজার খোলা হয়। তবে এদিন বেসরকারি বাস চলাচল না করলেও সরকারি বাস চলাচল করেছে। এদিকে সাধারন মানুষজনেরা বাস ধরতে এসে সমস্যায় পড়েন। সরকারি বাসের জন্য দীর্ঘ সময় ধরে অপেক্ষা করতে হয়। সরকারি, বেসরকারি অফিস এবং স্কুল কজেল ছিল খোলা। এদিন সকাল দিকে বনধ সফল করতে রাস্তায় নেমে ছিল বামপন্থী ট্রেড ইউনিয়ানের নেতাকর্মীরা। এদিন বন্ধ কে কেন্দ্র করে কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। বাম সংগঠনের নেতৃত্বে বক্তব্য তারা কোথাও জোর করে বাধ্য করেনি বনধ পালন করতে। মানুষ এই বনধে স্বতঃস্ফূর্তভাবে সাড়া দিয়ে বনধ পালন করেছেন।

## রামপুরহাট কাণ্ডের প্রতিবাদে পথে বিজেপি

কলকাতা, ২৮ মার্চ (হি. স.) : কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নগুলির ডাকা ধর্মঘটের দিনই রামপুরহাট কাণ্ডের প্রতিবাদে সোমবার কলকাতায় বিজেপি 'মহামিছিল' করল।ওয়েলিংটন থেকে রানি রাসমণি অ্যাভিনিউ পর্যন্ত মিছিল হয়। রামপুরহাটের ঘটনায় ইতিমধ্যে কড়া পদক্ষেপ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। হাই কোর্টের নির্দেশে সিবিআই তদন্তও শুরু হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীও তৃণমূল সাংসদদের বলেছেন রামপুরহাট কাণ্ডে রাজনৈতিক যোগ নেই। সেই দাবি নস্যাৎ করতে ঘটনাকে হাতিয়ার করে হাওয়া তুলতে মরিয়া বিজেপি।

মিছিল ও সভায় দলের বিধায়ক ও শীর্ষ নেতৃত্ব উপস্থিত ছিল। তাঁরা রামপুরহাট হত্যাকাণ্ডের অন্যতম প্রত্যক্ষদর্শী ছিলেন নাজিমা বিবি-র মর্মান্তিক মৃত্যুর কড়া প্রতিবাদ ও দুঃখপ্রকাশ করবেন। ৬৫ শতাংশ অগ্নিদগ্ধ অবস্থায় রামপুরহাট হাসপাতালে ভর্তি ছিলেন তিনি। শেষে সোমবার তাঁর মৃত্যু হয়। গতকালই তাঁর শারীরিক অবস্থার অবনতি হয়েছিল। ভেন্টিলেশনে রাখা হয়েছিল। কিন্তু তাও শেষ রক্ষা হয়নি। রামপুরহাট হাসপাতালে তিনি ভর্তি ছিলেন, সেখানে বার্ন ইউনিট বলতে কিছু নেই। রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এর আগেই রামপুরহাট হাসপাতালে নাজিমা বিবি সহ অন্যান্যদের দেখতে এসে এই অভিযোগ করেছিলেন। বার্ন ইউনিট না থাকার পরেও কেন তাঁকে এভাবে রামপুরহাট হাসপাতালে ফেলে রাখা হল, সেই প্রশ্ন ইতিমধ্যেই উঠতে শুরু করেছে।



কের চৌমুহনীতে একটি মোবাইলের দোকানে চোরের দল হানা দেয়। পুলিশ তদন্ত করছে। ছবি নিজস্ব।

# জীবদ্দশায় অসমে এআইইউডিএফ-কে সরকার গঠন করতে দেবেন না ঃ বিজেপি

গুয়াহাটি, ২৮ মার্চ (হি.স.) : জীবদ্দশায় অসমে এআইইউডিএফ-কে সরকার গঠন করতে দেব না। মওলানা বদরউদ্দিন আজমলের স্বপ্ন কোনওদিন বাস্তবায়িত হবে না। আজ সোমবার এক প্রতিক্রিয়ায় এভাবেই নিজের অভিমত ব্যক্ত করেছেন প্রদেশ বিজেপি সভাপতি ভবেশ কলিতা। বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারির বিরুদ্ধে কমলাক্ষ দে পুরকায়স্থ যে পক্ষপাতিত্বের অভিযোগ এনেছেন, তা সম্পূর্ণ ভিত্তিহীন বলেও নিজের প্রতিক্রিয়ায় জানান প্রদেশ বিজেপি সভাপতি। ভবেশ কলিতা বলেন, বিরোধী প্রার্থীকে ভোট দিলেও বিধায়ক পদ খারিজ হবে না। বিধানসভার অধ্যক্ষ ইতিমধ্যে তা জানিয়ে দিয়েছেন। তাই অধ্যক্ষের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ কমলাক্ষের হীনম্মন্যতার প্রকাশ-মাত্র। অধ্যক্ষের বিরুদ্ধে উত্থাপিত এই অভিযোগ ফুৎকারে উড়িয়ে দিয়ে প্রদেশ বিজেপি সভাপতি বলেন, বদরউদ্দিন আজমল রাজ্যসভা নির্বাচন নিয়ে যতই হম্বিতম্বি করুন না-কেন, এতে কোনও প্রভাব পড়বে না ভোটে। রাজ্যসভার দ্বিতীয় আসন নিয়ে বিরোধীরা এখন পর্যন্ত কোনও ঐকমত্যেই পৌঁছতে পারেনি। তাই দ্বিধাবিভক্ত বিরোধী দলের নেতারা, জয় নিয়ে আশা ব্যক্ত করে সংবাদ মাধ্যমের সামনে যে সকল মন্তব্য করছেন এর কোনও বাস্তব ভিত্তিই নেই, দাবি করেন প্রদেশ বিজেপি সভাপতি ভবেশ কলিতা। দুটি আসনেই বিজেপি প্রার্থীর জয় সুনিশ্চিত বলে দৃঢ়তার দাবি করেন তিনি। কংগ্রেসের জারিকৃত "থ্রি লাইন হুইপ" সম্পর্কে ভবেশ কলিতার কটাক্ষ, বলেন, দ্বিতীয় আসনের জন্য বিরোধী দলগুলোর কাছে পর্যাপ্ত সংখ্যা থাকার পরও এত সংশয় কেন?

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# উদুপির পরিস্থিতি সম্পূর্ণ শান্তিপূর্ণ, বললেন বিধায়ক রঘুপতি

উদুপি ও বেঙ্গালুরু, ২৮ মার্চ (হি.স.): হিজাব বিতর্ক ভুলে গিয়েছে কর্ণাটক, অনেকটাই স্বাভাবিক হয়েছে দক্ষিণ ভারতের এই রাজ্য। শান্তিপূর্ণ পরিস্থিতি কর্ণাটকের উদুপি জেলাতেও। সোমবার উদুপির বিজেপি বিধায়ক কে রঘুপতি ভাট জানিয়েছেন, 'উদুপির পরিস্থিতি সম্পূর্ণ শান্তিপূর্ণ। সরকারি স্কুলের ছাত্রীরা স্কুলে হিজাব পরছেন না, অথবা খুলে রাখছেন। সরকারের অনুমতি মতোই বেসরকারি স্কুলের ছাত্রীরা হিজাব পরেই স্কুলে যাচ্ছেন। এসএসএলসি পরীক্ষায় অংশ নেওয়া শিক্ষার্থীরাও হিজাব পরেননি।'

এদিন কর্ণাটকের বেলাগাভিতে একটি সরকারি স্কুলের সামনে এসএসএলসি পরীক্ষায় অংশ নেওয়া শিক্ষার্থীদের শুভেচ্ছা জানান বিজেপি বিধায়ক অনিল বেনাকে। শুধু উদুপি ও বেলাগাভি নয়, কর্ণাটকের সর্বত্রই এদিন হিজাব না পরেই পরীক্ষা দেন এসএসএলসি পরীক্ষার্থীরা, অনেকে বোরখা খুলে রাখেন। বেঙ্গালুরুর সেন্ট জোসেফ কনভেন্ট গার্লস হাইস্কুলের ক্ষেত্রে দেখা যায়, পরীক্ষাকেন্দ্রে ঢোকার আগে বোরখা খুলে রাখেন ছাত্রীরা।

# ৩ বছরের কারাদণ্ডে দণ্ডিত কংগ্রেস নেতা বান্ধু তিরকে

রাঁচি, ২৮ মার্চ (হি.স.): অসামঞ্জস্যপূর্ণ সম্পত্তি মামলায় ৩ বছরের কারাদণ্ডে দণ্ডিত হলেন ঝাড়খণ্ডের কংগ্রেস নেতা বান্ধু তিরকে। সোমবার রাঁচির বিশেষ সিবিআই আদালত বান্ধুকে ৩ বছরের কারাদণ্ড ও ৩ লক্ষ টাকা জরিমানা করেছে। ২০০৫-২০০৯ সাল পর্যন্ত ঝাড়খণ্ডের মন্ত্রী ছিলেন বান্ধু, তার বিরুদ্ধে ৬ লক্ষ ২৮ হাজার ৬৯৮ কোটি টাকা আয়ের থেকে অধিক সম্পত্তি অর্জনের অভিযোগ ছিল। সোমবার রাঁচির বিশেষ সিবিআই আদালতের বিচারক পি কে শর্মা রায় ঘোষণা করেন।

আদালতের রায়ে খুশি প্রকাশ করেছেন সাজাপ্রাপ্ত বান্ধু তিরকে। তিনি বলেছেন, আমি আদালতের প্রতি আস্থা রাখি। যা রায় দেওয়ার দরকার ছিল, দেওয়া হয়েছে...আমি আমার আইনজীবীর সঙ্গে কথা বলব। আয়ের সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ সম্পত্তি মামলায় ২০১০ সালে তার বিরুদ্ধে মামলা রুজু করেছিল সিবিআই।

# সুস্থতার দিকে এগোচ্ছে দেশ, টিকাকরণ ১৮৩.২৬ কোটি সম্পন্ন

নয়াদিল্লি, ২৮ মার্চ (হি.স.): করোনার বাড়বাড়ন্ত কমতেই ধীরে ধীরে সুস্থতার দিকে এগোচ্ছে ভারত। একইসঙ্গে টিকাকরণও রোজই ছুঁয়ে ফেলছে নতুন নতুন মাইলফলক। দেশব্যাপী টিকাকরণ অভিযানের আওতায় বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ৪ লক্ষ ২০ হাজার ৮৪২ জন প্রাপক। ফলে ভারতে ১৮৩.২৬-কোটি টিকাকরণ সম্পন্ন হয়েছে। সোমবার সকাল আটটা পর্যন্ত ১,৮৩,২৬,৩৫,৬৭৩ জনকে টিকা দেওয়া হয়েছে।

ভারতে কোভিড-পরীক্ষাও চলছে দ্রুততার সঙ্গে, সোমবার সকাল পর্যন্ত ৭৮.৭৩-কোটির ঊর্ধ্বে পৌঁছে গেল করোনা-পরীক্ষার সংখ্যা। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২৭ মার্চ সারা দিনে ভারতে ৪,৩২,৩৮৯ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। সবমিলিয়ে ভারতে করোনা-টেস্টের সংখ্যা ৭৮,৭৩,৫৫,৩৫৪-এ পৌঁছে গিয়েছে। পরীক্ষিত ৪,৩২,৩৮৯ জনের মধ্যে বিগত ২৪ ঘন্টায় ভারতে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়েছেন ১ হাজার ২৭০ জন।

# কর্মসংস্থান ও পর্যটনে দেওয়া হবে বিশেষ জোর, মুখ্যমন্ত্রী পদে শপথ নিয়েই বললেন প্রমোদ

পানাজি, ২৮ মার্চ (হি.স.): কর্মসংস্থান সৃষ্টি ও পর্যটনের ওপর বিশেষ জোর দেওয়া হবে, সোমবার গোয়ার মুখ্যমন্ত্রী পদে শপথ নেওয়ার পরই বললেন প্রমোদ সাওয়ান্ত। একইসঙ্গে প্রমোদ সাওয়ান্ত জানিয়েছেন, আমাদের সরকারের দ্বিতীয় মেয়াদে খনি কার্যক্রমের দিকেও বিশেষভাবে মনোনিবেশ করা হবে।

সোমবার গোয়ার মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন প্রমোদ সাওয়ান্ত, এই নিয়ে দ্বিতীয়বার গোয়ার মুখ্যমন্ত্রী হলেন প্রমোদ সাওয়ান্ত। সোমবার বেলা এগারোটা নাগাদ ডঃ শ্যামা প্রসাদ মুখোপাধ্যায় স্টেডিয়ামে গোয়ার মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন প্রমোদ সাওয়ান্ত। এদিনই গোয়ার মন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন ৮ জন। তাঁরা হলেন-বিশ্বজিৎ রাণে, মৌভিন গোদিনহো, রবি নায়েক, নীলেশ কাবরাল, সুভাষ সিরোধকার, রোহান খাউন্টে, আতানাসিও মনসেরেট ও গোবিন্দ গাউদে। গোয়ার রাজ্যপাল পি এস শ্রীধরণ পিল্লাই সকলকে শপথবাক্য পাঠ করিয়েছেন।

শপথ নেওয়ার পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে প্রমোদ সাওয়ান্ত বলেন, কর্মসংস্থান সৃষ্টি ও পর্যটনের ওপর বিশেষ জোর দেওয়া হবে আমাদের সরকারের দ্বিতীয় মেয়াদে। পাশাপাশি খনি কার্যক্রমের দিকেও বিশেষভাবে মনোনিবেশ করা হবে।

# ময়নাগুড়িতে পথ দুর্ঘটনায় মৃত্যু যুবকের

ময়নাগুড়ি, ২৮মার্চ (হি. স.) : পথ দুর্ঘটনায় মৃত্যু হল এক যুবকের। ঘটনায় আহত হয়েছেন আরও চারজন। সোমবার বিকেল সাড়ে চারটে নাগাদ দুর্ঘটনাটি ঘটেছে ময়নাগুড়ি মালবাজার গামী ৩১ নম্বর জাতীয় সড়কে, ময়নাগুড়ি সিংগীমারী মোড়ের কাছে।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃতদের নাম সৈকত মণ্ডল(২৩) ও বিশাল মিত্র(২৪)। আহতরা হলেন, দীপঙ্কর দে, সিদ্ধার্থ ধর ও সায়ন ঘোষ। তাঁরা ময়নাগুড়ি সুভাষনগরের বাসিন্দা। আশঙ্কাজনক অবস্থায় তাদের জলপাইগুড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। জানা গিয়েছে, এদিন একটি ছোট গাড়ি করে পাঁচ বন্ধু লাটাগুড়ির দিকে গিয়েছিল। ফেরার সময় সিংগীমারী মোড়ের কাছে গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে থাকা একটি গাছে ধাক্কা মারে। দুর্ঘটনায় আহত হন গাড়িতে থাকা পাঁচজনই। ঘটনার খবর পেয়ে ময়নাগুড়ি দমকল কেন্দ্রের কর্মীরা ও ময়নাগুড়ি থানার পুলিশ আহতদের উদ্ধার করে ময়নাগুড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসকরা সৈকতকে মৃত বলে ঘোষণা করেন। দুর্ঘটনাগ্রস্ত গাড়িটিকে উদ্ধার করেছে ময়নাগুড়ি থানার পুলিশ।

# বনধের ভালোই প্রভাব কেরলে, থমকে গেল জনজীবন

তিরুবনন্তপুরম, ২৮ মার্চ (হি.স.): কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নের ডাকা বনধের ভালোই প্রভাব পড়ল দক্ষিণ ভারতের রাজ্য কেরলে। থমকে গিয়েছে জনজীবন, রাস্তায় দেখা মেলেনি সরকারি বাস। শুধুমাত্র সরকারি বাস নয়, ট্যাক্সি, অটো এবং বেসরকারি বাসও সোমবার রাস্তায় নামেনি। জরুরি পরিষেবার সঙ্গে যুক্ত, এমন পরিষেবা ছাড়া সমস্ত কিছুই স্তব্ধ হয়ে পড়ে এদিন।

তিরুবনন্তপুরম-সহ কেরলের বিভিন্ন প্রান্তে বন্ধ ছিল দোকানপাট, বাজার। বন্ধ ছিল ব্যাঙ্ক, এটিএম-র শাটারও ছিল বন্ধ। সবমিলিয়ে বনধের ভালোই প্রভাব পড়েছে কেরলে। বনধের সমর্থনে কেরলে এদিন মিছিলও বের হয়। দক্ষিণ ভারতের আরেকটি রাজ্য অন্ধ্রপ্রদেশেও এদিন বনধের সমর্থনে মিছিল বের হয়।

# কল্যাণপুরে কংগ্রেসের সভা

**নিজস্ব প্রতিনিধি, কল্যানপুর, ২৮ মার্চ।।** অস্বাভাবিক হারে মূল্যবৃদ্ধি ও রাজ্যের আইন শৃঙ্খলার চূড়ান্ত অবনতির কারণে প্রদেশ কংগ্রেস এর নির্দেশে প্রত্যেক জেলা কংগ্রেস আগামী ২ অথবা ৪ এপ্রিল জেলাশাসক এর অফিস এর সামনে বিক্ষোভ ধর্ণা প্রদর্শন করবে। এই কর্মসূচি উপলক্ষে সোমবার কল্যাণপুর কংগ্রেস ভবনে এক বিশেষ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন খোয়াই জেলা কংগ্রেস সভাপতি বিক্রম কিশোর সিনহা। এছাড়াও ছিলেন জেলা কমিটির সাধারণ সম্পাদক রাখাল তরফদার, অশোক দেব, কংগ্রেস নেতা নিখিল চক্রবর্তী, অঞ্জনা নন্দী প্রমুখ। বৈঠকে ঠিক হয় আগামী ৪ এপ্রিল খোয়াই এর জেলাশাসক এর দপ্তর এর সামনে জেলা কংগ্রেস এর তরফে বিক্ষোভ প্রদর্শন করা হবে। একই সাথে ঠিক হয় প্রদেশ কংগ্রেস এর কর্মসূচি মোতাবেক আগামী ৭ এপ্রিল রাজ্য পুলিশ এর মহানির্দেশক এর দপ্তর এর সামনে ও বিক্ষোভ ধর্ণা প্রদর্শিত হবে।

# কৌশল মেলা বিলোনীয়ায়

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ২৮ মার্চ।।** ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের উদ্যোগে আজ ভারতচন্দ্র নগর ব্লক এলাকার অন্তর্গত মহিলা স্ব-সহায়ক দলগুলি নিয়ে ব্লক ভিত্তিক কৌশল মেলা অনুষ্ঠিত হয় উত্তর বিলোনিয়া স্কুল মাঠে। একদিনের এই মেলার উদ্বোধন করেন ভারতচন্দ্র নগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান পুতুল পাল বিশ্বাস। এছাড়া ও উপস্থিত ছিলেন ব্লক আধিকারিক কাবেরী নাথ, পঞ্চায়েত সমিতির সদস্য ভুলন ধর, সহ অন্যান্য অতিথিবৃন্দ। মহিলাদের স্বনির্ভর এবং আত্মনির্ভর করে তোলার ক্ষেত্রে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন ভূমিকা অনস্বীকার্য। এই মেলার লক্ষ্য এবং উদ্দেশ্য নিয়ে আলোচনা করেন ব্লক আধিকারিক কাবেরী নাথ। তিনি বলেন ২০১৪ সালে দেশের সরকার মহিলাদের আত্মনির্ভর করার লক্ষ নিয়ে দীনদয়াল উপাধ্যায় কৌশল যোজনা শুরু করেন। মহিলাদের দক্ষতার মধ্যে দিয়ে আত্মনির্ভর করে তোলাই হলো এই যোজনার মূল লক্ষ্য এবং উদ্দেশ্য। পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান পুতুল পাল বিশ্বাস বলেন এই ব্লক এলাকায় এরই মধ্যে প্রায় গ্রামীণ জীবিকা মিশনের উদ্যোগে ৩৮০ টি মহিলাদের স্ব-সহায়ক দল খোলা হয়েছে এই ব্লক এলাকায়। যার মধ্যে প্রায় তিন হাজার ৮০০ জনেরও বেশি মহিলারা যুক্ত রয়েছেন।

## ফের শান্তি

● প্রথম পাতার পর

দোনবাস এলাকার মর্যাদার প্রশ্নেও ছাড় দেওয়ার ইঙ্গিত দিয়েছেন ইউক্রেনে রাশিয়ার সামরিক অভিযান শুরু হয় গত ২৪ ফেব্রুয়ারি। রুশ আগ্রাসন ঠেকাতে যুদ্ধে অংশ নেন ইউক্রেনের সামরিক ও বেসামরিক মানুষরা। এই যুদ্ধে পশ্চিমারা সরাসরি অংশ না নিলেও নিষেধাজ্ঞা দিয়ে মস্কোকে দুর্বল করার পথ বেছে নিয়েছে। যুদ্ধ ঠেকাতে অনেক দেশ উদ্যোগ নিলেও এখনও রুশ আগ্রাসন বন্ধ হয়নি। শান্তি আলোচনা বারবার ব্যর্থ হয়েছে। রুশ হামলায় ইউক্রেনের অনেক শহর এখন ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। এক কোটির বেশি মানুষ বাস্তুচ্যুত। তাদের মধ্যে দেশ ছেড়েছেন ৩৮ লক্ষের বেশি। উভয়পক্ষের বহু হতাহতের খবর পাওয়া যাচ্ছে।

## রাজ্যে

● প্রথম পাতার পর

ব্যাংকে উপচে পড়ে গ্রাহকদের ভিড়। বিভিন্ন স্কুল কল্যাণপুর ব্লক অফিস এগ্রিকালচার অফিস তহসিল অফিস সিডিপিও অফিস ডিডাব্লিউ এস অফিস বনদপ্তর পোস্ট অফিস সহ সমস্ত সরকারি অফিস খোলা ছিল। কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

## যানবাহনের

● প্রথম পাতার পর

শংসাপত্রের দাম ৮০ টাকার পরিবর্তে হবে ১০০ টাকা হয়েছে, বিজ্ঞপ্তিতে বলা হয়েছে। যানবাহনের দূষণ নিয়ন্ত্রণে শংসাপত্রের মূল্য বৃদ্ধির পরে ত্রিপুরা জুড়ে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে।

## কেন্দ্র

● প্রথম পাতার পর

গ্রাফ যেভাবে হু হু করে বেড়েছিল, তাও এখন কমে গিয়েছে। সোমবার ভারতে করোনায় আক্রান্তের সংখ্যা ১ হাজার ২৭০ জন। ২০২০ সালের এপ্রিল মাসের পর থেকে এই পরিসংখ্যান সর্বনিম্ন। এর পাশাপাশি দেশের অ্যাকটিভ কেসের সংখ্যা এবং কোভিড-১৯ পজিটিভিটি রেটও প্রতিদিন কমছে। এই পরিস্থিতিতে ফোনের কোভিড কলার টিউন বন্ধ করে দেওয়ার কথা ভাবছে কেন্দ্র।

উল্লেখ্য, প্রায় দুই বছর আগে দেশে করোনা মহামারী ছড়িয়ে পড়তেই কোভিড -১৯ কলার টিউনটি চালু হয়েছিল। ভারতী এয়ারটেল, বিএসএনএল, রিলায়েন্স জিও এবং ভোডাফোন আইডিয়া সহ বিভিন্ন অপারেটররা ২০২০ সালের মার্চ মাসে কেন্দ্রীয় সরকারের জারি করা এক নির্দেশিকা অনুযায়ী এই কলার টিউন চালানো শুরু করেছিল।

## কালবৈশাখীর ঝড়ে

● প্রথম পাতার পর

খবর পাওয়া গেছে। আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে কালবৈশাখী রাজ্যের বিস্তীর্ণ এলাকা জুড়ে ঘুরে বেড়াচ্ছে। রাজ্যে অচিরেই কালবৈশাখীর তাণ্ডব এবং বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলেও আবহাওয়া দপ্তরের খবর।

হালকা বর্ষণে আসাম আগরতলা জাতীয় সড়কে যান চলাচল স্তব্ধ। ঘটনা তেলিয়ামুড়া মহকুমা মুঙ্গিয়াকামি ব্লকের ১৮ মুড়া পাহাড়ের আসাম আগরতলা জাতীয় সড়কে রবিবার দুপুর থেকে। সংবাদে প্রকাশ, ১৮ মুড়া পাহাড়ে জাতীয় সড়ক দীর্ঘদিন যাবৎ রাস্তা সংস্কারের অর্থাৎ জাতীয় সড়ক প্রশস্ত করার কাজ চলছিল, সড়ক প্রশস্ত করার জন্য পাহাড় কেটে নিচু জায়গা গুলি ভরাট করার কাজ চলছে। আর তার ফলে ১৮ মুড়া পাহাড়ের জাতীয় সড়কের ৩৭ ,৩৯, ৪৩, ৪৪,৪৫ মাইল এলাকাগুলিতে প্রচুর পরিমাণে ধুলো মাটি রাস্তার মধ্যে রয়েছে। আর বৃষ্টির হলেই ধুলো মাটিগুলি কাদায় রূপান্তরিত হয়ে যায়। রবিবার বিকেলে হালকা বর্ষণের ফলে এই ধুলো মাটি কাঁদায় রূপান্তর হয়। এর ফলে গোটা ১৮ মুড়া পাহাড়ের এলাকা জুড়ে আসাম-আগরতলা জাতীয় সড়ক কাদায় পিচ্ছিল হয়ে পড়ে। ফলে দূরপাল্লার লরি সহ ছোট গাড়ি গুলি -কেও ঐ সকল রাস্তা ধরে আসতে গিয়ে সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। ওই এলাকার গুলি রাস্তা দিয়ে পারাপারের সময় গাড়ির চাকা পিছলে যাচ্ছে। ফলে রবিবার দুপুর থেকেই রাস্তার দু-দিকে দিয়ে শত শত যানবাহন আটকে পড়েছে। তার ফলে যাত্রীবাহী গাড়ি গুলির যাত্রীরা চরম দুর্ভোগের মধ্যে রয়েছে। পানীয় জল ও খাবার না পাওয়াতে দিশাহারা যাত্রীবাহী গাড়িগুলির যাত্রীসহ অন্যান্য দূরপাল্লা লরি গুলির চালক এবং সহ চালকরা। দীর্ঘ প্রায় ২৪ ঘন্টা সময় অতিক্রান্ত হলেও সোমবার দুপুর পর্যন্ত জাতীয় সড়ক স্বাভাবিক হয়নি ফলে এক প্রকার বেকায়দায় ছোট-বড় যানবাহন চালক থেকে শুরু করে যাত্রীরা। খবর লেখা পর্যন্ত জাতীয় সড়ক স্বাভাবিক হয়নি।উল্লেখ্য, যান চালকদের দীর্ঘদিনের অভিযোগ ছিল যে বর্ষা মরসুমে যানবাহন চলাচলের ক্ষেত্রে অন্তরায় হয়ে দাঁড়াবে। তারপরেও সংশ্লিষ্ট দপ্তর কিংবা ঠিকাদারি সংস্থা কোন ব্যবস্থা গ্রহণ করেনি। আর তাতে করে হালকা বর্ষণে বেগ পোহাতে হচ্ছে সাধারণ যানচালক থেকে শুরু করে যাত্রীবাহী যানন চালকদের।

হালকা ঝড়-বৃষ্টিতে কল্যাণপুরে ভেঙ্গে পড়ল বিদ্যুৎ পরিষেবা।চলতি মরসুমে শুরু হয়ে গেল কল্যাণপুরে বিদ্যুৎ যন্ত্রনা। যদিও তা কোনো নতুন ব্যাপার নয়। প্রতিবছর এমনি দিন থেকে শুরু হয় বিদ্যুৎ যন্ত্রণা। এই সময়টা প্রতিবছরই গোটা কল্যাণপুর এলাকায় বিদ্যুৎ এর বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয় গ্রাহকদের। প্রাপ্ত খবরে জানা যায় রবিবার দুপুরে হালকা কালবৈশাখীর ঝড় বৃষ্টি হয় সমস্ত কল্যাণপুর এলাকায়। এই কারণে দুপুর থেকেই গোটা কল্যাণপুর এলাকায় বিদ্যুৎ পরিষেবা স্তব্ধ হয়ে পড়ে। যদিও সন্ধ্যার পর কল্যাণপুর শহর এলাকায় মাত্র কয়েকটি বাড়িতে বিদ্যুৎ পরিষেবা চালু হয়। তাও কিছুক্ষণ পরপর যায় আর আসে। অপরদিকে এদিন দিনভর সারারাত এবং আজ সকাল অব্দি বিদ্যুৎ ছিল না গোটা কমলনগর ফিডারে। বিদ্যুৎ ছিল না আমপুরা ফিডার এর কিছুটা অংশ, পশ্চিম গিলাতলী দাও ছড়া রতিয়া ঘিলাতলী সর্বং বড়ময়দান সহ নানান এলাকায় বিদ্যুৎ পরিষেবা স্তব্ধ হয়ে পড়ে। কল্যাণপুর বিদ্যুৎ নিগমের দাবি পরিবাহী বিদ্যুৎ লাইন এ ফল্ট আশায় বিপত্তি। এদিকে দুই তিন দিন ধরে বিদ্যুৎ পরিষেবা খারাপ থাকার কারণে অমর কলোনি এলাকায় পানীয় জল আসেনি। আহত হয় আরো বিভিন্ন পরিষেবা। বন্ধ হয়ে পড়ে যোগাযোগের মাধ্যম। কল্যাণপুর বিদ্যুৎ অফিসের একমাত্র ল্যান্ডফোনটি বিকল হয়ে পড়ে। যার কারণে মানুষ আরো বেশি ক্ষোভ প্রকাশ করেন। কল্যাণপুর বিদ্যুৎ সাব ডিভিশন বিশাল এলাকা নিয়ে অবস্থিত। রয়েছে প্রায় ৩০,০০০ উপরের গ্রাহক। কিন্তু একটি মাত্র গাড়ি দিয়েই লাইন সার্ভিস করা হয়। এল টি এস টি এই দুটি লাইন একটি গাড়ি দিয়ে পরিষেবা সচল রাখার চেষ্টা করেন বিদ্যুৎ নিগম। অপরদিকে আবার কল্যাণপুর নিগমের অফিসে কর্মী স্বল্পতাও রয়েছে। স্বাভাবিক কারণেই গ্রাহকদের মধ্যে প্রশ্ন দেখা দিয়েছে যে হালকা ঝড় বৃষ্টিতে যদি বিদ্যুৎ পরিষেবা ভেঙ্গে পড়ে যখন বড় কোন ঝড় বৃষ্টি হবে তখন বিদ্যুৎ কর্মীরা কি করবেন।

## পণ্য ক্রয়ে

● প্রথম পাতার পর

এর গুণমান, মেয়াদ উত্তীর্ণ কিনা সে সম্পর্কে অনেক ক্ষেত্রেই উদাসীন থাকি। এর ফলে প্রতারণার স্বীকার হই। তিনি আরও বলেন, কেন্দ্রীয় সরকার জিএসটি এবং আরও কিছু পদক্ষেপ গ্রহণ করার ফলে প্যাকেট জাতীয় পণ্য ক্রয় করার ক্ষেত্রে আমরা প্রতারিত হওয়া থেকে অনেকাংশেই রেহাই পেয়েছি। কিন্তু বাজারে খোলা পণ্যসামগ্রী ক্রয় করার ক্ষেত্রে অনেক সময়েই পণ্যের গুণাগুণ ও মূল্য প্রদানের ক্ষেত্রে প্রতারিত হই।

এর জন্য তিনি গ্রাহকদের আরও বেশি করে সচেতন হতে আহ্বান জানান। মন্ত্রী শ্রী দাস বলেন, এক সময় রেশনসপের সামগ্রী নেওয়ার সময়েও ভোক্তারা প্রতারিত হতেন। এখন রেশনসপে পণ্য সরবরাহের ক্ষেত্রে অনেক স্বচ্ছতা আনা হয়েছে। বায়োমেট্রিক আঙ্গুলের ছাপ, আধার লিঙ্ক না মিললে কেউ রেশনসপ থেকে পণ্যসামগ্রী নিতে পারেন না। সভাপতির ভাষণে কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান হ্যাপি দাস বলেন, জাগ্রত গ্রাহকরাই পারে দুর্নীতি মুক্ত দেশ গড়ে তুলতে। আমরা সচেতন হলেই জাগ্রত গ্রাহক তৈরী হবে।

স্বাগত ভাষণে মহকুমা শাসক সুব্রত ভট্টাচার্য বলেন, ১৯৮৩ সাল থেকে এই দিবসটি উদযাপন করা হচ্ছে। ১৯৮৬ সালের ২৪ ডিসেম্বর ভারতে ক্রেতা সুরক্ষা আইন প্রণয়ন হয়। তিনি জানান, কুমারঘাট মহকুমায় মোট ৮০টি রেশনসপের মধ্যে ১৪টি মহিলা পরিচালিত রেশনসপ রয়েছে। অনুষ্ঠানে এছাড়া উপস্থিত ছিলেন কুমারঘাট পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন পবন পাল, কুমারঘাট বিএসি"র চেয়ারম্যান তপনজয় রিয়াং, কুমারঘাট ব্লকের বিডিও ড় সুদীপ ভৌমিক।

## চোরের হানা

● প্রথম পাতার পর

ফোন কিংবা চোরকে আটক করা সম্ভব হয়নি। দোকানের মালিক অভিযোগ করেছেন মূল সড়কের পাশে ব্যস্ততম জায়গায় এ ধরনের চুরির ঘটনা কোনোভাবেই মেনে নেওয়া যায় না। পুলিশি টহল নিয়েও প্রশ্ন তুলেছেন তিনি। পুলিশ সক্রিয় থাকলে কিভাবে মূল সড়কের পাশে সাঁতার কেটে দোকানে ঢুকে এধরনের দুঃসাহসিক চুরির ঘটনা সংঘটিত করতে পারে তা নিয়েও প্রশ্ন তুলেছেন স্থানীয় মানুষজন। রাত্রিকালীন নিরাপত্তা নিয়ে আগরতলা শহর ও শহরতলীর জনগণের মধ্যে সংশয় ক্রমশ বেড়েই চলেছে।

এদিকে সোমবার আগরতলা ফায়ার সার্ভিস চৌমুহনী সংলগ্ন এলাকায় সন্দেহভাজন এক চোরকে আটক করা হয়েছে। স্থানীয় বাসিন্দারা সন্দেহভাজন ওই যুবককে আটক করে তার কাছ থেকে হাতুড়ি হেস্কো ব্লেড তালা সহ অন্যান্য জিনিসপত্র উদ্ধার করতে সক্ষম হয়েছে। সন্দেহভাজন আটক চোরকে আটক করে স্থানীয় বাসিন্দারা পুলিশকে খবর দেন। খবর পেয়ে বটতলা আউটপোস্ট এর পুলিশ ঘটনাস্থলে ছুটে এসে সন্দেহভাজন ওই চোরকে থানায় নিয়ে যায়। তাকে জিজ্ঞাসাবাদ শুরু করেছে পুলিশ। সে বিভিন্ন চুরির ঘটনায় জড়িত রয়েছে বলে আশঙ্কা করা হচ্ছে। তার কাছ থেকে স্বীকারোক্তি আদায়ের চেষ্টা অব্যাহত রেখেছে পুলিশ।

## সারিতে

● প্রথম পাতার পর

২০১৫ সালে সম্মিলিত জাতিপুঞ্জ এসডিজি কর্মসূচি গ্রহণ করে। এরপর ভারত সহ অন্যান্য রাষ্ট্রগুলি এসডিজি অনুসরণ করা শুরু করে। এর অন্যতম লক্ষ্যই হচ্ছে ২০৩০ সালের মধ্যে দারিদ্র্য মুক্ত বিশ্ব গড়ে তোলা এবং প্রত্যেক মানুষকে শান্তি সম্প্রীতির সহাবস্থানের ব্যবস্থা করা। দেশের বিভিন্ন রাজ্য সরকার এসডিজি অনুসরণ করে কাজ করছে। এক্ষেত্রে ত্রিপুরাও সামনের দিকে রয়েছে। দুদিন ব্যাপী কর্মশালায় কি নোট স্পিকার হিসেবে অংশ নিয়েছেন নীতি আয়োগের পক্ষ থেকে এসডিজি এসোসিয়েট মীমানসা মিশ্র, এসডিজি অফিসার সৌম্য গুহ এবং ইয়ং প্রফেশনাল সাক্ষী গুপ্তা।

# ক্রীড়া

## ৪-০ গোলে জামাইকাকে হারিয়ে ৩৬ বছর পর বিশ্বকাপের টিকিট নিশ্চিত করল কানাডা

টরন্টো, ২৮ মার্চ (হি.স.) : অপেক্ষার অবশান। দীর্ঘ ৩৬ বছর পর বিশ্বকাপের টিকিট নিশ্চিত করল কানাডা। ৪-০ গোলে জামাইকাকে হারিয়ে কাতার বিশ্বকাপের জায়গা করে নিল আলফান্সো দাভিয়েসের দেশ।



দিনকয়েক আগেই বিশ্বকাপের মঞ্চ থেকে ছিটকে গিয়েছেন আজ্জুরিরা । সেখানেই এবার স্বপ্নপূরণের রূপকথা লিখলেন সাইল লারিন, তাজন বুকানান, জুনিয়র হোয়েলেটরা ।পরপর ছ''ম্যাচে অপরাজিত থেকে কাতারের পথে পা বাড়িয়ে রেখেছিল জন হার্ডম্যানের ছেলেরা ।

যদিও গত সপ্তাহে কোস্টারিকার কাছে ১-০ গোলে হেরে বিশ্বকাপে জায়গা নিশ্চিত করার সুযোগ হাতছাড়া করেছিল তারা। এদিন সেই ভুল শুধরে নিলেন ফুটবলাররা ।সেখানেই এবার স্বপ্নপূরণের রূপকথা লিখলেন সাইল লারিন, তাজন বুকানান, জুনিয়র হোয়েলেটরা ।পরপর ছ''ম্যাচে অপরাজিত থেকে কাতারের পথে পা বাড়িয়ে রেখেছিল জন হার্ডম্যানের ছেলেরা ।

কানাডা দলের অন্যতম ভরসা মিডফিল্ডার জোনাথন ওসোরিও। তিনি বলেন, ''আমি বাকরুদ্ধ। আজ স্বপ্ন সত্যি হল । আমরা সবাই কানাডিয়ান হিসেবে এটারই স্বপ্ন দেখেছিলাম । এটা একটা অবিশ্বাস্য অনুভূতি।


Notice inviting Tender No. 1081-1101/F.4 (2)/PRTI/KGT/O&M/2022-23/ Date :- 24/03/2022
On behalf of the Governor of Tripura, the Officer In-Charge, Panchayat Raj Training Institute, Kumarghat, Unakoti Tripura Division invites item wise separate sealed tender for the following items from the eligible bidders up to 3 PM of 06/04/2022 (office date and hour only) as per following terms condition as well as concerned DNIT.

| SL NO | DNIT No. | Name of Item | EARNEST MONEY | COST OF TENDER FORM | Eligibility of the bidder (Primary) For detailed eligibility vide DNIT | AVAILIBILITY OF TENDER FORM | TIME AND DATE OF DROPPING OF TENDER | TIME AND DATE OF OPENING OF TENDER | PLACE FOR DROPPING AND OPENING OF TENDER |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 1081-1101/F.4(2)/PRTI/KGT/O&M /2022-23/ Date :- 24/03/2022 | Procurement of Stationary items for Panchayat Raj Training Institute, Kumarghat, Unakoti Tripura | Rs. 10000.00 | Rs. 500.00 | Authorized Local dealers / Suppliers of Stationary goods / articles | http://tripura.gov.in www.tenders.gov.in/ | Up to 3 PM of 06/04/2022 | At 3.30 PM of 06/04/2022 | O/O The Officer In-Charge, Panchayat Raj Training Institute, Kumarghat, Unakoti Tripura |

sd/-
Officer In-Charge
Panchayat Raj Training Institute
Kumarghat, Unakoti Tripura
ICA-C-4314-22



PNIeT No:- 79/EE/PWD(DWS)/AMB/2021-22
Single bid percentage rate e-tender is invited for the following work :-

| SL NO | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|
| 1 | DNIeT No.132/EE/PWD(DWS)/AMB/2021-22. | Rs. 4418305.00 | Rs. 44183.00 | 90 (Ninety) days | Appropriate Class |
| 2 | DNIeT No.133/EE/PWD(DWS)/AMB/2021-22. | Rs. 4418305.00 | Rs. 44183.00 | 90 (Ninety) days | |
| 3 | DNIeT No.134/EE/PWD(DWS)/AMB/2021-22. | Rs. 4418305.00 | Rs. 44183.00 | 90 (Ninety) days | |

Last Date and Time for Document Downloading and Bidding : 13-04-2022 up to 15.00 Hrs
Date and Time for Opening of BID : 16-04-2022 at 16.00 Hrs.
Website for Document Downloading and Bidding at Application : https:/ /tripuratenders.gov.in
Tender Fee : 1000.00 each, (non refundable).
Depositing of Tender Fee & EMD to be done by online payment mode as specified in DNIeT through https://tripuratenders.gov.in for any query M-943635599955 / 03826-267230
All details are available in the **https://tripuratenders.gov.in**

Sd/-(Er. H. Chakma)
Executive Engineer
DWS Division, Ambassa,
Dhalai District, Tripura
ICA-C-4322-22
Memo No.F.8(2)/EE/PWD(DWS)/AMB/16359-404 dt. 24-03-2022



**NOTICE INVITING e-TENDER**
No.F.6(19)-Agri./Khw/2022-23/13918 Dated: 21/03/2022
The Supdt. of Agriculture, Khowai Agri. Sub-Division invites on behalf of the 'Governor of Tripura' an e-tender from bonafied and resourceful transport contractor of Indian nationality / Firias/Agencies conforming to eligibility criteria of the tenderer as stipulated in this tender document up to 11/04/2022 17:30 Hrs. for the following work.

| Sl. No | Name of Work | Tender Value/ Estimated Cost | EMD & Tender fee | Completion period | Bid Submission End Date & Time | Bid Opening Date | Place of Bidding |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | Notice Inviting tender for carrying of Agri. inputs in Khowai Agri. Sub-Division for the 2022-23 | Rs. 20,00,000/- | EMD- Rs. 20,000/- Tender fee: Rs. 1,000/- | 365 days | 11.04.2022 17.30 hrs | 12.04.2022 12.00 hrs | https://tripuratenders.gov.in |

Eligible bidders shall participate in bidding only in online mode through website **https://tripuratenders.gov.in.** Bidders are allowed to bid 24x7 until the time of Bid closing with option for Re-Submission wherein only their latest submitted Bid would be considered for evaluation. The e-Procurement website will not allow any Bidder to attempt bidding after the scheduled date and time of Bid Submission. Submission of bids physically is not permitted.
Bid Fee and Earnest Money Deposit are to be paid electronically over the Online Payment facility provided in the Portal, any time after Bid Submission Start Date & before Bid Submission End Date, using either of the supported Payment Mode like Net Banking/ Debit Card/ Credit Card. The Bid Fee of Rs.1,000.00 (Rupees One Thousand) only, as paid electronically over the Online Payment facility, is Non-Refundable and to be deposited to the Government account automatically as revenue.
Bid(s) shall be opened through online process by respective designated Bid openers on behalf of the Supdt. of Agriculture, Khowai and the same shall be accessible by intending Bidder through website **https://tripuratenders.gov.in.** For any enquiry, please contact **agrikhowai@gmail.com**

Sd/-
21-03-2022
(Sabendra Debbarma)
Supdt. of Agriculture
Khowai,Tripura
ICA-C-4326-22



SHORT NOTICE INVITING TENDER NO: EE-IED/AMB/41/2021-22 Dated: 22.03.2022
The Executive Engineer, Internal Electrification Division, Ambassa, Dhalai Tripura invites on hehalf of the 'Governor of Tripura' percentage rate tender(s). The details are given below:

| SL NO | DNIT No. | ESTIMATED COST | EARNEST MONEY | LAST DATE AND TIME FOR RECEIPT OF APPLICATION FOR ISSUE OF TENDER FORM | TIME AND DATE OF OPENING OF TENDER |
|---|---|---|---|---|---|
| 1 | EE-IED/AMB/231/2021-22 | ₹ 4,71,939.00 | ₹ 4,719.00 | Upto 14.00 Hrs. on 29.03.2022 | At 12.30 Hrs. on 30.03.2022 |
| 2 | EE-IED/AMB/232/2021-22 | ₹ 4,71,939.00 | ₹ 4,719.00 | | |
| 3 | EE-IED/AMB/233/2021-22 | ₹ 4,71,939.00 | ₹ 4,719.00 | | |
| 4 | EE-IED/AMB/234/2021-22 | ₹ 4,79,989.00 | ₹ 4,800.00 | | |
| 5 | EE-IED/AMB/235/2021-22 | ₹ 2,68,306.00 | ₹ 2,683.00 | | |
| 6 | EE-IED/AMB/236/2021-22 | ₹ 4,81,512.00 | ₹ 4,815.00 | | |
| 7 | EE-IED/AMB/237/2021-22 | ₹ 4,81,512.00 | ₹ 4,815.00 | | |
| 8 | EE-IED/AMB/238/2021-22 | ₹ 4,81,512.00 | ₹ 4,815.00 | | |
| 9 | EE-IED/AMB/239/2021-22 | ₹ 4,81,512.00 | ₹ 4,815.00 | | |
| 10 | EE-IED/AMB/240/2021-22 | ₹ 4,81,512.00 | ₹ 4,815.00 | | |

The tender documents are available for inspection in the office of the Executive Engineer, Internal Electrification Division, Ambassa, Dhalai Tripura from 11.00 A.M to 4.00 P M. during office hours on all working days specified as above.
For and on behalf of Governor of Tripura

Sd/-Illegible
Executive Engineer
Internal Electrification Division, PWD
Ambassa Dhalai Tripura.
M: 9436168836
ICA-C-4330-33


## আইপিএলে অনিশ্চিত ৬.৫ কোটি অলরাউন্ডার মিচেল মার্শ

লাহোর, ২৮ মার্চ (হি.স.) : আইপিএলে দিল্লি ক্যাপিটালসের কপালে চিন্তার ভাঁজ বাড়িয়ে দিচ্ছে ৬.৫ কোটির অস্ট্রেলিয়ার অলরাউন্ডার মিচেল মার্শ।পাকিস্তানের বিরুদ্ধে তিন ম্যাচের ওয়ানডে সিরিজে খেলতে নামার আগেই কোমরে চোট পেয়েছেন মার্শ। যার ফলে অনিশ্চিত হয়ে পড়লেন আইপিএলে।

পাকিস্তান সফর শেষ করে আগামী ৬ এপ্রিল মার্শের আইপিএলে যোগ দেওয়ার কথা ছিল ক্যাঙারুর দেশের অন্যতম সেরা সাদা বলের ক্রিকেটার মিচেল মার্শের। তবে তার আগেই কোমরে চোট পেয়েছেন মার্শ। পাকিস্তানের বিরুদ্ধে তিন ম্যাচের ওয়ানডে সিরিজে খেলতে নামার আগে ট্রেনিংয়ের সময় মার্শের হিপ ফ্লেক্সরে চোট লাগে। চোটে কাবু ক্রিকেটার আসন্ন সিরিজ থেকে ছিটকে গিয়েছেন। ফলে এখন আইপিএলে মার্শের খেলা নিয়ে ধোঁয়াশা বাড়ছে।

অজি অধিনায়ক অ্যারন ফিঞ্চ সোমবার বলেন, ' ট্রেনিংয়ের সময় মার্শের হিপ ফ্লেক্সরে চোট লেগেছে। আমাদের অপেক্ষা করতে হবে। কিন্তু যা মনে হচ্ছে ওর পক্ষে ওয়ানডে সিরিজ খেলা সম্ভব হবে না। ফিল্ডিং ড্রিল করতে গিয়ে ওর চোট লেগেছে। ড্রিল করার সময় ও ঝুঁকে এক হাতে বল ধরতে গিয়েছিল। তখনই ও ব্যথা অনুভব করে।'

প্রসঙ্গত, ১৯৯৮ সালের পর এই প্রথম পাকিস্তান সফরে এসেছে অস্ট্রেলিয়া। পূর্ণাঙ্গ সিরিজে তিনটি টেস্ট, সমসংখ্যক ওয়ানডে মাচ ও একটি টি-২০ রয়েছে। ২৪ বছর পর পাক মাটিতে টেস্ট সিরিজ জিতেছে অস্ট্রেলিয়া। প্রথম দু''টি টেস্ট ড্র হয়ে যায় বাবর আজম ও প্যাট কামিন্সদের মধে। ফলে সিরিজের তৃতীয় ও শেষ ম্যাচ ছিল ''ডু-অর-ডাই''। অস্ট্রেলিয়া ১১৫ রানে লাহোর টেস্ট জিতে সিরিজ পকেটে পুরে ফেলেছে। আগামীকাল লাহোরের গদ্দাফি স্টেডিয়ামে প্রথম ওয়ানডে ম্যাচে মুখোমুখি এই দুই দল।


**PNIeT No: - 48/ EE/DWS-1/2021-22**
Single bid percentage rate e-tender is invited for **Repairing of electrical accessories of panel boards, pipeline and pump house.**
Deadline for online bidding:- Up to 1500 hrs. of 19.04.2022
Any subsequent corrigendum will be uploaded in the website only. Detailed press notice & bid documents for the work can be seen in website **www.tripuratenders.gov.in.**
For any query please contact :-
e-mail:dwsdivagartala@gmail.com.
(For and on beh of Governor of Tripura)
Sd/-Illegible
Executive Engineer
Division Agartala- I
Agartala, Tripura (W).
ICA-C-4318-22



No.1-2/ARDD/LR/2021-(Vol-II)/ Dated, Agartala, the March, 2022
**REQUEST FOR PROPOSAL 1RFP)**
**[For undertaking Poultry layer farming at R. K. Nagar Farm Complex under Animal Resources Development Department by leasing out 20 (twenty) acres land for 30 (thirty) years in PPP mode.]**
Animal Resources Development Department, Government of Tripura invites application from individuals, SHGs and Co-operative society for undertaking Layer farming at R. K. Nagar Farm Complex by leasing out 20 (twenty) acres of Government land for 30 (thirty) years in PPP mode. The application shall be submitted addressed to the Director, Animal Resources Development Department, Government of Tripura, P. N. Complex, PIN-799006, Agartala in sealed cover envelop through Speed post/Registered post/Courier service.
The details of the **Request For Proposal (RFP)** is available in the website **www.ardd.tripura.gov.in.** The RFP should be submitted on or before 05.00 PM of 18/04/2022.
The RFP will be opened on 19/04/2022, at 11:00 AM. The applicant or their representative may remain present at the time of opening of RFP at Directorate of Animal Resources Development Department, PN Complex, Agartala.
Sd/-(D.K. Chakma)
Director
Animal Resources Development Department
ICA-C-4334-22


## তারকাপ্রথায় বিশ্বাস না করা এক মহাতারকার আখ্যান

সেই নিঃশব্দে চলে যাওয়া। বর্ণাঢ্য বিদায়ী সংবর্ধনার সুযোগটুকু পর্যন্ত কাউকে না দেওয়া। চিরাচরিত মাহি-ভঙ্গি।কী মেলবোর্নে সাদা জার্সিতে টেস্ট ক্রিকেট থেকে অবসর নেওয়ার সময়। কী ওয়ান ডে থেকে বিদায় নিয়ে আন্তর্জাতিক ক্রিকেটজীবনের উপরে পাকাপাকি ভাবে পর্দা টেনে দেওয়ার মুহূর্তে। কী চেন্নাই সুপার কিংসের অধিনায়কত্বের পদ থেকে সরে দাঁড়ানোর লগ্নে। ফিনিশারের রহস্যভেদ যেমন করতে পারতেন না বোলাররা, বিদায়বেলায় পুষ্পবৃষ্টির বরাত পাওয়াও অধরাই থেকে গেল ক্রিকেট- ভক্তদের ।তিনি মহেন্দ্র সিংহ ধোনি যে পুষ্পবৃষ্টিতে বিশ্বাসই করেন না। মুকেশের সেই বিখ্যাত গানটাই তো শুনিয়ে রেখেছেন ম্যায় পল দো পল কা শায়র হুঁ/পল দো পল মেরি কহানি হ্যায়/পল দো পল মেরি হাসতি হ্যায়!" তিনি চলে যাবেন আপন খেয়ালে। আপন সময়ে। যখন তাঁর মনে হবে, মুহূর্তটা পেরিয়ে গিয়েছে। ফিনিশার নিশ্চয়ই জানবেনই, কখন শেষ করতে হয় ।ধোনি এমন এক চরিত্র, যাঁকে তাঁর ঘনিষ্ঠরাও বুঝে উঠতে পারেননি। কখন যে তাঁর মাথায় কী চলছে! ভিভিএস লক্ষ্মণ অবসর নেবেন বলে তাঁকে মোবাইলে ধরার চেষ্টা করে পাননি। সাধারণ ভাবে যে কেউ মনে করবে, ক্যাপ্টেন নিশ্চয়ই কল-ব্যাক করবে। ধোনির দিক থেকে সে রকম কোনও উদ্যোগ দেখতে না পেয়ে বিস্মিত হয়ে গিয়েছিলেন লক্ষ্মণ। বোলিং কোচ হিসেবে চাকরি হারানোর সময় বেঙ্কটেশ প্রসাদ অবাক হয়ে গিয়েছিলেন, "এত দিন টিমের সঙ্গে কাটালাম। ক্যাপ্টেন এক বার ফোনটা তো ধরতে পারত। একটা থ্যাঙ্ক ইউ-ও কী বলতে পারত না।"মহেন্দ্র সিংহ ধোনি এ রকমই। মাঠে যেমন আবেগহীন, মাঠের বাইরেও ভাবলেশহীন। মহাতারকা হয়েও যিনি তারকাপ্রথায় বিশ্বাস করেন না। তাঁর আমলে সব চেয়ে বেশি অবসরের দিকে ঠেলে দেওয়া হয়েছে তারকাদের। আর সে সব ফিরিস্তি খুল্লমখুল্লা তাঁর বায়োপিকেও রাখতে দ্বিধা করেননি। যেমন বিবাহিত হয়েও গোপন করেননি তাঁর এক প্রাক্তন প্রেমিকা ছিল ।গোলকিপার থেকে উইকেটকিপার, সেখান থেকে ভারতীয় দল, দুনিয়ার সেরা ফিনিশার, দু'দু'বারের বিশ্বকাপজয়ী। যিনি খড়গপুর স্টেশনে টিকিট কালেক্টরের কাজ করতেন, টেনিস বলে হেলিকপ্টার শট মেরে বেড়াতেন, কয়েক বছরের মধ্যে তিনিই ওয়াংখেড়েতে বিশ্বকাপ হাতে তুলবেন, কে ভেবেছিল! যে কিনান ক্রিকেট স্টেডিয়ামে তাঁর বাবা ওয়াটারপাম্প চালাতেন, সেখানেই এক দিন পূজিত হবেন তাঁর পুত্র, কে জানত ।রূপকথাকে সত্যি করে দেওয়া মহানায়ক তিনি। আর তার জন্য কোনও আলাদিনের আশ্চর্য প্রদীপ হাতে ছিল না। ২০০৭-এ ওয়েস্ট ইন্ডিজে বিশ্বকাপের পরে বাড়িতে হামলা হয়েছে। কয়েক মাস পরে তারাই আবার জয়ধ্বনি দিয়েছে দক্ষিণ আফ্রিকায় টি-টোয়েন্টি বিশ্বকাপ জেতার পরে। কয়েক দিনের তফাতে কাঁটা ও ফুলের অভ্যর্থনা সারাজীবনের শিক্ষা দিয়ে যায় ধোনিকে। সাফল্যে উচ্ছ্বাসের আলোয় ভেসে যেও না, ব্যর্থতায় তা হলে অন্ধকার অপেক্ষা করবে। রাঁচীর মতো ছোট শহর থেকে উত্থান ঘটিয়ে মেট্রো শহরের আধিপত্যের বেড়া ভাঙারপথিকৃৎ তিনি। ফিল্ডিং, ফিটনেস, পাওয়ারহিটিংয়ে বিপ্লব ঘটানো সংস্কারক। ইয়ান চ্যাপেলের মতো যিনি কোট-টাই-ব্লেজারের জগৎ থেকে ভারতীয় ক্রিকেটকে বার করে এনে জিন্স-টি শার্টের 'স্ট্রিটস্মার্ট' দলে রূপান্তরিত করে দিয়ে গেলেন।


৪০তম আগরতলা বইমেলা ২০২২
উপলক্ষ্যে
= একক আবৃত্তির আসর =
কবি ও কবিতা মঞ্চ
তারিখ : ৩০ মার্চ, ২০২২ ■ সময় : সন্ধ্যা ৬টাথেকে ৭টা
অংশগ্রহণে - অরিত্রা ঘোষ, দেবপ্রিয়া ঘোষ, বিশ্বম্ভর মজুমদার, শিবানীসাহা, চন্দ্রা রায়, সৃষ্টি দেবনাথ, পারমিতা সরকার, হৃদিমা ভট্টাচার্য, গীতিকা দে, বিশ্বজিৎচক্রবর্তী, নিলিমা চন্দ, সুনীতা পাল, মৌমিতা চক্রবর্তী, কথা সাহা, সাগরিকা পাল, অভিজিৎ চক্রবর্তী, বসুন্ধরা দেব।
মনোজ্ঞ আলোচনাচক্র ■ প্রসঙ্গ - মিডিয়া এথিকস এন্ড চেলেঞ্জেস
কবি ও কবিতা মঞ্চ
তারিখ : ৩০ মার্চ, ২০২২ ■ সময় : ৭টাথেকে ৮টা
আলোচক :- শ্রী দেবাশিষ ভট্টাচার্য, শ্রী সঞ্জীব দেব, এবংশ্রী অভিষেক দে।
সঞ্চালনা:- সৈয়দ সাজ্জাদ আলী
আপনারা সবাই আমন্ত্রিত।
তথ্য ও সংস্কৃতি দপ্তর ■ ত্রিপুরা সরকার
ICA/D/2092/22



সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণবো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021- 2023



বামপন্থী ট্রেড ইউনিয়নগুলির ডাকা ধর্মঘটে রাজধানী আগরতলায় যান চলাচল স্বাভাবিক ছিল সোমবার। ছবি নিজস্ব।

# বিভিন্ন উন্নয়নমূলক কাজ দ্রুত সম্পন্ন করতে হবে : কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ মার্চ।।** সময়ের কাজ সময়ে শেষ করতে হবে। জনগণের স্বার্থে এবং সুবিধার জন্য যে কাজগুলি বিশেষ জরুরী সেই কাজগুলি আগে করতে হবে। পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসন কার্যালয়ের কনফারেন্স হলে আয়োজিত পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সাধারন সভায় আজ কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী প্রণজিৎ সিংহরায় একথা বলেন। জিলা পরিষদের সভাধিপতি অন্তরা সরকার দেব এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উপস্থিত ছিলেন বিধায়ক কৃষ্ণধন দাস, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন, জিলা পরিষদ সচিব দেবাশিষ দাস, জেলার বিভিন্ন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগণ, জিলা পরিষদের বিভিন্ন স্থায়ী কমিটির সভাপতিগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

সভায় কৃষক কল্যাণ মন্ত্রী প্রণজিৎ সিংহ রায় নির্বাচিত জনপ্রতিনিধি ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণকে নিজেদের মধ্যে যোগাযোগ বজায় রেখে কাজ করার পরামর্শ দেন। তিনি বলেন, এখানে আমরা সকলেই জনগণের উন্নয়নের জন্য কাজ করছি। জনগণের কাজ দ্রুত শেষ করার দায়িত্ব যেমন সরকারি আধিকারিকদের রয়েছে তেমনি সমান দায়িত্ব রয়েছে নির্বাচিত জনপ্রতিনিধিদেরও। উন্নয়নমূলক কাজগুলি দ্রুত শেষ করার জন্য তিনি নির্দেশ দেন। তিনি বলেন, কৃষকগণ যেন সময়মত ধানবীজ, সার পায় সেদিকে দপ্তরের আধিকারিকদের বিশেষ নজর দিতে হবে। সভায় কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের প্রতিনিধি জানান, ২০২১-২২ অর্থবছরে পশ্চিম জেলায় খারিফ মরশুমে ১৬,৬১৯ হেক্টর জমিতে শ্রীপদ্ধতিতে উচ্চফলনশীল ধান চাষ করা হয়েছে। এছাড়া ১,২৬১ হেক্টরে ডাল, ৭৮৩ হেক্টরে তৈলবীজ চাষ করা হয়েছে। রবি মরশুমেও ৫,০৬৭ হেক্টর জমিতে শ্রীপদ্ধতিতে উচ্চফলনশীল ধান চাষ করা হয়েছে। ৭৩১ হেক্টরে ডাল ও ৬৬১ হেক্টরে তৈলবীজ চাষ করা হয়েছে। প্রতিনিধি জানান, প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় এখন পর্যন্ত জেলার ৭,৮৪৮ জন কৃষকের ১২২৫৮৩ হেক্টর জমি আওতাভুক্ত হয়েছে। জেলার ৯৯৭ জন কৃষকের কিষাণ ক্রেডিট কার্ডের মাধ্যমে কৃষিঋণ মঞ্জুর করা হয়েছে। ১৮,৫২০ জন কৃষক প্রধানমন্ত্রী কিষাণ সম্মাননিধি প্রকল্পে ৩টি কিস্তিতে বছরে ৬০০০ টাকা করে আর্থিক সুবিধা পাচ্ছেন।

সভায় প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের প্রতিনিধি জানান, ২০২১২২ এ পশ্চিম জেলায় বিভিন্ন প্রাণী চিকিৎসাকেন্দ্রে এবং শিবিরের মাধ্যমে ৪,৪৬,৬১৮ টি প্রাণীকে রোগপ্রতিরোধক টিকা দেওয়া হয়েছে। বিভিন্ন ব্লডার হাউস থেকে ২৪,৮৬৫টি মোরগের ছানা বিতরণ করা হয়েছে। মৎস্য দপ্তরের আধিকারিক সভায় জানান, মুখ্যমন্ত্রী নিবিড় মৎস্য চায় প্রকল্পে জেলার ১৭৫ জন মৎস্য চাষিকে বায়োফ্লক পদ্ধতিতে মাছের চায়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আগামী অর্থবর্ষে এই মাছের চায়ে তাদের বিভিন্ন সহায়তা দেওয়া হবে। উদ্যান ও ভূমি সংরক্ষণ দপ্তরের প্রতিনিধি সভায় জানান, আগামী অর্থবর্ষ থেকে রাজ্যে পাম অয়েল চাষে গুরুত্ব দেওয়া হবে। এজন্য রাজ্যের ৫৪০ হেক্টর জমিতে পাম অয়েল গাছ লাগানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর মধ্যে পশ্চিম জেলায় ১০০ হেক্টর জমিতে পাম অয়েল গাছ লাগানো হবে। ডি ডব্লিউ এস দপ্তরের প্রতিনিধি সভায় জানান, ২০২১২২ এ জেলার ১০৮টি গভীর নলকূপ ও ৪৬৬টি স্মলবোর খনন করা হয়েছে। ২৪১.০৫৪ কিলোমিটার পাইপ লাইনে জল সরবরাহ করা হয়েছে। অটল জলধারা প্রকল্পে ২২৮৯৫টি পরিবারে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। সভায় পূর্ত, শিক্ষা, স্বাস্থ্য, জল সম্পদ, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, রেশম শিল্প, শিল্প এবং পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের প্রতিনিধিগণ বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি নিয়ে পর্যালোচনা করেন।

# পশ্চিমবঙ্গের বিজেপি সাংসদদের নিজের বাসভবনে ডেকে পাঠালেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২৮ মার্চ (হি.স.) : পশ্চিমবঙ্গের বিজেপি সাংসদদের নিজের বাসভবনে ডেকে পাঠালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আগামী বুধবার সকাল সাড়ে ৮টায় তাঁদের ডেকে পাঠিয়েছেন তিনি। নয়া দিল্লির ৭ লোককল্যাণ মার্গে প্রধানমন্ত্রীর বাসভবনে প্রাতঃরাশের কথা সাংসদদের। ওইদিন প্রধানমন্ত্রীর দফতরে হাজির থাকবেন এরাজ্য থেকে বিজেপির ১৭ জন সাংসদ। বাংলার সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে আলোচনার সম্ভাবনা।

সোমবার রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার জানান, "আগামী বুধবার প্রধানমন্ত্রী বাংলার ১৭ জন বিজেপি সাংসদকে দিল্লিতে নিজের বাসভবনে ডেকে পাঠিয়েছেন। সকলেই ওই বৈঠকে অংশ নেবেন। বাংলার আইনশৃঙ্খলা পরিস্থিতির কথা প্রধানমন্ত্রী বাংলার বিজেপি সাংসদদের মুখ থেকে শুনবেন।"

সোমবারই দিল্লিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে সাক্ষাৎ করেছেন রাজ্যপাল জগদীপ ধনখড়। তার পরই প্রধানমন্ত্রী বাংলার বিজেপি সাংসদদের বাসভবনে আমন্ত্রণ জানানোয় জল্পনা তুঙ্গে উঠেছে। প্রধানমন্ত্রীর বাসভবনে ওই বৈঠকে হাজির থাকবেন রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার, দলের সহ সভাপতি দিলীপ ঘোষ। সূত্রের খবর, পশ্চিমবঙ্গের বর্তমান পরিস্থিতি নিয়ে সাংসদদের সঙ্গে আলোচনা করতে পারেন প্রধানমন্ত্রী। কথা হতে পারে রামপুরহাট গণহত্যা নিয়েও। এছাড়া বিধানসভায় বিরোধীদের কণ্ঠরোধের যে অভিযোগ বিজেপি করেছে তা নিয়েও আলোচনা করতে পারেন প্রধানমন্ত্রী।

রাজনৈতিক মহলের মতে মাঝে আর ২টো বছর। তার পরই ফের লোকসভা নির্বাচন। তার আগে বিজেপি সাংসদদের ভূমিকা কী হওয়া উচিত তা নিয়েও পরামর্শ দিতে পারেন প্রধানমন্ত্রী।

# দ্রুত সংক্রমণ বাড়ছে চিনে সাংহাই শহরে জারি লকডাউন

বেজিং, ২৮ মার্চ (হি.স.): চিনের বিভিন্ন শহরে বিগত কিছু দিন ধরে করোনা-সংক্রমণ বাড়ছে সংখ্যা বাড়ছে দ্রুত হারে। গত দু'বছরে সে দেশে কখনও পরিস্থিতির এমন অবনতি হয়নি।

কোভিড রুখতে এবার চিনের তৃতীয় বৃহত্তম শহর সাংহাইয়ের অর্ধেক অঞ্চল জুড়ে জারি করা হয়েছে প্রথম দফার লকডাউন। সাংহাইয়ের স্থানীয় প্রশাসন রবিবার রাতে জানিয়েছে, শহর জুড়ে গণ পরীক্ষা শুরু হওয়ার সাংহাইয়ের অন্তর্গত পুডং আর্থিক জেলা এবং আশেপাশের অঞ্চলগুলি সোমবার থেকে শুক্রবার পর্যন্ত লকডাউন জারি থাকবে। দ্বিতীয় ধাপে, ঘনবসতিপূর্ণ ডাউনটাউন এলাকায় শুরু হবে পাঁচ দিনের লকডাউন। চিনে বিগত ২৪ ঘন্টায় নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন ১,২৭৫ জন। নতুন করে কারও মৃত্যু অবশ্য হয়নি। চিনে এখনও পর্যন্ত মোট কোভিডে আক্রান্ত হয়েছেন ১৪৪,৫১৫ জন এবং মৃত্যু হয়েছে ৪ হাজার ৬৩৮ জনের।

# রাজ্য সরকার গ্রামীণ এলাকার যোগাযোগ ব্যবস্থার প্রভূত উন্নতি করেছে : শিক্ষামন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ মার্চ।।** মোহনপুর মহকুমা প্রশাসন এবং স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে মোহনপুর ব্লকের মোহিনীপুর পঞ্চায়েত অফিস প্রাঙ্গণে আজ মুখ্যমন্ত্রী মডেল ভিলেজ স্কিমের আওতায় আশি বছরের বেশি বয়স্ক নাগরিকদের স্বাস্থ্য পরিষেবা গ্রহণ এবং রেশন সামগ্রী প্রদানে সহায়তা কর্মসূচির উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী রতনলাল নাথ। অনুষ্ঠানে অনান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রীনা দেববর্মা, ভাইস চেয়ারম্যান রাকেশ দেব, মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত, মোহনপুর ব্লকের বিডিও নারায়ণ চন্দ্র মজুমদার প্রমুখ।

এরপর শিক্ষামন্ত্রী মোহনপুর ব্লকের রাঙ্গাছড়া পঞ্চায়েতের অন্তর্গত দেবাপুর গ্রামে প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীণ) প্রকল্পের সুবিধাভোগী সুমতি দেববর্মার নবনির্মিত ঘরের যাত্রা করেন। তিনি বলেন, মানুষ ইচ্ছা করলে সবকিছু করতে পারে। পৃথিবীর সব কাজই মানুষ করেছে।

তিনি একে অপরকে সাহায্য করার জন্য এগিয়ে আসার আহ্বান জানান। তিনি বলেন, রাজ্য সরকার গ্রামীণ এলাকার যোগাযোগ ব্যবস্থার উন্নতি করেছে। এর ফলেই দেবাপুর গ্রাম বর্ধিষ্ণু গ্রামে পরিণত হয়েছে।

# করোনা আক্রান্ত ইজরায়েলের প্রধানমন্ত্রী বেনেট, নাফতালির ভারত সফর নিয়ে সংশয়

জেরুজালেম, ২৮ মার্চ (হি.স.) : করোনা আক্রান্ত ইজরায়েলের প্রধানমন্ত্রী নাফতালি বেনেট। আমেরিকার বিদেশ সচিব অ্যান্টনি ব্লিনকেনের সঙ্গে সাক্ষাতের পরই তার করোনা আক্রান্তের খবর সামনে আসে। সোমবার নাফতালি কার্যালয় এ তথ্য নিশ্চিত করেছে। চিকিৎসকদের পরামর্শ মতে নিভৃতবাসে রয়েছেন তিনি। মনে করা হচ্ছে, শারীরিক অসুস্থতার জেরে আগামী ৩ এপ্রিল পূর্বনির্ধারিত ভারত সফর বাতিল করবেন বেনেট। এর আগে, রবিবার জেরুজালেমে ব্লিনকেনের সঙ্গে সাক্ষাত করেন বেনেট। তার কার্যালয় জানিয়েছে, বেনেট করোনাভাইরাসে আক্রান্ত হলেও এখন ভালো বোধ করছেন। বাড়িতে আইসোলেশনে থেকেই অফিসের কাজ করবেন তিনি। বেনেট করোনাভাইরাস প্রতিরোধী টিকা নিয়েছেন এবং ইতিমধ্যেই টিকার একটি বুস্টার ডোজও নিয়েছেন।

এদিকে, আগামী ৩ এপ্রিল ভারত সফরে আসার কথা রয়েছে ইজরায়েলের প্রধানমন্ত্রী নাফতালি বেনেটের। কিন্তু করোনা আক্রান্ত হওয়ায় তিনদিনের ওই সফর ঘিরে প্রশ্ন তৈরি হয়েছে। উল্লেখ্য, কয়েকদিন আগেই 'বন্ধু' প্রধানমন্ত্রী নরেন্দ্রমোদির আমন্ত্রণে ভারত সফরে আসার কথা ঘোষণা করেন বেনেট। সফর কালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি-সহ একাধিক উচ্চপদস্থ কর্তাদের সঙ্গে সাক্ষাৎ করার কথা রয়েছে তাঁর।

পাশাপাশি, ভারতের ইহুদি সম্প্রদায়ের সঙ্গেও আলাপচারিতার কথা রয়েছে বেনেটের।

উল্লেখ্য, ইজরায়েলের প্রধানমন্ত্রী পদে আসীন হওয়ার পর বেনেটের সঙ্গে ২০২১ সালে অক্টোবরে গ্লাসগোয় রাষ্ট্রসংঘের পরিবেশ সংক্রান্ত বৈঠকে মোদীর সাক্ষাৎ হয়। বৈঠকের পাশাপাশি দুই রাষ্ট্রপ্রধানের মধ্যে বেশ কিছুক্ষণ কথা হয়েছিল। সেইসময়ই বেনটেকে ভারতে আসার আমন্ত্রণ জানিয়েছিলেন মোদী।

# অস্কারের মঞ্চে বিতর্ক, স্ত্রীকে নিয়ে রসিকতায় ক্রিস রককে চড় কসালেন উইল স্মিথ

লস অ্যাঞ্জেলেস, ২৮ মার্চ (হি.স.) : দীর্ঘ করোনা কাল কাটিয়ে ঝাঁ চকচকে অনুষ্ঠানের মধ্যে দিয়ে শুরু হল এই বছরের অ্যাকাডেমি পুরস্কার প্রদান। লস অ্যাঞ্জেলেসের ডলবি থিয়েটারে বসেছিল অস্কারের আসর। আর সেই অস্কারের মঞ্চে বিরাট বিতর্ক। মঞ্চে উঠে কমেডিয়ান ক্রিস রককে চড় কসিয়ে দিলেন অভিনেতা স্মিথ। দর্শক আসনে বসে তাঁর স্ত্রীকে নিয়ে রসিকতা সহ্য করতে না পেরেই সোজাসুজি সঞ্চালক কমেডিয়ানকে চড় মেরে দিলেন স্মিথ।ঘটনার আকস্মিকতায় হতবাক সকলে।

উপস্থিত অতিথিদের নিয়ে ঠাট্টা করছিলেন ক্রিস রক। একে একে সকলের কথা বলতে বলতে তিনি চলে যান উইল স্মিথের স্ত্রী জাডা স্মিথ প্রসঙ্গে। ক্রিস রক বলেন, পরের 'জি আই জেন' ছবিতে অভিনয় করবেন জাডা। 'জি আই জেন' ছবিতে অভিনয় করেছিলেন ডেমি মুর। সেই ছবিতে তাঁর মাথায় চুল ছিল না। ঘটনাচক্রে জাডার মাথাতেও চুল নেই।

# ফের জনমুখী ঘোষণা ভগবন্তের, পঞ্জাবে এবার দোরগোড়ায় রেশন পৌঁছে দেওয়ার সিদ্ধান্ত

চন্ডীগড়, ২৮ মার্চ (হি.স.): পঞ্জাবের জনগণের সুবিধার্থে ফের জনমুখী ঘোষণা করলেন পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান। এবার পঞ্জাব সরকার সিদ্ধান্ত নিয়েছে, রাজ্যের জনগণের সুবিধার্থে দোরগোড়ায় পৌঁছে দেওয়া হবে রেশন। পঞ্জাবের মুখ্যমন্ত্রী নিজে সোমবার জানিয়েছেন, রেশন নেওয়ার জন্য রাজ্যবাসীকে আর লাইনে দাঁড়াতে হবে না, তাঁদের সুবিধার্থে দোরগোড়ায় রেশন পৌঁছে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

একটি ভিডিও বার্তায় এদিন পঞ্জাবের মুখ্যমন্ত্রী জানিয়েছেন, ধনীরা নিজেদের বাড়িতে আরামে বসে জিনিসপত্রের অর্ডার দেযন, দরিদ্রদের রেশন পেতে দীর্ঘ লাইনে অপেক্ষা করতে হয়। প্রায়শই রেশন নেওয়ার জন্য কাজেও যেতে পারেন তাঁরা। রেশন ডিপো থেকে রেশন পেতে বয়স্ক মহিলাদের অনেকটা হাঁটতে হয়। ভগবন্ত মান আরও বলেছেন, দরিদ্রদের দেওয়া রেশন প্রায়ই নিম্নমানের হয়। "কিন্তু গরীবদের এটা খাওয়া ছাড়া কোন উপায় নেই। যাইহোক, এখন আপ এক্ষেত্রে পরিবর্তন আনতে প্রস্তুত। ভাল মানের রেশন পরিষ্কার মানের ব্যাগে প্যাক করা হবে এবং মানুষের দোরগোড়ায় পৌঁছে দেওয়া হবে।

এদিন আক্ষেপের সুরে দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল বলেছেন, 'পঞ্জাবের মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন সে রাজ্যে মানুষের দোরগোড়ায় পৌঁছে দেওয়া হবে রেশন, শীঘ্রই তা বাস্তবায়িতও হবে। বিগত ৪ বছর ধরে দিল্লিতেও এমনটা শুরু করার জন্য সংগ্রাম করে চলেছি আমরা, সবকিছুর পরিকল্পনা করেছিলাম, কিন্তু কেন্দ্রের বিজেপি সরকার তা বন্ধ করে দিয়েছে।'

# মতুয়া মেলার আগে ঠাকুরনগরের স্মৃতিচারণা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর

নয়াদিল্লি, ২৮ মার্চ (হি.স.) : হরিচাঁদ ঠাকুরের ২১১ তম জন্মতিথিতে মঙ্গলবার ঠাকুরনগরে পুণ্যস্নান এবং মতুয়া মহাধর্ম মেলা। এই মেলায় আগামীকাল ভারচুয়ালি ভক্তদের বার্তা দেবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তার আগে ঠাকুরনগরের স্মৃতিচারণা ভাসলেন প্রধানমন্ত্রী। সোমবার ২০১৯ সালের ঠাকুরনগরের স্মৃতিচারণা করে টুইট করেন তিনি।

গত ২০১৯ সালের ফেব্রুয়ারিতে ঠাকুরনগরে গিয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সেই সফরের কথা টুইটে উল্লেখ করেন তিনি। মতুয়া মহাসংঘের বড়মা বীণাপাণি ঠাকুরের আশীর্বাদও তাঁর কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলেই দাবি প্রধানমন্ত্রীর। এদিন বড়মা সঙ্গে ছবি দিয়ে পর পর দুটি টুইট করেন তিনি। প্রথম টুইটে তিনি লেখেন, "আমার ২০১৯-এর ফেব্রুয়ারীতে ঠাকুরনগর যাওয়ার সৌভাগ্য হয়েছিল। এই সফর আমি কখনোই ভুলতে পারিনা। বড়মা বীণাপাণি ঠাকুরের আশীর্বাদ পাওয়া আমার কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

আগামীকাল বিকেল সাড়ে চারটে নাগাদ ভারচুয়ালি মতুয়া ভক্তদের উদ্দেশে বার্তা দেবেন প্রধানমন্ত্রী। বক্তৃতা দেওয়ার সুযোগ পেয়ে আপ্লুত মোদী। "নিজেকে ধন্য বলে মনে করছি" বলে টুইটে উল্লেখ করেন তিনি। টুইটে লেখেন, "আগামীকাল ২৯শে মার্চ বিকেল ৪-৩০এ মতুয়া ধর্ম মহামেলায় ভাষণ দেবার সুযোগ পেয়ে আমি নিজেকে ধন্য মনে করছি। মহান শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুরজি সামাজিক ন্যায় ও জনকল্যাণে তাঁর জীবন উৎসর্গ করেছিলেন। আমরা তাঁর জন্মজয়ন্তীও উদযাপন করবো।"

# ভারতে সক্রিয় রোগী কমে ০.০৪ শতাংশ

নয়াদিল্লি, ২৮ মার্চ (হি.স.): ভারতে দৈনিক করোনা-আক্রান্তের সংখ্যা একেবারে নিয়ন্ত্রণের মধ্যে চলে এসেছে, ক্রমেই সুস্থতার দিকে এগিয়ে চলেছে দেশ। রবিবার সারাদিনে মৃত্যুও হয়েছে অনেক কম কোভিড-রোগীর। বিগত ২৪ ঘন্টায় (রবিবার) ভারতে নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ১ হাজার ২৭০ জন। বিগত ২৪ ঘন্টায় ভারতে মৃত্যু হয়েছে করোনা-আক্রান্ত ৩১ জন রোগীর।

রবিবার সারাদিনে ভারতে চিকিৎসাধীন করোনা-রোগীর সংখ্যা কমে ১,৫৮,৫৯-এ পৌঁছেছে, শেষ ২৪ ঘন্টায় সক্রিয় রোগীর সংখ্যা কমেছে ৩২৮ জন। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০৪ শতাংশ রোগী চিকিৎসাধীন রয়েছেন। ভারতে বিগত ২৪ ঘন্টায় (রবিবার) করোনাভাইরাসের টিকা পেয়েছেন মাত্র ৪ লক্ষ ২০ হাজার ৮৪২ জন প্রাপক, ফলে ভারতে সোমবার সকাল আটটা পর্যন্ত ১,৮৩,২৬,৩৫,৬৭৩ জনকে কোভিড টিকা দেওয়া হয়েছে।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় ৩১ জনের মৃত্যুর পর ভারতে কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ৫,২১,০৩৫ জন (১.২১ শতাংশ)। রবিবার সারা দিনে ভারতে করোনা-মুক্ত হয়েছেন ১,৫৬৭ জন। সোমবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,২৪,৮৩,৮২৯ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৭৫ শতাংশ।

# সংসদে ইমরানের বিরুদ্ধে অনাস্থা পেশ

ইসলামাবাদ, ২৮ মার্চ (হি.স.) : পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খানের বিরুদ্ধে পাক সংসদে অনাস্থা প্রস্তাব অনাস্থা পেশ করল বিরোধীরা। সোমবার পার্লামেন্টের অধিবেশন শুরুর পর পাকিস্তান মুসলিম লীগ-নওয়াজ (পিএমএল-এন) নেতা শাহবাজ শরিফ প্রস্তাবটি পেশ করেন। ইতিমধ্যে নয়া পাক প্রধানমন্ত্রীর নামও ভেসে উঠছে। সব মিলিয়ে ক্ষমতা হারানোর পথেই ইমরান।

এদিন শাহবাজ শরিফ প্রস্তাবটি পেশ করার পর এর পক্ষে থাকা এমপিদের দাঁড়াতে বলেন জাতীয় পরিষদের ডেপুটি স্পিকার কাসিম সুরি। ১৫৫ জনেরও বেশি আইনপ্রণেতা প্রধানমন্ত্রীর বিরুদ্ধে প্রস্তাবটি উত্থাপনের পক্ষে ছিলেন। সদস্যদের সংখ্যা গণনা শেষে অনাস্থা প্রস্তাবটি আলোচনার জন্য অনুমোদন দেওয়া হয়। প্রস্তাবটি উত্থাপনের পরে আগামী ৩১ মার্চ বিকেল ৪টা পর্যন্ত অধিবেশন স্থগিতের ঘোষণা দেন ডেপুটি স্পিকার।

এর আগে রবিবার বিকেলে ইসলামাবাদের প্যারেড ময়দানে গণ সমাবেশের ডাক দিয়েছিল পিটিআই। সেখানে লক্ষধিক মানুষের সামনে ইমরান অভিযোগ করেন, বাইরে থেকে পাকিস্তানের বিদেশ নীতিকে প্রভাবিত করার চেষ্টা চলছে। ইমরান বলেন, "বেশ কয়েক মাস ধরেই এটা চলছে। কে এই লোকগুলোকে একজোট করছে, তা আমরা জানি, কিন্তু সময় বদলে হয়েছে। এটা জুলফিকার আলি ভুট্টোর আমল নয়।" পাক কূনীতিকদের বক্তব্য, এমন অভিযোগে কাজ হবে না। এবার গদি ছাড়তেই হবে ইমরানকে।

উল্লেখ্য, ৩৪২ আসনের পাক ন্যাশনাল অ্যাসেম্বলিতে সংখ্যাগরিষ্ঠতা প্রমাণের সংখ্যা হল ১৭২। ইমরানের নিজের দল পিটিআই-এর সদস্য ১৫৫ জন। ইমরানের পক্ষে সংখ্যাগরিষ্ঠতা প্রমাণ সম্ভব নয় বলেই মনে করা হচ্ছে। এদিকে আজ অনাস্থা প্রস্তাব পেশের পরেই ৩০ মার্চ পর্যন্ত স্থগিত হয়েছে পাক সংসদের অধিবেশন। জানা গিয়েছে ৩১ মার্চ হবে অনাস্থা নিয়ে আলোচনা।

প্রসঙ্গত, ইমরানের বিরুদ্ধে গদি হারানোর জল্পনার মধ্যেই সম্প্রতি খোঁজ মিলছে না তেহরিক-ই-ইনসাফের বেশ কিছু নেতা-মন্ত্রীর। কম পক্ষে ৫০ জন মন্ত্রীর দেখা মিলছিল না বলে জানা গিয়েছিল।এই ঘটনায় ইমরান খানের দিকেই অভিযোগের আঙুল উঠেছিল।


রাজধানী আগরতলা শহরের ফায়ার সার্ভিস চৌমুহনীতে এক যুবককে চুরির অভিযোগে আটক করেছে পুলিশ। ছবি নিজস্ব।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।